
অধিকার-তত্ত্ব।

অর্থাৎ

ভারতবাদিগণের মধ্যে যাহার যেমন অধিকার, যেমন ধারণা, যেমন পদ্ধা, তাহাকে তদনুযায়ী ধর্মের মধ্যদিয়া ধার্মিক করিবার উচিত্য-বিষয়ক প্রস্তাব।




প্ৰনীত ও প্ৰকাশিত।

"-And free thought may be freely proclaimed in an atmosphere of freedom and thus do I submit my book to the reader."-M. 1. JACOLLIT.

কলিকাতা।

জীযুক্ত বারু ঈশ্বরচন্দ্র বস্থু কোং বহুবাজারন্থ ২৪৯ সংখ্যক ভক্কন ইয়ানহোপ্যন্তে মুদ্রিত।

मन ১२१२ मोल।



এই "অধিকার-তত্ত্বের" সার সার কথাগুলি ১৭৯১ শকের ৭ই আবাঢ়, রবিবার, বর্জ্বমানস্থ ব্রাক্ষসমাজের বাটীতে বিরুত হইরাছিল। ইহাকে তদবস্থায় প্রকাশ করিবার নিমিত্তে আমাকে অনেক ভগবদ্ভক্ত বন্ধু অন্তরোধ করেন, কিন্তু অবসর অভাবে এত দিন তাহা করিতে পারি নাই। সম্প্রতি বর্ত্তমান সময়োচিত রূপে সেই মূল কথাগুলিকে সংশোধিত ও ব্যাখ্যা সহকারে বর্দ্ধিত করিয়া বিগত ২৫এ বৈশাখ, রবিবার, এই ছারভাঙ্গার বন্ধু-সমাজে পাঠ করা যায়। উপস্থিত সময়ের প্রয়োজন এবং অত্রত্য ঈশ্বরপরায়ণ মিত্রগণের অন্তরোধ পালনার্থে এখন তাহা জনসমাজে বাহির করিতেছি।

মিথিলা দারভাঙ্গা। ৫ই জ্যৈষ্ঠ ১৭৯৩ শক।

श्रीव्युत्मथत तम् ।



- ১। "যে ধর্ম ধর্মান্তর বিরোধী তাহ। কথনও ধর্ম নহে। পরস্পর অবিরোধী ধর্মই প্রকৃত ধর্ম ।" (মহাভারত।)
- ২। "নাম রূপেতে ব্রক্ষের আরোপ করিতে পারে, কিন্তু ব্রক্ষেতে নামরূপের আরোপ করিতে পারে না।" (রামনোহন রায়, বেদাস্কভাষ্য, ৪ অ, ১পা, ৬ স্থ।)
- ৩। "ব্রাক্ষের সহিত কোন উপাসকের বিরোধ নাই। ব্রাক্ষ কোন উপাসককে দ্বেষ করেন না।" (রামমোহন রায়, অবতরণিকা।)
- ৪। "এই পরমেশ্বরকে কেহ অগ্নি, কেহ মন্থ-প্রজাপতি, কেহ ইন্দ্রা, কেহ প্রাণ, কেহ 'ব্রহ্মশাশ্বতং' ভাবিয়া পূজা করেন।" (মন্তু, ১২ অ, ১২৩ শ্লো।)
- ৫। "যে বাক্তি যে কোন বস্তুকে যে প্রকারে উপাসনা করে, সে ব্যক্তি অবশ্যই তাহার অনুরূপ ফল প্রাপ্ত হয়, আর পূজ্যবস্তুর স্বরূপ ও পূজান্ত্র্ঠানের তারতম্য অনুসারে ফলের উৎকর্ষ ও অপকর্ষ হইয়া থাকে।" (পঞ্চদশি, চিত্রদীপ, ৬ পরিঃ।)
- ৬। "কিন্ত মুক্তিকল প্রাপ্ত হইবার নিমিতে ব্রহ্মজ্ঞান ব্যতীত আর উপায়ান্তর নাই, যেমন স্বীয় স্বপাবস্থা নিবারণ জন্য স্বকীয় জাগরণ ব্যতীত অন্য উপায় নাই।" (পঞ্চদশি, চিত্রদীপ, ৬ পরিঃ।)
- ৭। "বে ব্যক্তি ব্রক্ষজানে অসমর্থ, তিনি এই সংসারে জাগ্ন হোত্রাদি কর্দ্দের অনুষ্ঠান করত শত বংসর বাঁচিতে ইচ্ছা করিবেন। এই প্রকার যে তুনি, তোমার ঐরূপ ধর্ম্মের অনুষ্ঠান বাতীত উপা-রান্তর নাই। যাহাতে অশুভ কর্মা তোমাতে শিশু না হয়।" (ঈশোপনিষৎ ২।)

- ৮। "কিন্তু পরব্রহ্ম-জ্ঞান হইলে, কোন নিয়মের প্রয়োজন থাকে না, যেমন মলয়ের বাতাস পাইলে তালের পাখা কোন কার্য্যে আইসে না।" (মহা-নির্মাণ।)
- ৯। " অতএব বেদ পুরাণ তন্ত্রাদিতে যত যত রূপের কল্পন। এবং উপাসনা-বিধি ছুর্ব্মলাধিকারীর নিমিত্তে কহিয়াছেন, তাহার মীমাংসা পরে এইরূপ শত শত মন্ত্র এবং বচনের দ্বারা আপনিই করিয়াছেন।" (রামমোহন রায়, ঈশোপনিষদের ভূমিকা।)
- ১০। "হে জীবসকল! উত্থান কর, অজ্ঞান-নিদ্রা হইতে জাগ্রত হও এবং উৎকৃষ্ট আচার্য্যের নিকট যাইয়া জ্ঞান লাভ কর। পশুতেরা এই পথকে শানিতক্ষুরধারের ন্যায় ছুর্গম করিয়া বলিয়াছেন।" (ব্রাক্ষধর্মগ্রন্থা)

সূচী-পত্র।

						পৃষ্ঠা
উ ट्लिगा	•••	••>	. •••	•••	•••	>
প্রথম অধ্যায়	া, ব্ৰহ্মজ্ঞা	নর মূল	-অধিকার	•••	•••	29
দ্বিতীয়-অধ্যা	ায়, অধিক	ারী-নির	어어	•••	• •	२०
ভূতীয়-অধ্যা	য়, ছৰ্বালা	ধিকার	•••	•••	•••	₹8
ठेडूर्थ-अध ात्र,	সবলাধিব	দ ার	•••		•••	२७
পঞ্চম-অধ্যায়	, মানব স	ম াজের ব	বৰ্ত্তমানকাল	ীন ধর্মা	ধিকার	৩১
ষষ্ঠ-অধ্যায়, চু	হৰ্কল পিক	बेडी मिट्य	র উন্নতির	অধিকার	•••	৩৯
সপ্তম-অধ্যায়	, ভারতীয়	व इर्जन	াধিকারীদি	ণের বর্ত্ত	মান-	
কালীৰ	ৰ অইবধাচ	ার	•••			80
অফ্টম-অধ্যায়	া, ব্ৰহ্মবা	দির†ই হ	হৰ্মলাধিকা	রিগণকে	উপ-	•
तम रि	দ্বার অধি	কারী	•••	•••		84
নৰম-অধ্যায়,	ব্ৰহ্মজানী	ার ব্যবহা	র-ক্ষেত্র	•••	•••	৫२
দশন অধ্যায়	, ব্ৰাহ্মসমা	জ ও ব্রু	কজা ন	•••	• •	¢ እ
এক দশ- সধ	গায়, ধর্ম -	ন †য় ক				৬৬
দ্বাদশ-অধ্যায়	ন, আত্মীয়	ও স্বজার্	ীয়ু অধিকা	র	•••	98
এয়োদশ-অধ	্যায়, প রক	য় ও বিষ	জাতীয় বিষ	য়ে অধিক	ার	४ ७
চতুৰ্দ্দশ-অধ্যা	র, ভাতৃত	†ব	•••	•••	•••	b a
পঞ্চদশ-ভাধ্য	ায়, ই তর	ल कि मिर	গর নিমিত্তে	ধর্মোপর	দ ≈1-	•
এ ণ/ক	f		•••	•••	•••	26
পরিশিষ্ট		•••	•••		· · · ·	200
ব্যবস্থা					•	>>>

मर्गाधनी।

পত্ৰ	পুংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
a	₹8	খ ফী য়	श्र की व
8२	8	বারজন, ইমাম	বারজনইযাম
93	۵ .	পরং	বরং

অধিকার-তত্ত্ব।

উদ্দেশ্য ।

वर्डमान मगरम धर्म लहेता ठ्युर्किराहे आस्मानन হইতেছে। একদিগে বিজাতীয় আহার ব্যবহার দেশ মধ্যে অগত্যা প্রচলিত হইতেছে, অন্যদিগে, কতিপয় ত্রাক্ষ উপকার ভ্রমে মহা অপকারক বৈদেশিক ভাব সমূহকে ধর্মের নামে প্রচার করিতেছেন। এদিগে মহা মহা ঝড, অতির্ফি, অনার্ফি, মারীভয়, ছুর্ভিক্ষ প্রভৃতি নরকুল-সংহারকারী ভীষণ ছুর্ব্বিপাক সকল দেখা দিয়া স্বর্ণভূমি পুণ্যভূমি ভারতবর্ষকে উচ্ছিন্ন দিতেছে; এই প্রকার নানা তুর্ঘটনার মধ্যে পতিত হইয়া ভারতবাসিগণ এখন ভারতবর্ষের সকল স্থাথের মূলাথার সনাতন হিন্দুধর্ম্মের দিগে অঞাপূর্ণ নয়নে পুনদৃষ্টি করিতেছেন। ভারতবর্ষের উদার-ভাব-পরিপূর্ণ, শান্তিপ্রদ হিন্দুধর্মের প্রতি এখন নাস্তিকদিগেরও দৃষ্টি পড়িয়াছে। যাঁহারা এতদিন বিজা-তীয় রীতিনীতির পক্ষপাতী ছিলেন, তাঁহারা এত বিলম্বে গাত্রোত্থান করিতেছেন। দেশীয় ভাব রক্ষা করা ও হিন্দু-ধর্মকে পুনর্জীবিত করার প্রস্তাব চতুর্দ্দিগেই ভানা যাইতেছে !

এই সমস্ত গোলযোগের মধ্যে অনেক সাঁধু পুৰুষ কিং-কর্ত্তব্য-বিমূঢ় হইরা নির্জ্জনে দিনযাপন করিতেছেন। প্রকৃত্ত ধর্ম মানবের হানয়াস্তঃপুরে কুলবধূর বেশে অবস্থিতি করি-তেছে। আদি ও ভারতবর্ষীয় আক্ষসমাজ পরস্পার সমাজ-সংক্ষার লইরা বিবাদ করিতেছেন। কতিপায় আক্ষহিন্দুদিগের অযশভাজন হইরা উঠিয়াছেন, আদিসমাজও স্বজাতীয় লক্ষ লক্ষ লোকের তুর্বলাধিকারকে বিস্মৃত হইয়া রহিয়াছেন।

যাঁহারা রপনামনির্দেশবিবজ্জিত, জ্ঞানস্বরূপ প্রমেশ্বরেকে বুঝিতে অপারক, তাঁহাদের প্রতিমা পূজা করা পাপ নহে; স্করাং তাহাতে সাহায্য করাও পাপ নহে; বর্জমান কালোচিতরূপে যতদূর সম্ভবে আমাদের স্ক্রাতীয় ভাষা, জ্ঞান, ধর্ম, রীতি, নীতি রক্ষা করাও উচিত ভিন্ন অনু-চিত নহে; ত্রন্মজ্ঞান ও ত্রন্মোপাসনাই ভারতীয় ধর্মের উচ্চ-আদর্শ এবং স্ব স্ব অভিকচি ও ধারণা অনুসারে কনিষ্ঠ-ধর্মের মধ্য দিয়া অথবা অন্য প্রকারে চিত্তদ্ধি দ্বারা সরলভাবে তাহাতে আরোহণ করা সকলেরই কর্ত্ব্য; ত্রন্মবাদীরাই কনিষ্ঠোপাসকদিগকে ধর্মশিক্ষা দিবার বিশেষ অধিকারী; এই সকল শুভ সংবাদ ত্রান্মসমাজে, দেবমন্দিরে, চতুস্গাচীতে, প্রামে, ও নগরে প্রচার করা এবং তির্বিয়ে ত্রন্মজ, নীতিজ্ঞ, শাক্রজ্ঞ, ত্রান্ম ও বিদ্বান্দিরার নিকটে সংপ্রামর্শ লওয়া এই প্রস্তাবের উদ্দেশ্য।

এই প্রস্তাব ত্রাহ্মসমাজ বা হিন্দুসমাজকে ধ্বংস করি-বার নিমিতে উপস্থিত হইতেছে না। ত্রাহ্মসমাজ আমাদের মস্তক, হিন্দুসমীজ আমাদের মূল। মূল হইতে মস্তক যাহাতে ছিন্ন না হয় অর্থাৎ উভয় সমাজ যাহাতে পরস্পার স্বাভাবিক স্থাময় বন্ধনে একীভূত হয় তাহাই এই প্রস্তাবের উদ্দেশ্য।

ব্রাক্ষধর্ম ও হিন্দুধর্ম ছাড়া নহে, হিন্দুধর্ম ও ব্রাক্ষধর্ম ছাড়া নহে। ব্রাক্ষধর্ম যে প্রকার স্বাভাবিক ভাবে হিন্দু-ধর্মের মধ্যদিরা জগতে প্রকাশ পাইয়াছে, অন্য কোন দেশের ধর্মের মধ্যদিরা তেমন প্রকাশ পায় নাই। স্থতরাং হিন্দু-ধর্মেই ব্রাক্ষধর্মের মহা আয়তন ক্ষেত্র। ব্রাক্ষধর্ম পূর্ণ অবয়বে হিন্দুধর্মের মধ্যে থাকায় জগতের মধ্যে যেমন হিন্দুধর্মের শোভা ও ক্ষমতা প্রকাশ পাইয়াছে, এমত আয় কোন ধর্মে দেখা যায় না।

ছু:খের বিষয় এই যে, হিন্দুধর্ম যে কি চমৎকার ধর্ম তাহা অনেক হিন্দুতেও বুঝিতে পারেন নাই, আর ত্রাক্মধর্ম যে কি স্বর্গীয় ধর্ম তাহা অনেক ত্রাক্ষেও জানেন না।

রাজা রামমোহন রায় যখন প্রথমতঃ ত্রেলাপাসনা প্রচার করেন, তথন তিনিও উপনিষংকে অবলম্বন করিয়াছিলেন, এবং অপরাপর শাস্ত্রকেও সভ্য বলিয়া গ্রহণ করিতে কুঠিত হন নাই। হিন্দুধর্ম্মের ব্যাখ্যা রামমোহন রায় যেমন করিয়া গিয়াছেন তেমন আর হইবে না।

মানব প্রাথমিক অবস্থাতে ইন্দ্র, অগ্নি, স্থ্যাদি ভৌত্তিক দেবগণের পূজা করিয়াছেন। পশ্চাৎ ঐ সকল দেবগণের প্রতিমা ও ঈশ্বরের ভিন্ন ভিন্ন শক্তির রূপ কম্পনা করিয়া পূজা করিতে করিতে অপেকাক্ত উচ্চ সোপানে আরোহণ করিয়াছেন। তাহাতে জগতের ধর্ম কালে কালে নানা আকার ধারণ করিয়াছে। অবস্থা ও জ্ঞান ভেদে যখন মানবের যেমন অধিকার হইয়াছে, তখনি ধর্মের তদনুষায়ী
প্রাণালী স্থাপিত হইয়া পড়িয়াছে! ছগ্ধপোষ্য সন্তানের
পক্ষে অবের ব্যবস্থা যেমন অনুচিত, অয়জীবি ব্যক্তির পক্ষে
কেবল ছগ্মপানের ব্যবস্থা তেমনি পীড়াদায়ক! ছর্মলাধিকারীর প্রতি ভ্রন্ধোপাসনার ব্যবস্থা তেমনি অমসলকর এবং
উচ্চাধিকারীর প্রতি প্রতিমা-পূজার ব্যবস্থা তেমনি অস্থাভাবিক! যাহা স্থাভাবিক তাহা জগতের তিন্ন তিন্ন কালে,
তিন্ন ভিন্ন অবস্থানুসারে আপনা আপনি প্রকাশ পাইয়া
থাকে ধর্মের প্রকৃতিই এই।

জগতের আদিকালে মানবজাতির বা ব্যক্তিবিশেষের যে যে অবস্থায় যেরূপ ধর্ম প্রকাশ পাইয়াছে, ভাবীকালের বা বর্ত্তমানকালের মানবসমাজে বা ব্যক্তিবিশেষ সম্বন্ধে যদি সেই সেই অবস্থা দেখা দেয় তবে সেইরূপ ধর্মই স্বভাবতঃ প্রকাশ পাইবেক। ঈশ্বের নিয়মই এই প্রকার।

অতএব ভোতিক দেবগণের আরাধনা ও প্রতিমা পূজা যেমন ঈশ্বর-প্রেরিত ধর্ম, নিরাকার-ত্রন্ধারাধনাও তেমতি ঈশ্বর-প্রেরিত ধর্ম। ত্রন্ধারাধনার অবস্থা ইহকালে যে সকলের ঘটিবে এমত আশা করাও যায় না। অনস্ত্রকাল ফাবৎ মানব কফেস্ফে সেই অবস্থার দিগে উঠিতে থাকিবে। এ মহা পুণ্য-পথের মধ্যে মহা মহা নরক-বন্ত্রণা ভোগাস্তে মানব অবশেষে গিয়া ঐ অবস্থায় উত্তীর্ণ হইবেক।

অনেকে ভাবিয়া অবাক্ হইবেন যে, ত্রন্দোপাসনাও ঈশ্বর-

প্রেরিড, প্রতিমা পূজাও ঈশ্বর-প্রেরিড, এ কি মডে সম্ভবে?
কিন্তু চিন্তা করিয়া দেখ, সকল ধর্মাই ঈশ্বর প্রেরিড। যিনি
দম্ভবিহীনশিশুকে ত্র্ম্ম দিয়া দম্ভ-যুক্ত মানবকে অন্ন দেন,
তিনি যে মানবকে কিভাবে মানুষ করিয়া তুলিভেছেন, ভাহা
কি তর্ক করিয়া কাছারে। বুঝিবার সাধ্য আছে?

যত প্রকার সাধনপ্রণালী দেখিতেছি, প্রবৃত্তি ও অধিকার ভেদে সকলই স্বাভাবিক। তাদৃশ প্রত্যেক প্রণালীতে তন্মতাবলম্বিগণের অশেষ মঙ্গল হইয়াছে। বর্ত্তমানকালে ছোট বড় সকল লোকের ধারণা সমান নহে। বিদ্যা-শিক্ষাতেও সমান হইবে না। কোন শাস্ত্রকে অভ্যান্ত বলিয়া সকলকে তাহার শাসনে আনিলেও সমান হইবে না। ছোট বড় তাবৎ লোকের মধ্যে ঈশ্বর, ধর্ম ও ক্রিয়া বিষয়ে শত শত বিভিন্নতা থাকিবেই। বেদকে অভ্যান্ত জানিয়াও ভারতে মতভেদ নিবারিত হয় নাই। এক বাইবেলের অধীনেও খৃফানেরা শতধা হইয়াছেন। এরপ বিভিন্নতা চিরকাল ছিল ও থাকিবেক।

অধিকার-ভেদে শ্রেণী-বিভিন্নতা যথন স্বাভাবিক, তথন পরস্পার দ্বেষ করাই অবিবেকতা। ভারতে যত উপাসক-সম্প্রদায় তত অন্য কোন দেশে নাই, আবার ভারতের যত ভাহাতে সহ্য আছে তত কোন দেশে নাই। মুসলমানের জিহাদ্ ও খ্টানের ক্রুসেড ধর্ম্মের অস , কিন্তু হিন্দুদিগের ক্রমাই পারম ধর্মা। তাঁহারা জড়োপাসনা অবধি ত্রেম্বাণা-সনা পর্যান্তকে ঈশ্বরদত্ত মানবধর্ম বলিয়া সমাদর করেন এবং শাখান্তরীয় ধর্মকে হতাদর করেন্ না। শ্রুটীয় ও মুসলমান ধর্ম অতি সঙ্কীর্ন; তাহাতে নানা অধিকারী একত্রে স্থান পাইতে পারে না। বাইবেল ও কোরাণ অতি
হর্মলাধিকারী বা উন্নত-ত্রেজজানীর উপযুক্ত নহে; কিন্তু
হিন্দুশাল্রে সর্ম-প্রকার অধিকারীর উপযুক্ত উপাসনা
প্রণালী বর্তুমান। লেচ্ছ্-মণ্ডলে ত্রেজজানী হইলে ইসা,
মুসা, মহম্মদকে ছাড়া যায় না। এদেশে ত্রেজজানী হইলে
দেবগণকে শাল্রানুসারেই ছাড়িতে হয়।

অতএব ভিন্ন ভিন্ন সম্প্রদায় ও বিভিন্ন অধিকারের লোককে একত্রে বা স্বতন্ত্র স্বতন্ত্ররূপে একায়ভনে ছারাদান করিতে পারে, এমত ধর্ম ধরণীতে যদি থাকে তাহা হিন্দু-ধর্ম—যাহা স্বাভাবিক প্রভাব-শালী পদার্থের আরাধনা করিতে করিতে অস্তে ত্রহ্ম-পূজায় আরোহণ করিয়াছিল।

এমত লক্ষণাক্রান্ত হিন্দুধর্ম থাকিতে ভারতে কিছুতেই অন্যধর্ম প্রচারিত হইতে পারিবে না।—হিন্দুধর্ম একখানি শাস্ত্রও নহে, একটি বিশেষ মতও নহে। ঈশ্বর মানবকে যখন যে যে অবস্থার লইয়া গিয়াছেন—সেই ভিন্ন ভিন্ন অবস্থার মানব যে যে প্রকার ধর্ম গ্রহণে অধিকারী ছিলেন, হিন্দু- শাস্ত্র সকল তাহারই পুরারত্ত স্বরূপ। অধিকার-ভেদে ভাহার অনুসরণ করার নামই হিন্দুধর্ম।

পদেশে ইন্দ্রাদি ভৌতিক দেবগণের পূজা হইয়াছে, বেদ ভাহার পরিচয় দিভেছে; অন্ধারাধনা হইয়াছে, উপনিষৎ ভাহার প্রমাণ দিভেছে; পুত্রনিকার পূজা হইভেছে, পুরাণ ভক্ত ভাহার শাস্ত্র রহিয়াছে। এই সকল শাস্তই একে একে ভূভার-হরণের নিমিত্তে ভারতে প্রকাশ পাইয়াছিল। সেই সমুদর শাঁক্তৈ ত্র্বলাধিকারীর উপযুক্ত ব্যবস্থাও আছে,
সবলাধিকারীর উপযুক্ত ব্যবস্থাও আছে। বেদ-পাঠে,
ত্রেন্মস্ত্র উচ্চারণে সকলের অধিকার ছিল না; তন্ত্রশান্তে
চণ্ডালের পর্যাস্ত অধিকার হইল। অসংখ্যাসংখ্য তন্ত্র দেশমধ্যে প্রচারিত হইরা ইতরলোককে ধার্মিক করিল,
ধার্মিককে ত্রন্মজ্ঞানী করিয়া তুলিল।

বর্ত্তমানকালে মানবের যত ভিন্ন ভিন্ন অবস্থা থাকুক, সকলেই আপন আপন অধিকার মত কনিটোপাসনার বা একারাধনার ব্যবস্থা ঐ সকল শাস্ত্রেভেই পাইবেন। কনষ্ট্যান্টাইন নরপতি যেমন বাইবেলের কনিষ্ঠাংশ সকল নিক্ষেপ করিয়া ভাল অংশগুলি একত্র করিয়া গিয়াছেন; হিন্দুরা তদ্রেপ শাস্ত্র হইতে কোন কনিষ্ঠ-ভাগকে বর্জন করেন নাই। সেই সকল থাকাতেই এদেশের শাস্তের বিশেষ গোরব হইয়াছে। একাজানীরা পোভলিকশাস্ত্র সমূহকে নই করিতে পারিতেন, পোভলিকেরাও উপনিষৎ গুলিকে ভন্ম করিতে পারিতেন; কিন্তু ভিন্ন ভিন্ন ব্যক্তিতে ভিন্ন ভিন্ন অধিকার যে বভাবতঃ জন্মে ও উন্নত হয় ভাহাকে কে নই করিতে পারিতে? বন্ততঃ কি আশ্চর্য্য, একাজানীরা জড়পূজাপ্রতিপাদক বেদ রক্ষা করিয়াছেন এবং পোভলিকেরা উপনিষৎ রক্ষা করিয়াছেন।

বাদাধর্ম বিদ্যালকে অধিকাংশতঃ অবলম্বন করে এজন্য উহার অধিক উপকরণ উপনিষদে পাওয়া যায়। তন্তিম সকল শাস্ত্রেই উহা বিরাজমান। ভারতবর্ষে, অন্যথর্ম যথনি একটা বাড়াবাড়ি করিয়াছে, ব্রদ্যক্তন্ত্র তথনি ভাহাকে

पगन कतिशो पिशाष्ट्र । जन्नाखान नकन धर्पात उपित तोख-পদে অভিষিক্ত; অন্য অন্য ধর্ম যথন পরস্পার বিরোধ করে, বেশজ্ঞান ন্যায়দণ্ড দ্বারা তখনি তাহার মীমাংসা করিয়া (मয়। এদেশে यथन খৃষ্টান-ধর্ম আদিয়া ভারতীয় কনিষ্ঠ-ধর্মকে পরাজয় করিবার উপক্রম করিল, তখন ছিন্দু-দিগের বেদ-শিরোভাগ উপনিষৎ ভেদ করিয়া ত্রন্মজ্ঞান উদয় হইয়া পড়িল। যদি তাহা না হইত, তবে বর্ত্তমান ভ্রাহ্মধর্মের নাম গন্ধও শুনা যাইত না, এবং এই কালের প্রথর যুক্তিপ্রিয় সবলাধিকারীদিগের উপায়ান্তর থাকিত না—স্নতরাং তাঁহারা অনেকে এত দিনে খৃষ্টানধর্ম অব-লম্বন করিভেন। ঐরপা অবস্থায় ভারতীয় ত্রন্মজ্ঞানই ভারতবর্ষকে রক্ষা করিল। বলবান খ্টান সম্প্রদায়ের প্রতিকূলে তিষ্ঠিয়া থাকিবার নিমিতে ত্রান্সমাজ-রূপ ছুর্গ নির্দািত হইল, এবং হিন্দুসমাজের তাবতীয় বল ভরসা ঐ তুর্গেতে রক্ষিত হইল।

কিন্তু হায়! সেই ত্রাহ্মসমাজই এইক্ষণ বিজাতীয় ভাব ধরিয়াছেন। কোথায় ত্রাহ্মসমাজ হিন্দুসমাজকে স্বজাতির মধ্যদিয়া উন্নত করিবেন, কোথায় তাঁহারা লোককে ক্রমে অনির্দেশ্য ত্রহ্মপূজার অধিকারী করিবেন, কোথায় তাঁহারা পৃথিবীর তাবৎ ধর্ম-তত্ত্বের প্রধান উপনিবৎ ও বেদান্তের সার তাৎপর্য্যানুসারে হিন্দুসমাজ ও হিন্দুধর্মকে সংশোধন করিবেন, না তাঁহারা খৃষ্টান ধর্মে মোহিত হইয়া আবহ্মান কালের হিন্দুধর্মকে বিনাশ করিতে বিয়াছেন।

এইক্ষণ পুনঁরায় হিন্দুশান্ত্রোক্ত ত্রদজ্ঞানের অভ্যুদয়
ব্যতীত এদেশের শ্রেয়ঃ নাই। অতএব সেই ত্রদজ্ঞান আর
বর্ত্তমান কালের জনসমাজের সাধারণ ভাবগতিক অবলমন
করিয়া, হিন্দুসমাজ আর ত্রাক্ষসমাজের বিদ্বেষ-ভাব
বিদ্রিত করিবার উদ্দেশে সাধারণের সম্মুখে এই প্রস্তাব
উপস্থিত করা যাইতেছে।—

এইকালে যাঁহারা ত্রাক্ষধর্মের অধিকারী হইয়াছেন তাঁহারা কখনই পৌত্তলিক মতে তিন্ঠিতে পারিবেন না। আর যাঁহারা তুর্বলাধিকারী তাঁহারাও ত্রকোপাদনায় পারক হইবেন না। কিন্তু হিন্দুশান্ত্রের অভিপ্রায়নুসারে উক্ত তুই শ্রেণীই হিন্দু থাকুন। যখন বেদের সময় গত হইয়া বেদান্তের কাল আসিয়াছিল তখন ত্রক্ষজ্ঞানী ঋষিগণ যাগ যজ্ঞ করিতেন না, তথাপি তাঁহারা হিন্দু ছিলেন। তাঁহারা ত্রক্ষজ্ঞানী হইয়াও তুর্বলাধিকারীদিগের নিমিত্তে যজ্ঞাদির ব্যবস্থা দিতেন, তাহাতে তাঁহারা পাপবোধ করিতেন না। সেইরূপ ত্রাক্ষ ও পোত্তলিক এই উভয় সম্প্রদায় এইক্ষণ কেন না সমভাবে হিন্দু থাকিবেন, আর কেন না ত্রাক্ষাণ পোত্তলিকদিগকে স্ব অধিকার মত দোল তুর্গোৎসব করিবার ব্যবস্থা দিবেন?

ত্রান্দের। যদি খৃষ্টানি ছাড়িয়া হিন্দুশান্ত্রানুসারে ত্রন্ধেংপাসনা করেন ভাহাতে দেবপূজকেরা কখনই তাঁহারদের
প্রতিদ্বেষ করিবেন না। কেননা ভাহারা জানেন যে হিন্দুধর্মের মধ্যে ত্রলজ্ঞানই সার।

रामन उपनियानत अधिता रामरक अञ्चास नाम नाम

এবং যাগ যজ্ঞ করেন নাই, ত্রাহ্মগণও সেইরপ হিন্দুশাস্ত্রকে অল্রান্ত বলিবেন না, পুতলিকার পূজাও করিবেন না। পৌতলিক যদি শাস্ত্রের মর্মাত বিশেষ শ্রদ্ধার সহিত পূজা অর্চ্চা করেন, তবে অবশ্যই ত্রহ্মজ্ঞানের অধিকারী হইবেন। আবার ত্রাহ্মেরা যদি ত্রহ্মজ্ঞান-উপার্জ্জনে যত্ন না করিয়া বাছ কর্মে উম্মত্ত হন তবে তাঁহারাও পোতলিকতায় নামিয়া যাইবেন।

এইরপ বিভিন্নতা ও পরিবর্ত্তন ঘটিবেই। যখন ধর্ম্মের প্রকৃতিই এই, তখন জাতি পরিত্যাগ, শাস্ত্র পরিত্যাগ, দেশীয়ভাব পরিত্যাগ করিয়া আপনাকে উন্নত দেখার ফল কি?

যদি বর্ত্তমান ত্রাহ্মগণ পৌতলিকগণের সহ এইরপ সামধ্রুস্থ্য-ভাবে অধিকারী বিশেষে জ্ঞান ধর্ম্মের উপদেশ না
করেন, তবে ভাঁহারদের দ্বারা এদেশের মঙ্গল সম্ভাবনা
নাই। এবং পৌতলিকগণও যদি ত্রহ্মজ্ঞানের প্রতি মর্য্যাদাবিহীন হয়েন তবে হিন্দু ধর্মের মুখ্য উদ্দেশ্য যে ক্রমে
ভ্রহ্ম-উপাসনায় আরোহণ করা ভাহা ভ্রম্ট হইবে।

ইহা নিশ্চয় যে বিজাতীয় ভাব ও যিস্থৃটের আদর্শতা
এদেশে কখনও স্থান প্রাপ্ত হইবেক না। অতএব শাস্তভাবে,
বিনা মত-প্রিয়তা, বিনা সাম্প্রদায়িক ভাবে, বিনা দ্বেষ ও
বিনা আড়ম্বরে, অথচ যাহার যেমন অধিকার তাহাকে
ভাহারই মধ্যদিয়া অক্ষজ্ঞানে আকর্ষণ করত যে ত্রাক্ষসমাজ কার্য্য করিয়া যাইবেন, ভাবদীয় হিন্দু সমাজ
ভাহারই পশ্চাৎ পশ্চাৎ চলিবেন। যথার্থ অক্ষজ্ঞান প্রচার

হইলে হিন্দুশান্তেরই মর্য্যাদারক্ষা হইবেক এবং হিন্দুদিগের বর্তুমান অবস্থা উৎকৃষ্ট হইয়া উঠিবে !

হিন্দুহিতিষী মহাত্মা-গণ যেন হিন্দুধর্মকে কেবল পুতলিকার আরাধনায় আবদ্ধ না রাখেন। সে প্রকার বদ্ধভাব
হিন্দুধর্মে কোন কালে ছিল না। হিন্দুধর্ম আভাবিক ধর্ম।
তাহার নিম্নে পুত্তলিকা পূজা উর্দ্ধে ত্রন্ধারাধনা। হিন্দুশাস্তের চুড়ান্ত-কথা এই যে ত্রন্ধজ্ঞান বিনা মুক্তি হয় না।
ধর্মের এ সকল তাৎপর্যাই সত্যা, সকলই আভাবিক। উহার
কোন এক অঙ্গকে ত্যাগ কর, দেখিবে তদ্ধারা কোন না কোন
প্রকার অধিকারীকে বঞ্চিত করা হইবেক।

অতএব যাহাতে ত্রন্মজান উপার্জ্জন পূর্বক উচ্চাধি-কারীগণ ত্রন্মকে লাভ করিতে পারেন এবং যাহাতে ত্র্বলা-ধিকারীগণ স্ব অভিক্রচি ও ধারণানুসারে পূজা অর্চা করিয়া ভবিষ্যতে ত্রন্মপূজা করিতে সমর্থ হন, যে সকল মহাত্মা এখন—এই ধর্মবিপ্লব সময়ে তাহার উদ্যোগ ও যত্ন করিবেন তাঁহারাই ভারতের প্রকৃত সন্তান।

আমারদের এই অভিপ্রায় পাঠ করিয়া ত্রাহ্মগণ যেন উল্টা না বুঝেন। আমরা ত্রাহ্মদিগকে পৌতলিক হইতে বলিতেছিনা। বরং যাহাতে তাঁহারা সর্বতোভাবে অপো-ভলিক থাকেন আমারদের তাহাই ইচ্ছা। আমরাজানি যে ত্রাহ্মেরা অনেকে হিন্দুদিগের বাহ্য পৌতলিকভার সহিত কোন সংশ্রাব রাখেন না। কিন্তু তাঁহারদের অন্তরে বেশ পৌতলিক ভাব বিরাজ করিতেছে। অনেক ত্রাহ্ম ত্রহ্মকেই আকাশ বা জ্যোতিরূপে পূজা করেন, তাহা অবশ্য পৌত-

লিকতা, তাহা নিবারণ করা অঞাের কার্য্য। উন্নত ত্রান্দেরা অনেকে খৃষ্টের পূজা ও তাঁহার কম্পিত সদ্গুণ ভাবনার সঙ্গে সঙ্গে মনে মনে অবশ্য তাঁহার এক কম্পিত প্রতিমূর্তিরও পূজা করেন, হয়ত বাহিরেও তাঁহার চিত্রিত প্রতিমূর্ত্তি দেখিলে স্পষ্টতঃ বামনে মনে সেই মূর্ত্তির চরণে মস্তকাবনত করিয়া থাকেন এবং কেহ কেহ ভাঁহার নিকটে প্রার্থনাও করিয়াছেন। এসকল অবশ্যই পোত্তলিকতা। স্তদ্ধ পোত্তলিকতা নহে কিন্তু বিজাতীয় পোত্তলিকতা। কারণ কোথাকার খৃষ্ট, কি বৃত্তান্ত, মধ্যহইতে তাঁহার পূজা করা অবশ্য বিজাতীয় অনীকতা। তবে কেবল হিন্দুই কি এত দোষ করিল? আমরা এখন এই বলিভেছি যে ত্রান্সেরা নিজে এই সকল পৌত্তলিকতা ত্যাগ কৰুন, কিন্তু ছর্ববলাধিকারীদিগের নিমিতে তাঁহারা মনযোগের সহিত স্বদেশীয় পোত্তলিক ধর্মের যোগে ধর্মোপদেশ বিস্তার করুন, তাহাতে পাপ इहेरिक ना !

উন্নত বান্দের। তো প্রকারান্তরে পোতলিকতার পোষ-কতা করিতেছেনই। তাঁহারা আপনারা খোল করতাল লইয়া সঙ্কীর্ত্তন করিতেছেন—তাহাতে কেবল ভক্তিই প্রচা-রিত হইতেছে—অনির্দ্দেশ্য ব্রহ্মজ্ঞান নহে। তাহাতে বৈফবেরা অধিক করিয়া ভক্ত হইতেছেন। কাহার ভক্ত ? তাঁহারা আর কাহার ভক্ত হইতে পারেন? যে প্রিক্ষ তাঁহার-দিগের নয়ন পথে নৃত্য করিতেছেন অধিক পরিমাণে তাঁহারই ভক্ত হইতেছেন। বান্দেরা সঙ্কীর্তনে গোরাঙ্কের ভাবে সময়ে সময়ে মোহিত হইতেছেন, তাহাতে বৈক্ষবের

কৃষ্ণপ্রেম উথলিয়া উচিতেছে। এখন আমরা এই কথা বলিতেছি ত্রাক্ষদিগের ত্রন্ধারাধনায় এ সকল থাকা উচিত নহে। এ সকল মোহজনক ব্যাপার ব্রাহ্মসমাজে প্রবেশ করিতে দেওয়া উচিত নহে। তাহা হইলে আধ্যাত্মিক উৎসাহের পরিবর্ত্তে ত্রাহ্মধর্ম্মে পার্থিব-উল্লাস প্রবেশ করিবে এবং ত্রন্ধ-দর্শন জন্য আনন্দাশ্রুর পরিবর্ত্তে পার্থিব-মোহের অত্রুপাত হইবেক। এক দিগে ত্রন্ধোপাসনার মধ্যে এই সকল পেতিলিকতাকে যেমন প্রবেশ করিতে দেওয়া উচিত নহে, অন্য দিগে সেইরূপ ত্রন্ধোপাসনার অঙ্গ বলিয়া के मकल ভाব দেশমধ্যে প্রচার করাও কর্ত্রবানছে; কিন্তু प्रस्नाधिकातीगर्गत आजात मन्नार्थ. य नगरत कनिर्ध-ধর্ম্মের কোন প্রকার ভাব প্রচার করিতে হইবেক, তথন ভাহাকে পৌত্তলিকতা বলিয়াই প্রচার করা উচিত। অতএব উন্নত ভ্রামোরা নিজে নিল্লিপ্ত থাকিয়া, নিস্বার্থ হইয়া, এবং সাম্প্রদায়িক ভাব পরিত্যাগ করিয়া, তুর্কা-লাধিকারীগণকে ত্রন্ধ পূজার উপযুক্ত করিবার নিমিতে ठाँशातिमातक यथा अधिकात शतिनाम मक्कीर्लन कतिए. শ্রীমন্তাগবং ও মহাভারতের কথা শুনিতে, জপ তপ, ধ্যান, ধারণা, যোগ, প্রভৃতি সাধন করিতে, উৎসাহ দিউন এবং সাত্ত্বিক ভাবে পুত্তলিকার আরধনা করিতে উপদেশ প্রদান কৰন। তাহাতে আমারদের কোন আপত্তি নাই।

অতঃপর ত্রান্ধের। ইংরাজগণের আচার ব্যবহার অনু-করণ করেন তাহাও অনুচিত। অনুকরণ করা হীনতা ও অহস্কার মাত্র। ইংরাজগণ যত জ্ঞানী ও বিজ্ঞ হউন না কেন তাঁহারদিগের সহিত আমারদিগের বন্ধুত্ব স্নুদ্র-পরা-হত। ত্রান্ধেরা কি নিতান্ত আবশ্যক বলিয়া সাহেবদের আচার ব্যবহারের অনুকরণ করেন? এমন আবশ্যকতাই বা কি ? মনে লয়, তাঁহারা যে জাতির বন্ধন ধর্ম বলের সহ ছিন্ন করিয়াছেন তাহা দেখাইবার জন্য উহা করেন।

ত্রান্দেরা কেছ কেছ সাহেবগণকে লইয়া সভা করিয়া আপনারা সাহেব সাজিয়া বাইবেলের বচন অবলম্বন পূর্ব্বক যে ইংরাজীতে ত্রান্ধ-ধর্মের মত-ব্যাখ্যা করেন তাহার অভিপ্রায় কি ? তাহার চুড়ান্ত অভিপ্রায় এই হইতে পারে যে সাহেবেরা ক্রমে ত্রান্ধা হইবেন। তাহা যত হইবেন তাহা সকলেই আগন আপন মনেই বুঝিতেছেন। সাহে-বেরা সভ্যতা ও বিদ্যার আমোদে ঐ সববক্তৃতা শুনিতে যান, কিন্তু অনেকেই তাহার দোষভাগ গ্রহণ করত স্বজাতির মধ্যে গ্রন্থ বৃদ্ধির উপায় করিয়া লন। ভাল সেই ত্রান্ধেরা কেই আগ্রহে হিন্দুমগুলীতে গিয়া কেন হিন্দুশাল্রের বচন অবলম্বনপূর্ব্বক ত্রম্বজ্ঞানের ব্যাখ্যা না করেন?

সাধারণ-হিন্দু-সমাজে যথা যেমন অভিকৃতি, অধিকার ও প্রয়োজন তথা তেমন হিভোপদেশ ধর্মজ্ঞান ও ত্রন্ধ-জ্ঞান প্রচার করা ত্রান্ধাণের বিশেষ কর্ত্ত্য। কি ত্রুংখের বিষয়, জাতি পরিত্যাগ প্রভৃতি অলীক কার্য্যেরখা সময় নই হইয়া যাইতেছে কিন্তু আজ্ও পর্যান্ত লোকের উৎকোচ গ্রহণ ও ইন্দ্রিয়ানোষ নিবারণার্থে কোন ত্রান্ধা যত্ন করিলেন না। যেখানে বক্তুতা করিলে ঐ সর্কদ দোষ নিবারণের সম্ভব, সেখানে ত্রান্ধা প্রাহার না। প্রত্যেক জঁমীদারির প্রত্যেক আদালতের এবং অন্য প্রত্যেক কার্য্যালয়ের কর্মচারীদিগের মধ্যে হিতোপদেশ ও যথাযোগ্য ধর্ম বিরুত হওয়া কর্ত্র্য; ক্লমকের কুটীরে, রাজার প্রাসাদে, বিণকের বিপণীতে যথা যেমন প্রয়োজন তেমনি জ্ঞান ধর্ম প্রচারিত হওয়া আবশ্যক। যদি আন্মেরা আপনারা একটি দল বাঁধিয়া লোককে ইন্টান করার ন্যায় সেই দলে আনিবার স্থার্থে এরপ উপদেশ দেন ভাহা হইলে কেইই ভাঁহাদের কথা শুনিবেক না, বরং ঈশ্বরীয় হিতোপদেশকে বিষতুল্য জ্ঞান করিবেক। ত্রাহ্মগণ যেন কেবল এই অভিপ্রায়ে ধর্মপ্রচার করেন, যে লোকে স্বাধীন থাকিয়া ধার্মিক হইবেক, কিন্তু ত্রাহ্মদিগের দলে আসিবার নিমিত্তে নহে।

এখন ত্রাহ্মণ ও প্রতিমার উপাসকগণ উভয়ে এইটি মনে রাহ্মন যে জগতে মহোচ্চ সবলাধিকারী হইতে অতি নিম্মন্থ র্ম্বলাধিকারী পর্যান্ত ভিন্ন ভিন্ন ধারণাশক্তি—বিশিষ্ট লোক সকল চিরকালই থাকিবেক। ত্রহ্মজ্ঞানী, তুর্মল ত্রহ্মজ্ঞানী বিরাটজ্ঞানী, মানসপোত্রলিক, বাহ্মপোত্রলিক, প্রভৃতি শ্রেণীসকল পূর্ম্বেও ছিল, এখনও আছে, পরেও থাকিবে। কিন্তু ত্রেদ্মোপাসনায় সকলেরই মূল-অধিকার আছে, সেই মূল-অধিকার অবলম্বন করিয়াই জগতে নানা প্রকার পূজা অচ্চার এত ঘটা হইতেছে। প্ররূপ পূজা করিতে করিতেই হউক বা অন্যরূপে যথাযোগ্য চিত্তভদ্ধি দ্বারাই হউক সকলেরই প্রি মূলত্রহ্মজ্ঞানের অধিকার প্রশেস্ত ইইবেক এবং সেপ্রাশস্ত্য প্রত্যেকের স্ব স্ব আব্যা, স্বাধীন্তা, অভিক্চি ও

धात्रा-मेक्तित यथानिज्ञारे मः चिठ रहेतिक। जेश्वत शाली जाशी मकलरकरे मञ्चलहाता मान कतिर्वन, कारलंख मकरलरे र्थे साधीनजात मधा मिहा खात्वत नारम धना इहेरवन ; क्वल किङ्क्षीन निम्नाधिकातीता खावानः ज्ञान नाम निर्द्धाः आपक् থাকিবেন, দম্ভ না উঠার জন্য কিছুদিন তাঁহারা তরল মুগ্ধ পান করিবেন। তাহাতে উচ্চাধিকারীগণের দ্বেষ কি? वतः उँ। शतकारक अ नियंतीय नियमानूमारत मानूस कतिया ट्यांना बचारामीनिरात्रहे विरम्य कर्डवा। धर्माधिकात्तत अहे স্বাভাবিক-গতিকে জগদীশ্বর পোষণ করেন; হিন্দুধর্ম্মও ভাহাই পোষণ করে; অন্যান্য ধর্ম সেই ত্রন্ধ-আদেশের ভাদৃশ মর্য্যাদা রাখিতে পারে নাই। অতএব যাহারা এখন হিন্দু-শান্তের ভাৎপর্যানুসারে মানবাত্মার ঐ স্বাভাবিক গতিকে বিশেষ সাহায্য করিবেন তাঁহারা একদিগে যেমন " তালোর-নিয়ম-প্রতিপালকত্রাহ্ম," অন্যদিগে সেইরপ "স্নাভন-हिन्पूथर्म तक्कक हिन्पू" এই উভয় শব্দের বাচ্য হইবেন।

অবশেষে যাঁছারা না ত্রেলের না পুত্তলিকার উপাদক তাঁহারদিগকে বলিতেছি যে তাঁহারা ভ্রমীচারকে পরিত্যাগ করিয়া হয় ত্রেলের নয় কোন পরিমিত দেবের উপাদনা করুন। বাহিরে অপার্যমানে পুত্তলিকার পূজা করা বা ভাছার আমোদে উন্মন্ত হওয়া অলীকতা মাত্র। তাঁহার-দের যেমন অধিকার, যেমন ধারণা, মনের দঙ্গে দেইরূপ ধর্মাচরণ করুন, তাহার ব্যবস্থাও হিন্দুধর্মের মধ্যেই পাই-বেন। তাহা হইলে হিন্দুবা ত্রান্ম কেছই তাঁহারদিগকে অনাদর করিবেন না।

অধিকার-তত্ত্ব।

প্রথম-অধ্যায় !

वक्तळारनत मूल-व्यक्षिकात।

- ১। একজানে সকলেরই একটি সাধারণ মূল-অধিকার আছে। ঈশ্বরকে লাভ করিবার উপায় সকলেরই আত্মাতে রহিয়াছে। যাঁহার যেমন অধিকার, যেমন ক্ষমতা, যেমন ধারণা, তিনি ভগবানকে তেমনি করিয়া দর্শন করেন, তেমনি করিয়া ধ্যান করেন, তদনুযায়ী তাঁহার গুণানুবাদ করেন এবং সেই ভাবে তাঁহার পূজা করিয়া থাকেন। এই-রূপে মানবের আত্মা আদি কাল হইতে প্রতিপালিত হইয়া আদিতেছে, এইরূপেই চিরকাল প্রতিপালিত হইবেক, এবং এইরূপেই আবার পরলোকে অনস্ত কাল ধরিয়া প্রতিপালিত হইতে পালিত হইতে পাকিবেক।
- ২। পৃথিবীতে জগদীশ্বর মানবকে যে সকল উপকরণ দারা প্রতিপালন করিতেছেন, তাহার যে উপকরণ মনুষ্যের জীবন ধারণ জন্য যত বেশী ও সতত প্রয়োজনীয়, তিনি সেই উপকরণের প্রকৃতিকে তত স্থন্ম ও ভাহার ভাণ্ডারকে তত অধিক মুক্ত করিয়া রাখিয়াছেন।
- ৩। ক্ষিতি, অপ, তেজ, মকত, ব্যোম, এই পঞ্ছত মানবের প্রতিপালনে যত বেশী ও সত্তে আবশ্যক অন্য

দ্রব্য তত নহে। সেই জন্য আন্য দ্রব্য মূল্য মারা কিন্তু জল বায়ু আকাশাদি বিনা মূল্যে লাভ হয়।

- ৪। মৃতিকা, জল, তেজ, বায়ু, আকাশের মধ্যে যে যত বেশী প্রয়োজনীয় তাহা তত স্থম এবং আমারদের শরীরের তত অধিক নিকট হইতে অধিক ব্যবধান পর্যান্ত ব্যাপিয়া আছে। আমারদের শরীর তাহা ততই স্থমত্ব, বিস্তৃতি ও আয়তের সহ ভোগ করে।
- ৫। শরীরধারণ জন্য উক্ত ভূতগণ যত প্রয়োজনীয়,
 আত্মার পক্ষে জগদীশ্বর তদপেক্ষাও অধিক প্রয়োজনীয়।
 তিনি আকাশের অপেক্ষা স্থক্ষ ও ব্যাপক এবং আত্মার
 অস্তরাত্মারপে প্রকাশ পাইতেছেন। স্তরাং আপন
 আপন ক্ষমতানুসারে সাধারণ বা বিশেষ ভাবে প্রত্যেক
 ব্যক্তি পরমেশ্বরকে আকাশাপেক্ষা অধিক আয়ত্ত, স্থকত্ব ও
 বিস্তৃতির সহ আপন আপন আত্মার মধ্যে গ্রহণ করিয়া
 থাকেন।
- ৬। ক্ষিত্যাদি পদার্থনিচয়কে আমারদের শরীরই সন্তোগ করে। যন্ত্রসরপ শরীরের সন্তোগস্থ যদিও যন্ত্রী-স্বরূপ আত্মাকে স্পর্শ করে, কিন্তু আত্মার তাহাতে কোন আধ্যাত্মিক আয়ত্ত বা সাক্ষাৎ অধিকার নাই। কেবল ইশ্বর সন্তোগেই আত্মার আয়ত্ত এবং সাক্ষাং অধিকার।
- ৭। আমারদের আত্মা কোন ভৌতিক পদার্থকে লাভ করিতে পারে না, কেবল ভাহার জ্ঞান মাত্র লাভ করিয়া থাকে। আত্মা , বয়ং জ্ঞান পদার্থ ও আকাশের অভীত, সেজন্য ভাহা আকাশকে বিন্দুমাত্র গ্রহণ করে না, ফলে

আকাশের জ্ঞানলাভ করে। কিন্তু জগদীখনের সহিত উহার স্বভন্ত সমন্ধ। উহা জ্ঞানস্বরূপ পর্ম চৈতন্যের জ্ঞানমাত্র লাভ করিয়া সন্তুপ্ত হয় না, কিন্তু স্বরং তাঁহাকেই লাভ করিবার জন্য ব্যাকুলতা প্রকাশ করে।

৮। ভেতিক পদার্থের জ্ঞান গ্রহণার্থে শরীরে যেমন ইন্দ্রির আছে, বেলজ্ঞান ও শ্বরং ব্রেলকে গ্রহণজন্য সক-লেরই আত্মাতে সেইরূপ একটি মূল—অধিকার আছে। কোন ব্যক্তি যেমন পরের চক্ষুতে দর্শন করে না, পরের কর্নে শ্রবণ করে না, এবং পরের নাসিকা দ্বারা আদ্রাণ লয় না, কিন্তু কেবল আপনারই স্বাধীনতা ও ক্ষমতা সহ-কারে স্বকীয় ইন্দ্রিয়দ্বারা পদার্থের জ্ঞানলাভ করে, ভদ্রেপ কোন ব্যক্তি অন্যের আত্মার দ্বারা ব্রেলকে শ্রবণ, মনন, গ্রহণ ও পূজা করিতে পারে না, কিন্তু কেবল আপনারই স্বাধীনতা ও ক্ষমতা সহকারে—কেবল আপনারই ধারণা ও অধিকার অনুসারে, স্বকীয় আত্মার দ্বারাই ভগবানকে লাভ করিয়া থাকে। এইরূপ অধিকারই ব্রন্ধজ্ঞানের মূল— অধিকার।

১। ভেতিক পদার্থ যেমন স্থুল, অপ্প এবং নশ্বর, ইন্দ্রির-গণও তদনুষায়ী স্থুল, অপ্প ও নশ্বর। প্রমাত্মা যেমন স্থুমা, অমৃত ও অনস্থা, এ মূল অধিকারও তদ্রাপা স্থুমা, অমৃত ও উন্নতিশীল।

১০। ব্রেদ্ধ আত্মার গতি, সেজন্য তিনি আপনাকে আমারদের সকলের আত্মস্থ ও ভোগস্থলভ ক্রিয়াছেন। আমরা তাঁহাকে অনায়াসে ভোগ করিব বলিয়া তিনি একা

এক আমারদের সকলের আত্মাতেই ত্রেমজ্ঞানের ঐ অমূল্য মূল-অধিকার দিয়াছেন। ঐ অধিকারই মানবের উপাসনা প্রবৃত্তির জন্মদাতা। উহা থাকাতেই মানব পাপ হইতে ধর্মকে পৃথক করিয়া লইতেছেন, উহা থাকাতেই নানা দিগে নানাপ্রকার উপাদক-সম্প্রদায় সৃষ্ট হইয়াছে, উহারই জना शृक्षकारल हेन्द्रांकि रिवर्गांगत छेत्करण यख्डवन्द्रना হইত, উহারই উত্তেজনায় ভারতে মিসরে, রোমে, গ্রীসে, সহঅ সহঅ প্রতিমার পূজা হইয়াছে, উহারই কারণে রুষ্ণ, রামচন্দ্র, বুদ্ধ, খৃষ্ট, মহন্দদ, প্রভৃতি ব্যক্তিগণ সম্প্রদায় বিশেষে বিবিধ পূজা ও আদর লাভ করিতেছেন, এবং উহারই প্রভাবে মহা মহা ত্রন্মজ্ঞানীসকল জগতে কালে কালে আবিভূতি হইয়া আদিতেছেন। অক্ষজ্ঞানের ঐ অমূল্য মূল-অধিকার হইতে কি জ্ঞানী, কি অজ্ঞানী, কি चामि कि विषिणी कि इहे विकिष्ठ नाइन । ह्यी मध्ये, मिनत, মস্জিদ, গ্রিজা, ত্রাক্ষসমাজ প্রভৃতি কীর্ত্তি সকল ভাষারই পরিচয় দিতেছে। যদি উহা না থাকিত, তবে মানব পশুর অপেক্ষাও অধন অবস্থায় পডিয়া থাকিত।

দ্বিতীয় অধ্যায়।

অধিকারী-নিরূপণ।

১। যদিও জন্মজ্ঞানের মূল-অধিকার সকল মানবের আত্মাতেই সর্কাল বিদ্যমান রহিয়াছে, কিন্তু অবস্থা, দেশ কাল, ও পাত্রভেদে সেই অধিকারের সামান্যতা ও বিশেবতা, হুর্বলতা ও সবলতা; অবনতি ও উন্নতি এবং শ্রেষ্ঠত্ব ও কনিষ্ঠত্ব সর্বতেই দৃষ্ট হয়।

২। উপাসকগণ প্রধানতঃ ছুই ভাগে বিভক্ত। প্রথমতঃ ছুর্মলাধিকারী, দ্বিতীয়তঃ সবলাধিকারী।

- ৩। যাঁহারা ভগবানের পূজার উদ্দেশে মানবের মন, বুদ্ধি ও আত্মাকে আদর্শ করিয়া কোন স্বাভাবিক-প্রভাব-भानी भनादर्श, कान वीर्यायान नत्त्र, अथवा निताकात अश्वत-বোধক কোন শুন্য-নামে সেই মন, বুদ্ধি, আত্মার শক্তি ও গুণের কম্পিত শ্রেষ্ঠত্ব আরোপ করেন এবং তাদৃশ আরো-পণ পূর্ব্বক মৃত্তিকা-প্রস্তরাদি দারা বাছেন্দ্রিয়-গ্রাছ অথবা মানসিক-উপকরণদারা ঈশ্বরের মূর্ত্তি গঠিয়া লন, তাঁহারা पूर्वनाधिकाती। उाँशातरात आञा विषय, रे क्तिय, मन, वृक्ति, কম্পেনা ও অহস্কারে বিমোহিত, স্থতরাং তাঁহারদিগের আত্মাতে ব্রন্মজানের যে মূল-অধিকার আছে এবং ব্রন্ম-পূজার যে স্বাভাবিক লালদা আছে তাহা মন, বুদ্ধি, বিষয়, हे क्यिशानित विना माहार्या, माक्ताए-मद्यक्त क्रेश्वत्क श्रेकाल করিতে পারে না। তাহা এসকল ব্যাপারের মধ্য দিয়া ঈশ্বকে প্রকাশ করিতে যায়, কাজেই ইন্দ্রিয়-বিশিষ্ট-गतामग्र-विषयी नेश्वतक कष्णीना कतिया कला। किखु ঈশ্বকেই পূজা করা ইহারদের উদ্দেশ্য।
 - 8। पूर्वनाधिकातिगर्ग विविध।
- ৫। যাঁছারা স্থ্যবৰুণাদি দেবগণকে ও কোন জীবিত নরকে প্রত্যাক্ষে বা প্রতিমা দারা, এবং ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি

দেবগণকে বা ক্ষক খৃষ্টাদি মৃতব্যক্তিদিগকে প্রতিমা দ্বারা অর্চনা করেন তাঁহারা প্রথম প্রকার। তাঁহারা "বাহ্ন-পোত্তলিক" বা "স্থলপোত্তলিক" শব্দের বাচ্য।

৬। আর ঘাঁহারা বাহিরে আপনারদিগকে নিরবয়ব
বেলের উপাসক বলিয়া পরিচয় দেন অথচ ঘাঁহারা জ্ঞানযোগে ঈশ্বরকে দেখিতে অশক্ত হইয়া মানসে তাঁহাকে
কোন কম্পিত-রূপবিশিষ্ট করিয়া লন; অর্থাৎ ঘাঁহারা
তাঁহাকে স্থ্য, অনল বা সোদামিনীর জ্যোতিরূপে, আকাশ
রূপে কিমা বিরাটরূপে অথবা বিষয়েন্দ্রিয়মমাদির উপমাদ্বারা
ভাবনা কবেন, তাঁহারা দ্বিতীয় প্রকার। ইহাঁরা হয় "মানসপোঁত্তলিক" নয় "ছর্মল-ত্রন্মজ্ঞানী" এই অন্যতম শব্দের বাচ্য।
প্রোম, বৈরাগ্য ও জ্ঞানাভিমানী অনেক পরমহংস, যোগী,
ও ব্রান্ধ এই বিভাগে পড়িয়া রহিয়াছেন।

৭। মানস-পেতিলিক অর্থাৎ তুর্বল-একজানীদিগের মধ্যে একটি বিশেষ শাখা আছে। তাঁহারদের মত অপেকারত স্থল। তাঁহারা মনুষ্য বিশেষের হস্তধারণ না করিয়া, মনুষ্যবিশেষকে মধ্যবিত না করিয়া ঈশ্বরোপাসনা করিতে পারেন না, যথা মুসলমান্, নানকপন্থী, একেশ্বর বাদী-খৃষ্টান প্রভৃতি যাঁহারা মহম্মদ, নানক, অথবা খৃষ্টকে মধ্যবর্ত্তী, গুরু, নেতা বা আদর্শ করিয়া ধর্ম-পথে উত্থান করেন। অনেক ত্রাহ্মপ্ত এই শাখার অন্তর্গত আছেন—
যাঁহারা একেশ্বরাদী খৃষ্টানদিগের দৃষ্টান্তে খৃষ্টকে আদর্শ

৮। এই मकल इन्द्रलाधिकाती य य क्रम जानू मारत পातम-

ভক্তিপূর্ব্বক ভর্গবানের পূজা করেন অতএব তাঁহারা আমা-রদের আদরণীয়।

১। তুর্বলাধিকারীদিণের মধ্যে আর একটি শাখা আছে তাঁহারা "অফাচারী" শব্দের বাচ্য। তাঁহারা আমার-দের বিশেষ রূপার পাত্র। যাঁহারা আত্মার অধিকার উল্লেখন পূর্বক, আত্মার ভৃত্তির প্রার্থনা না রাধিয়া, আত্মার বিনা লালসায়, অর্থাৎ কেবল উন্মন্ততা, অহস্কার, ইন্দ্রিয়-দেবা, ও লোকরঞ্জনের অনুরোধে পূর্বত্রন্থেক কোন নামের বা কোন প্রতিমার পূজা করেন অথবা কোন প্রকার পূজাই করেন না, তাঁহারাই অধিকার অফ অফাচারী।

১০। অতঃপর সবল-অধিকারী। মাঁহারা বিষয় ইন্দ্রিয়ের উত্তেজনা, মানস-চাঞ্চল্য, প্রবৃত্তি-বিরোধ, আত্ম-নির্ভর,
আত্মোপমা, কর্মাভিমান, ও ফলকামনাশূন্য ইইয়া একমাত্র দ্রুব, অখণ্ড, নিরবয়ব, মঙ্গলুসরূপ পরম পুরুষের প্রতি
নির্ভর করত, তাঁহাকে দেশ কালের অতীত রূপে জ্ঞাননেত্রে দর্শন-করেন এবং জ্ঞান প্রীতি ও প্রিয়কার্য্যদ্বারা
তাঁহার পূজা করেন তাঁহারাই সবল অধিকারী, "অক্ষ্যভানী"
"অক্ষাণী," "অক্ষোপাসক" ইত্যাদি শব্দের বাচ্য়। তাঁহারা
আপনারদের আত্মা বা খৃষ্ট, নানক, মহম্মদ প্রভৃতিকে আদর্শ বা গুরু না করিয়া কেবল ত্রন্ধের আদর্শে
আপন আপন আত্মাকে উন্নত করেন, তাঁহারা আত্মাকে
প্রবৃত্তিগণের অধীনে যাইতে দেন না, কিন্তু প্রবৃত্তিগণকে
আত্মা-নিখাতে মগ্ন করিয়া দেন। তদ্রেপ ত্রন্ধেরে আ্মার

তৃতীয় অধ্যায়।

হর্কলাধিকার।

- ১। ব্রদ্ধজানের অধিকার সকলেরই আত্মাতে; কিন্তু তাহা ক্রমে উন্নত হয়। অন্য মনোর্ভি সকল যেমন ব্যক্তির ও সমাজের বহুদর্শিতা সহকারে পরিণত হয়, ঐ অধিকারও ভদ্ধেপ।
- ২। জনসমাজের শৈশবাবস্থায় ও অদূরদর্শিতার কালে এবং ব্যক্তির বাল্যকালে অথবা আলোচনার অভাবে, অথবা ইন্দ্রিয়, কণ্ণনা, বিষয় ও ফলকামনার প্রভাবে ঐ অধিকার অনুত্রত, তুর্বল কিয়া অপরিমুক্ত থাকে; কিন্তু উহা হইতে কোন মানব কখন একেবারে বঞ্চিত থাকে না। নাল্ডিক ও ভ্রম্টাচারিগণের আত্মাতেও উহা মহা মোহে আছিল হইয়া নিদ্রা যায়।
- ৩। দস্তহীন শিশুর অন্ন জীর্নের শক্তি নাই, সেজন্য হুশ্ধপান করে। ভদ্ধপ হুর্কলাধিকারে মানবের ব্রহ্মবোধ পর্বভে, পাথারে, ব্যোমে, সমীরে।
- 8। দুর্বলাধিকারে মানব ঈশ্বরকে অখণ্ডভাবে গ্রহণ করিতে পারে না। তাঁহার খণ্ড খণ্ড মহিমা ইন্দ্রাগ্নি মৰুতে দর্শন করে, বিশেষ বিশেষ ক্ষমতাশালী নরের শক্তিতে তাঁহার অংশ আরোপ করে এবং ঈশ্বরীয় শক্তি ও গুণকে খণ্ড খণ্ড করিয়া, এবং ঐ সকল ক্ষমতাপন্ন নরকে লইয়া প্রতিমা নির্মাণ করে ৮

- ৫। এইরপ ফলকামনাবিশিষ্ট অপ্পের উপাসনা ঈশ্বরেরই উদ্দেশে। ত্রন্ধজ্ঞানের পূর্ব্বোক্ত ত্র্বল-অধিকারই সে উপাসনার জনক। মানবের যতটুকু ধারণা ঐ উপা-সনার ততটুকু প্রেরণা, তাহা ঈশ্বর-নির্দিষ্ট স্থাভাবিক নিয়ম। যেমন অধিকার, যেমন আবশ্যক, বিধাতা তেমনি ব্যবস্থাপক।
- ৬। তাদৃশ ত্র্বলাধিকারে মিত্র-বৰুণ-ইন্দ্রাদি ঈশ্বরীয়-মহিমা সকলের, ত্রন্ধা-বিষ্ণু-ক্র্যাদি ঈশ্বরীয়-গুণাং শ-গণের এবং রামকৃষ্ণ খৃষ্ট প্রভৃতিকে অবতার বোধে তাঁহারদের যে পূজা প্রচারিত হয়, তাহা অস্বাভাবিক ও পাপজনক নহে।
- ৭। অধিকারের অনুনতি বশত কোন ত্রাক্ষ যে আপন আপন মানস-কণ্পনাদ্বারা ত্রন্ধকে চিত্রিত করেন, এবং আত্মার লালসা হুত্রে সেই মানস-কণ্পিত ঈশ্বরীয় প্রতি-মূর্ত্তির চরণে যে মধুর ভক্তি চন্দন অর্পন করেন ভাহাও অস্বাভাবিক ও পাপ নহে।
- ৮। যাঁহারদের ঐ প্রকার তুর্বলাধিকার, তাঁহারদের
 সমুখে ঐরপ ঈশ্ববোধ— ঐরপ পূজাই জাগ্রত। সে হুয় সেই
 তুর্বল-শিশুগণই বিশেষ আম্বাদের সহিত পান করিয়া
 থাকেন, এবং তাহা কেবল তাঁহারদিগেরই পুর্ফি সাধন করে।
 সবল ব্রহ্মজ্ঞানীরা তাহা হইতে স্বীয় স্বীয় আ্মার পুর্ফিলাভের আশা করিতে পারেন না এবং সেরপ ঈশ্বরজ্ঞান ও
 কনিষ্ঠোপাসনা ব্রাক্ষসমাজেরও উচ্চাদর্শ হইতে পারে না।
- ১। এখন ভ্রফাচারীর অবস্থা দেখ, তিনি মোহে অন্ধ হইয়া উচ্চশক্তির অন্তিত্ব দেখিতে পান না, কেবল নৃত্যগীত

রঙ্গরসেই উদাত। কেবল যশেরদিগেই তাঁহার দৃষ্টি। তিনি দেই সকল বাহ্য লোভ লক্ষ্য করিয়াই পুতলিকা পূজা ও আদ্ধি শান্তি করেন, তাহাই লক্ষ্য করিয়া ত্রাহ্মসমাজে যান এবং এমত কি ভাহা লক্ষ্য করিয়া খৃষ্টান হইতেও পারেন।

ठजूर्थ ज्यशास ।

সবল-অধিকার।

- ১। বেকজানের মূল-অধিকার সাধারণতঃ পূজা, আলোচনা, প্রবণ, মনন, ধ্যান, ধারণা, পাঠ, সাধনা প্রভৃতি উপায় দারা ক্রমে প্রশস্ত হয়। যথন যতথানি প্রশস্ত হয় তথন ভগবানকে তত জাগ্রত ও মহদ্ভাবে উপলব্ধি করা যায়। কিন্তু যেহেতু ঈশ্বরের পূর্ণভাব অনাদি, অনস্ত এবং গ্রুব, সত্যা, প্রেমপূর্ণ, জীবস্তা, এ নিমিত্তে তাঁহার পূজা দ্বারা ঐ অধিকার যতই উদার ও প্রশস্ত ইইতে থাকিবে, উপাসক তাঁহাকে ক্রমে ততই কোটা কোটা গুণে বৃহৎ দেখিতে থাকিবেন। সর্যপ-পরিমিত-নর-হৃদয়ের আয়তন, সাগর-তুল্য হইলেও বিন্দুমিত-বেক্ষ্কপাতে তাহা প্লাবিত হইয়া যাইবেক।
- ২। বিশক্তানীর লক্ষণ এই যে " আমি বেশকে স্কর রূপে জানিয়াছি," তিনি হৃদয়ে এপ্রকার অনুভব করেন না, স্করাং সেরপ কৃথাও কহেন না। প্রত্যুত, তিনি আত্মার

দারা এক্ষকে নিয়ত ভোগ করিতে চেফী করেন। তিনি
দ্বীয় গুণের ও ভাবের আরোপণ দ্বারা এক্ষের মহত্ত্বকে
কিপিত ও ক্রমে উন্নত করেন না, কিন্তু সেই অখও-রসস্বরূপের আদর্শে আপনার আত্মাকে সরস ও উন্নত করেন।
ইন্দ্রিয়, বিষয় ও কম্পনার উত্তেজনায় তাঁহার সেই জাগ্রতযোগ ভঙ্গ হয় না। সেই পরম-যোগ মিথ্যা-উপাধি ও
অভিমানের অধীনে বা শাসনে সংসাধিত হয় না। তাঁহার
আত্মা বাহ্য-উত্তেজনা-জনিত এক্ষলাভের চঞ্চল-লালসা
হইতে উদ্ধার পাইয়া এক্ষ-প্রসাদলাভ দ্বারা মহোন্নতি প্রাপ্ত
হয়, এবং ইন্দ্রিয়, বিষয় ও চিত্তকে স্কল্বরূপে শাসিত
করিয়া আপনি উহারদের কলহের উপরি বাস করত এক্ষন
কপা-সহকারে পরমোপাদেয় এক্ষ-যোগ ও এক্ষের পরম-

৩। ত্রন্ধজ্ঞানের অধিকার আধ্যাত্মিক, অতথব উহার উন্নতি, ত্রন্ধের আদর্শে আত্মার মধ্য দিয়াই বিশেষ রূপে হইয়া থাকে। আত্মা স্বাধীনভাবে পরমাত্মার পূজাদ্মারা যদি সেই অধিকারকে প্রশস্ত করে, তবে অবশ্য কৃতকার্য্য হয়। বাহ্য শাসন যদি আত্মার স্বাধীনভার বিৰুদ্ধ হয়, তবে তৎকর্তৃক ত্রন্মজ্ঞানের অধিকার এক বিন্দৃপ্ত প্রশস্ত হয় না। ফলতঃ বাহিরের ক্ষুদ্র উপকরণ ও মন বুদ্ধি ইন্দ্রিয়গণের ক্ষুদ্র উপলক্ষ-দ্বারা ফল-কামনা-স্থ্রে আত্মাতে ত্রন্মলাভের যে চঞ্চল-লালসা উৎপন্ন হয়, সভাবতঃ তদ্বারা ভক্তি-পূর্ব্বক ত্রন্মের পূজা হইতে, পারে, বটে, কিন্তু দেই সকল সামান্য উপকরণ ও উপলক্ষ হইতে আত্মার

মুক্তি না হইলে ভগবানের মহান ভাবের জান লাভ ও প্রকৃত ভক্তিযোগে উপাসনা হইতে পারে না।

৪। সকল আত্মার সাধারণ ভাবগতিক এক প্রকার হই-লেও প্রত্যেক আত্মার এক এক বিশেষ ভাব আছে। সেই কারণে প্রত্যেক আত্মাই স্বতন্ত্র স্বতন্ত্র রূপে স্বাধীন। যেমন এক এক ব্যক্তির মুখন্ত্রী, কথার স্বর এবং হস্তের লেখা এক এক প্রকার; তেমনি এক এক ব্যক্তির আত্মার ভাব, মনের প্রকৃতি এবং জীবনের আদর্শ এক এক প্রকার; এই আশ্চর্য্য বিচিত্রতা চিরকালই থাকিবে।

৫। কোন ব্যক্তিতে যথন অন্ধক্তানের অধিকার সবল হয়, তথন তাঁহার আত্মার আধ্যাত্মিক গঠন অনুসারেই তাহা হইয়া থাকে। মাতৃ-গর্ভ হইতে শিশু যে প্রকার দেহ, পঞ্জর, হস্তপদাদির অবয়ব ও মুখ 🗐 লইয়া ভূমিষ্ঠ হয়, পশ্চাতের পরিণতি ও উন্নতি সকল তাহারই উপরি পুষ্টি-সাধন করে; ভাহাতে শরীর যতই পুষ্ট হউক, সেই আদিম-ঠাম ও ভঙ্গীর বিশেষতা কিছুতেই বিলুপ্ত হয় না। দেই প্রকার মানব দেই শরীরের সঙ্গে সঙ্গে যে আত্মাকে লইয়া ভূমিষ্ঠ হয়, অন্যান্য ব্যক্তির আত্মার তুলনায় তাহার এক প্রকার বিশেষ আধ্যাত্মিক ভঙ্গী ও বিশেষ মানসিক ধাতু থাকে। ভাহার পর যত আধ্যাত্মিক ও মানসিক উন্নতি হয়, সে সকলই ঐ বিশেষ ভঙ্গী ও মানসিক-ধাতুকে পুষ্ট করিয়া যায়, কিন্তু কোন উন্নতিই সেই মূল ছাঁচকে লুপ্ত করিতে পারে না। যে প্রকার উন্নতি ও পুর্ফি ঐ মূল ধাতুর যোগ্য ও মুহনীয় নহে, তাহা সহস্র উপায় দ্বারাও উহাতে সংলগ্ন হয় না। এই বিশেষ ভাবই প্রত্যেক আত্মার স্বাধীনতা।

- ৬। বেশ্ববাদী প্রত্যেক মানবাত্মার ও বিশেষতা উত্তম রূপে পাঠ ও হৃদরক্ষম করিয়া প্রত্যেকের স্বাধীনতা যাহাতে উন্ধত হয়, এবং সেই স্বাধীনতার মধ্যদিয়া যাহাতে প্রত্যেকের ব্রহ্মজ্ঞানের অধিকার ও ধারণার রিদ্ধি হয়, তাদৃশ উপদেশই প্রদান করেন। কিন্তু যে ঔষধি ও পথ্য কাহারও ধাতুর বিৰুদ্ধি ও অসহনীয়, তিনি তাহাকে তাহা প্রদান করেন না। যিনি তাহা করিতে যান, তিনিই মানবাত্মাতে অমৃতের পরিবর্ত্তে গরল উৎপত্তি করিয়া থাকেন।
- ৭। বেদ্মবাদী যে ঐ প্রকার বিজ্ঞতার সহিত উপদেশ দেন তাহা সকল অবস্থাতে একেবারে ব্রেদ্মের পূর্ণ ভাবো-দ্দীপক না হইতে পারে, কিন্তু তাহা পরম প্রার্থনীয় মুক্তি পথের সোপানস্বরূপ। তাহা ঈশ্বরের ইচ্ছার প্রতিকূল নহে, কোন আত্মারই স্বাধীনতার বিৰুদ্ধ নহে; এবং তাঁহার স্বীয় বিবেক শক্তিরও বিৰুদ্ধ নহে।
- ৮। বেলাবাদী তাদৃশ ব্যক্তিদিগের মনের ভাব,
 অবলম্বিত পান্থা, এবং সেই পান্থাতে ব্রন্ধজ্ঞানোন্ধতির যে
 সকল আধ্যাত্মিক উপায় ও গভীর উৎসাহ বিরাজ করে
 তাহা দর্শন, শ্রবণ, তুলনা, জ্ঞান, ধ্যান দ্বারা বিশেষরূপে
 অবগত হয়েন এবং সেই সকল দুর্ব্বলাধিকারীরা আপন
 আপন বাধীনতা-স্ত্রে যে দিগ দিয়া বুঝিলে প্রকৃত কথাটি
 বুঝিবেন তিনি সেই দিগ দিয়া তাঁহারুদিগকে, বুঝাইয়া
 দেন। তাহাতে তাঁহারা ক্রমে আপন, আপন পদ্ধা ও

ষাধীনতা দারা ত্রহ্মজ্ঞানে পরিপক্ক হইতে থাকেন। একবারে উপযুক্ত উন্নতি হওয়ার অসম্ভাবনা বিধায় যদি কেই সেই ক্রামোরতির সঙ্গে সঙ্গে কলকামনায় আবদ্ধ হইয়া আত্মার লালসা দারা পুত্তলিকার আরাধনা করেন তাহা ঈশ্বরের নিয়মবিকদ্ধ নহে। ইহা জানিয়া ত্রহ্মজ্ঞ ব্যক্তিমনের সহিত তাহাতে অনুমোদন করেন এবং তাদৃশ অনুমোদন জন্য তাঁহার সতেজ আত্মা কখন পুণ্য ভিন্ন পাপ বোধ করে না। কারণ তিনি বিলক্ষণ অবগত আছেন যে পুত্তলিকার পূজা পরিত্যাগী অনেক ত্রন্ধোপাসক উপরি উক্ত প্রকার পৌত্তলিকের অনেক নিম্নদেশে মুহ্যমান রহিয়াছেন।

১। সামাজিকধর্ম ও উপাসনা-প্রণালী যতই কেন পরিশুদ্ধ হউক না, যতই কেন বর্ত্তমান কালের এক্ষোপাসক-গণ ভক্তিপূর্ব্বক এক্ষোপাসনা কৰুন না, তাঁহারদের মধ্যে এক্ষের আধ্যাত্মিক ভাবুক ও এক্ষজ্ঞানী অপেক্ষাকত অপ্পান্ত কৃষ্ট হইবেক। ফলতঃ ভাহাতেও বিশেষ ক্ষতিনাই, কেননা যাঁহার যেম্ন অধিকার ভিনি ঈশ্বরকে ভদরু-যায়ী জানিয়া প্রীতিপূর্ব্বক তাঁহার পূজা করিয়া জীবনের সাফল্য লাভ করিবেন—ইহা সম্পূর্ণ বাভাবিক, এবং সম্পূর্ণ সত্য। কিন্তু আক্ষেপের বিষয় এই যে, ভাদৃশ ছ্র্বল এক্ষানীরা ভাঁহারদের অপেক্ষাকত ছর্ব্বল ভাতা-দিগের শ্রদ্ধায়ুক্ত প্রতিমাপূজাকে পাপাচার বলিয়া নিন্দা করেন; ররং ইক্ষাও ক্ষমার যোগ্য। কিন্তু উক্তরূপ ছর্ব্বল এক্ষোপাসকগণের, মধ্যে আবার ভক্তিহীন-চঞ্চল-উপাসক

অনেক আছেন যাঁহারদের আচরণে প্রকৃত সাধুর হৃদয়-বেদনা উপস্থিত হয়। যদিও পরিশুদ্ধ-উপাসনা-প্রণালী ও বিশুদ্ধ-মত বিশ্বাসের সহিত প্রকৃত ব্রেলাপাসকের অধিক ঘনিষ্টতা, কিন্তু বিশুদ্ধ-মতের অসরল ও অধার্মিক ব্যক্তি অপেক্ষা, অবিশুদ্ধ মতের সরল ও ভগবদ্ভক্ত-ব্যক্তি তাঁহার অধিক আদরের পাত্র।

পঞ্ম অধ্যায়।

মানব-সমাজের বর্ত্তমানকালীন ধর্মাধিকার।

- ১। পূর্ব্বকালে ভারতে, ইরাণে, মিসরে, রোমে, যুনানে এবং অন্য সর্ব্বত্রেই স্থল-উপাসনা প্রচলিত ছিল। ঐ সকল দেশেই ইন্দ্র, স্থ্য, বায়ু, বৰুণাদি ভৌতিক-দেবগণের সপ্রতিম বা অপ্রতিম পূজা এবং ঈশ্বরীয় শক্তি বিশেষের রূপ কম্পনা করিয়া পূজা করার প্রথা ছিল। তৎকালে সেই সকল দেবগণের উপাসকেরা যেরূপ জাগ্রতভাবে আপন আপন ইউদেবতাকে দেখিতেন দেশ বিদেশের প্রাচীন শাস্ত্র সকল তাহার প্রমাণ দিতেছে।
- ২। বর্ত্তমানকালে আমরা যে জনমগুলীতে বাস করি, তাহার মধ্য হইতে উক্ত প্রকার স্থুলোপাসনা সম্বন্ধে ঐ জাগ্রতভাব যে অপেক্ষাকৃত হ্রাসাবস্থ হইয়াছে, তাহার আর সন্দেহ নাই। তাহাই দেখিয়া শুনিয়া আমরা বলিয়া থাকি যে "বর্ত্তমান জনসমাজে ব্রশ্বজ্ঞান ও ব্রেশোপাসনার

অধিকার উন্নত হইয়াছে। এইক্ষণ অসকোচে বাদাধর্ম প্রচার করিতে থাক, তাহাই লোকের পক্ষে ব্রদ্ধজ্ঞান লাভের যথার্থ সোপান হইবেক। পৌত্তলিকভার পোষ-কভা করিলে মুক্তিলাভের হেতুভূত ব্রদ্ধজ্ঞান ভিরোহিত হইয়া যাইবেক।"

৩। কিন্তু ক্ষণকাল চিন্তা করিয়া দেখ, বর্ত্তমান হিন্দু, মুসলমান, খৃষ্টান প্রভৃতি তাবৎ সমাজের তাবৎ লোকেরই কি এখন ত্রমজ্ঞান ও ত্রেম্বোপাসনার অধিকার যথার্থই উন্নত হইয়াছে ? সাঁওতাল, আবর, সিংপোহ, কুকী, এবং আমারদের দেশের হাড়ি, চর্মকার প্রভৃতি জাতি সমূহ সকলেই কি পৌতলিকতা পরিত্যাগ করিয়া রূপ-নাম-বিশেষণ-বিবৰ্জ্জিত ত্রন্ধোপাসনা করিতে পারগ হইয়াছে প এक मध विराविता कतिल किश्र शितिमार्ग वृत्रिष्ठ शातिरव যে, বর্ত্তমান সময়ে এই ভারতবর্ষের শতাংশের একাংশ লোকেরও স্বস্থ অক্ষজানের অধিকার অত্যন্ত ছর্মলাবস্থায় हिशाहि, **अवर अन्याना मकल (म्रायाय अहे जाव।** माँछ-তাল, কুকী, আবর প্রভৃতি পার্বভীয় জাতি সকলের মধ্যে এবং সুসভা জনপদ সমূহের নিবাসী অনেক ইতর ও ভদ্র-জাতির মধ্যে স্থল-উপাসনা স্থন্ধ প্রচলিত রহিয়াছে এমত নহে, কিন্তু প্রায় সেই পূর্মকালের ন্যায়ই জাতাত ও জ্বলম্ভ রহিয়াছে। এখন ভুমি তাহারদিগের সমুখে তক্ষজান প্রচার করিতে যাও, দেখিবে হয় তাহারা আদে তাহা গ্রহণ করিতে অস্মর্থ হইবেক, নয় যদি সোভাগ্যক্রমে গ্রহণ করেও, তথাপি সেই একাকে হয় একাবিফুর মত মনে বা

বাহিরে গঠন করিয়া লইবে, নয় শূন্য ত্রন্ধ শব্দেতে আচ্ছন্ন হইয়া নান্তিকতা ও অভিযান প্রকাশ করিবেক। অনেক ভান্ধ কহেন যে, " ভান্ধধর্মের শিক্ষা এমত সহজ যে, মানব যতই অশিক্ষিত হউক, প্রত্যেকের হাদয়ে উহা অবাধে म्हान প্রাপ্ত হয়, এবং যাহার। বিদ্যা এবং সমাজসংস্কার রূপ প্রতিবন্ধকতার মধ্যে বিচরণ না করে, তাহারদিগেরই মধ্যে ঐ শিক্ষা অধিক শক্তি লাভ করে।" বিদ্যা ও সমাজ সংস্কারের অভিমান ও আড়ম্বর ব্রেলাপাসনার ভয়ানক প্রতিবন্ধক বটে, কিন্তু আমরা একথা স্বীকার করিতে পারি না যে, ত্রাহ্ম-ধর্মের শিক্ষা এত সহজ যে এদেশের ইতর লোকেরা তাহা অনায়াদে ধারণ করিতে পারে।. ভালাধর্মের যে শিকা তত সহজ, অর্থাৎ ভক্তি, দয়া, প্রভৃতি, তাহা আক্ম-ধর্মোর প্রধান সভ্যকে প্রকাশ করে না-অর্থাৎ ত্রন্ধ একমেবা-क्रिजीयः अवः ज्ञानागानि-विविद्धित अरे मरू मजा, अरे পরমভাব, ত্রক্ষজান বিনা প্রকাশিত হয় না। ত্রক্ষজান বহু যত্নে লাভ হয়। ত্রন্ধজ্ঞান বিনা ভক্তি পঙ্গু, বিশ্বাস অন্ধ, এবং ধর্মত পে তিলিকতা মাত। যদি বল, তাহাতে ক্ষতি নাই, তাহা হইতে সাধকের ক্রমোন্নতি হইবেক। ইহাতে আমারদের উত্তর এই যে, সেই সাধকের মনে পুর্বেষে যে পেতিলিকতা ছিল তবে তাহা কি দোষ করিল? ত্রাক্ষধর্মের শিক্ষা দ্বারা তাহার অধিক কি লাভ হইল? ভক্তি, দয়া, প্রভৃতির শিক্ষা কি পৌতলিকতায় নাই? সেই সকল সাধারণ শিক্ষা সকল ধর্মেই আছে, তাহার জ্ন্য ত্রালাধর্মের গোরব নছে; কিন্তু ত্রন্ধজানের জন্য। ত্রান্ধর্মের বিশেষ

শিক্ষা এই যে, ঈশ্বর মঙ্গলম্বরূপ এক এবং নির্বয়ব, দেশকালে অনস্ত, নির্বিশেষ ও সনাতন পুরুষ। এ শিক্ষা নান্তিক ও মূর্থের হাদয়ে সহজে স্থান পায় না।

- ৪। ইহা অবশ্য স্বীকার করি যে, ঐ সকল অসভাদিগের
 ক্রীপুরুষকে যদি সমুচিত বিদ্যাশিক্ষার সহিত তেমন ধর্মোপদেশ দেওয়া যায়, তবে তাহারদিগের ব্রেক্ষজানের ও
 ব্রেক্ষোপাসনার অধিকার অপেক্ষারুত উন্নত হইতে পারে।
 কিন্তু আমারদের দেশের ভদ্রলোকের মধ্যেও কি সে প্রকার
 ব্রেক্ষজান-প্রস্বিনী বিদ্যার আলোক প্রবেশ করিয়াছে?
 যদি না করিয়া থাকে, তবে আমরা কোন্ বুদ্ধিতে সেই
 সকল ব্যক্তির সমুখে তাহাদের ধারণার অতীত ধর্ম প্রচার
 করিতে যাইতেছি?
- ে। উপযুক্ত মত বিদ্যাশিক্ষার সহিত সাধারণের মধ্যে ত্রেক্ষাপাসনা প্রচারিত হওয়ার কোন লক্ষণ দেখা যাইতেছে না। ফলে, সে প্রকার বিদ্যা ও ধর্মশিক্ষার দ্বারাই যে কোন এক সময়ে সকল লোক একেবারে ত্রক্ষজ্ঞানের উচ্চ মঞ্চে আরোহণ করিবে, অথবা ত্রেক্ষাপাসনা কোন কালে যে কোন দেশের সামাজিক ধর্ম হইবেক, এমত আশা করাও যায় না। যদি ত্রক্ষজ্ঞান বা ত্রাক্ষধর্ম প্রচারের ফলে সাধারণের মধ্যে বর্তুমান পৌতলিকতা রহিত হইয়া কখন ত্রেক্ষাপাসনা বিস্তারিতরূপে প্রচারিত হইয়া পড়ে, তখন আবার সেই ত্রেক্ষাপাসনার মধ্যেই মৃতন-বিধ পৌতলিকতা উৎপন্ন হইবেক। প্রতিমা নির্মাণ আর হউক বা না হউক, তাহা বলিতেছি না; কিন্তু অসংখ্য উপাসকদিগের বৃদ্ধির

স্থূলত্ব সেই ত্রেমাপাসনায় যোজিত হইয়া ত্রেমাপাসনাকে ও ত্রেমাজানকে লোকের চফুর সম্মুখে চিরকালের নিমিত্তে অপে ও হীন করিয়া রাখিবে ।

- ৬। যদিও তাদৃশ অবস্থায় সবলাধিকারীদিগের কোন ক্ষতি হইবেক না, কিন্তু ত্রন্ধজ্ঞান শব্দে কলক্ষপর্শ হইবেক। নামে অনেকেই ত্রন্ধজ্ঞানী, ত্রন্ধোপাসক বা ত্রান্ধ হইবেন. কিন্তু কার্য্যতঃ অধিকাংশ লোকেই ত্র্বলাধিকারী রহিয়া যাইবেন। তাহাতে ত্রান্ধ নাম হাস্থ্যাম্পদ হইবেক। স্ক্রন্ধ্যাম্পদ হইয়া নিরস্ত হইবে এমত নহে, কিন্তু দেই নাম অভিমানের অলজ্যা-ভূধর-স্করপ হইয়া প্রকৃত ত্রন্ধজ্ঞানকে আবরণ করিয়া রাখিবেক।
- ৭। যে ত্রান্ধণেরা ত্রন্মজ্ঞানের সবল অধিকারী হওয়াতে প্রাচীন কালের স্থূলোপাসক বৈদিগ্—ঋষিগণ হইতে
 আপনারা পৃথক হইয়া ত্রান্ধণ নাম লইয়াছিলেন, পশ্চাৎকালে তাঁহারদেরই বংশ সকল আবার অপেক্ষারুত স্থূলোপাসনা ও পৌত্তলিক-ক্রিয়াকলাপ প্রচার করিলেন। কে না
 অবগত আছেন যে বৈদিগ্দিগের সরল স্থূল-উপাসনা
 অপেক্ষাও ত্রান্ধণেরা এখন অধিকতর পৌত্তলিকতায় অবতরণ
 করিয়াছেন। তাঁহারদের সেই ত্রান্ধণ নামই রহিয়াছে,
 কিন্তু তাঁহারা কার্য্যে আর ত্রান্ধণ নাই। প্রসংজ্ঞা এখন
 কেবল জাতিবাচক হইয়া রহিয়াছে। বরং এইক্ষণ যে
 অপে সংখ্যক লোকের ত্রন্মজ্ঞানের অধিকার সবল হইতেছে,
 তাঁহারাই প্রক্ত প্রস্তাবে "ত্রান্ধণ" নামের যোগ্য।

কিন্তু সে নাম এইকণ জাতিবাচক, এজন্য তাহা পরিভ্যাগ করিয়া তাঁহারা " ত্রান্দ " নাম লইতেছেন।

৮। এইক্ষণ যাঁছারা ত্রেক্ষোপাসক হওয়াতে ত্রাক্ষ নাম গ্রহণ করিতেছেন এবং ত্রান্ধ-পরিবার সৃষ্টি করিতেছেন ভাবীকালে সেই ত্রাহ্মণদিগের ন্যায় তাঁহারদিগেরও অধোগতি হইবেক। ঐ ত্রান্দানাম অর্থে ব্যক্তি-বাচক পরে পরিবার-বাচক, পরে গোত্র-বাচক হইতে হইতে ক্রমে জাতি-বাচক হইয়া দাঁডাইবে। সেই জাতির মধ্যে অনে-কের জ্ঞানাভাব হইবেই। জ্ঞানাভাবে নবতর পেতিলিক-তার উৎপত্তি হইবেক। আবার নবতর সংস্কারের ও উপাধির প্রয়োজন হইবেক। তাদৃশ মূতনত্ব জন্য আবার विवान ७ मनामनि इरेट थाकित्वक। এरेक्न आमिकान হইতে উপাধি লইয়া বিরোধ হইয়া আসিতেছে এবং ভবিষ্যতেও হইবেক। এই জন্য আমারদের ইচ্ছা এই যে, যিনি ক্রিষ্ঠ অধিকারী তিনি দেবদেবীর উপাসনা সহকারে ক্রমে ব্রন্ধজানে আহ্ন, যিনি ব্রন্ধজানী তিনি ব্রন্ধোপাসনা কৰুন ও ছুর্বলদিগকে ক্রমে সবল করিয়া তুলুন ৷ দেশের লোক জ্ঞানী ও ধার্ম্মিক ইউক। ত্রাহ্ম-পরিবার বা ত্রাহ্ম-জাতি সৃষ্টি দারা এ দেশের জাতি সংখ্যাকে বৃদ্ধি করার প্রয়ো-জন নাই! যে পরিবার-মধ্যে অধিকাংশ লোক ত্রনো-পাসক, তাঁহারদিগকে "ভান্ধ-পরিবার" বা "ভান্ধগোত্র" বলিবার প্রয়োজন নাই। যদি তাহা বল, তবে যখন সেই পরিবারে দৈবাং কোন পাষ্ড জন্ম গ্রহণ করিবে, তখন সেও পাষ্ডতার মধ্যে ত্রান্স নামের অহস্কার প্রকাশ করিবে।

১। একথা অবশ্য স্বীকার্য্য যে প্রত্যেক বারের নবীনতা-নিবন্ধন সম্প্রদায়-বিশেষে ধর্ম কুতন-বীর্য্য প্রদান
করে। কিন্তু সেই অভিনব-উৎসাহ্-অনল অচিরেই নির্ব্বাণ
হইয়া যায়, তখন তাদৃশ ধর্মাত ,আবার স্রোত-বিহীন
তটিনীর ন্যায় পড়িয়া থাকে। ভারতবর্ষের উপাসকসম্প্রদায়দিগের বিবরণ এই কথার সম্পূর্ণ পোষকতা করিবেক। পোত্তলিকতাকে নই্ট করিয়া এক ঈশ্বরের উপাসনা
প্রচার করিরার নিমিত্তে কতই সম্প্রদায় সৃষ্ট হইয়াছিল,
এখন দেখ সেই সকল সম্প্রদায়ের মধ্যে আবার অপরিহার্য্যরূপে পোত্তলিকতা প্রবেশ করিতেছে। পোত্তলিকভার এ স্বাভাবিক গতিকে কে রোধ করিতে পারিবে ?

১০। এতাবতা কোন কালেই ত্রন্ধোপাসনা কোন এক দেশের সামাজিক ধর্ম হইবেক না এবং বর্ত্তমান কালেরও অতি অপ্প সংখ্যক শিক্ষিত যুবা ব্যতীত জন-সাধারণ রূপ-নাম-বিশেষণ-বিবর্জ্জিত ত্রন্ধোপাসনার অধিকারী নহেন।

১১। তাদৃশ অম্পাধিকারী ব্যক্তিগণের আত্মার মঙ্গল করা যদি কর্ত্তব্য হয় তবে অবশ্যই তাঁহারদের যেমন ধারণা, যেমন অভিকৃতি, তদুর্যায়ী দেবদেবীর উপাসনার যোগে তাঁহারদিগকে ক্রমে উন্নত করিয়া প্রকৃত ত্রন্ধোপাসনায় আনিতে হইবেক। সকলেই যে সেই উপায়ে ত্রন্ধোপাসনায় আগমন করিতে পারিবেন এমত মনে করা উচিত নহে। তথাপি তদ্ধারা যত লোকের পরমার্থ জ্ঞান জম্মে ততই মঙ্গল। তাঁহারা নাস্তিক ও অফ্টাচারী, না হইয়া অবশ্যই ভক্তি পূর্বকি দেবদেবীর পূঞ্জা, সন্ধ্যাবন্দনা, প্রাদ্ধাদি

ক্রিয়াকলাপ, জপ, তপ, দান, ধ্যান, ইন্দ্রিয়-শাসন, সভ্য-ব্যবহার, অহিংসা, অলোভ ইত্যাদি উপাদেয় ধর্ম সাধন করিবেন। তাহাতে তাঁহারদের আত্মার, বংশের, সমা-জের ও দেশের অনেক মঙ্গল হইবেক।

১২। বাঁহারা তুর্বলাধিকারী অথচ বাঁহারদের প্রতিমা পূজার প্রদ্ধা নাই, কিন্তু এক ঈশ্বরের পূজা করিবারই অভি-কচি, কলে নিরাকার ঈশ্বরের জাগ্রত ভাবকে ধারণ করিছে না পারিয়া মনেতে তাঁহার রূপ কম্পনা করিয়া থাকেন, তাঁহারা যেন পুত্তলিকার পূজা না করেন। কিন্তু চিত্ত-ভদ্ধি করুন, অন্ধবিষয়ক জ্ঞানের ও অন্ধ-প্রীতির ক্রমাগত আর্ত্তি করুন ও নানাবিধ সন্ধ্যবহার করিতে থাকুন, অবশ্য সেই উপায় দ্বারা অন্ধ্যান-মঞ্চে আরোহণ করিবেন।

১৩। বর্ত্তমান সময়ে একটি বিষয়ের প্রতি দৃষ্টি রাখিতে ছইবেক। কালসহকারে এদেশীয় পূর্ব্বকালীন কতিপয় অনাবশ্যকীয় ও অযুক্তিসিদ্ধ সংক্ষার এখনকার অনেক লোকের মন হইতে অপনীত হইয়াছে, তাহা আর পুনরান্য্রন করা উচিত নহে। বরং তাদৃশ কুসংক্ষার যাহা আছে তাহা খীরে ধীরে, হিন্দু-ভাবে, উঠাইয়া দেওয়া কর্ত্ব্য।*

^{*} স্নাতন-ধর্মরক্ষণী সভা সংপ্রতি বছবিবাহ নিবারণার্থে যে যতু করি-তেছেন ভাহাতে সমস্ত হিন্দুসমাজেরই অভিমত হইংবেক। কারণ ভাহা ভাহারা সম্পূণ হিন্দুভাবে করিতেছেন। ত্রান্ধেরা বদি হিন্দুসমাজে থাকিরা ঐ রূপে সমাজ সংস্কার করেন ভাহাতে কাহারও আপত্তি থাকিবে না। উ;হারা বেন সমাজকে সংস্কার করিতে গিলা ধ্বংস না করেন।

ষষ্ঠ-অধ্যায়।

হুর্বলাধিকারীদিগের উন্নতির অধিকার।

- ১। পূর্ব্বে বলাগিয়াছে যে ত্রক্ষজ্ঞানের অধিকার সক-লেরই আত্মাতে, কিন্তু ভাহা ক্রমে উন্নত হয়। এই ঈশ্ব-রীয় নিয়মানুসারে ত্র্বলাধিকারীগণও উন্নতির অধিকারী।
- ২। কিন্তু যেহেতু স্থূল-উপাসনার যোগেই তাঁহারদের ক্রমে ত্রন্ধোপাসনার আগমন সম্ভব, এজন্য তাঁহারদের পক্ষে সেই স্থূল-উপাসনাই ত্রন্ধোপাসনার সোপান-স্বরূপ।
- ৩। শ্রদ্ধা, শম, দম, দান, প্রভৃতি সদাচার সকল স্থুলোপাসনার সঙ্গে কমে জমে উন্নতি প্রাপ্ত হইবে, তাহাতে
 স্থুলোপাসকের মুমুকুত্ব উৎপন্ন হইরা ত্রন্মজ্ঞান-বীজ ক্রমেই
 অঙ্কুরিত ও সেই অঙ্কুর ক্রমেই পরিবর্দ্ধিত হইতে থাকিবেক,
 এবং উপরি-উক্ত শ্রদ্ধাদি আসিয়া তাহাতে সংলগ্ন হওত
 অবশেষে সেই অস্প মেধা-বিশিষ্ট-ভক্তের ত্রন্ধোপাসনা
 স্থারম্ভ করিয়া দিবেক।
- ৪। বৈদিককাল হইতে বর্ত্তমানকাল পর্যান্ত ভারতবর্ষে
 ধর্মসহন্ধে স্থুল, স্থান, মাধ্যমিক, কতই নূতন নূতন মত
 সৃষ্টি হইয়াছে; কিন্তু মানব চিরকালের নিমিন্তে যে
 স্থাল ও মাধ্যমিক মত সমূহে আবদ্ধ হইয়া থাকিবেক একথা
 কোন শাস্ত্রেই এবং কোন সম্প্রদায়ের প্রস্তেই দৃষ্ট হয় না।
 বরং মুমুক্ষু সহকারে ত্রন্ধোপাসনায় অনুরাহণ বিনা যে
 নরের মুক্তি নাই, এই পরমোপাদেয় উপঃদশ সকল শাস্ত্রে

ও সকল সম্প্রদায়ের থ্রন্থে পাওয়া যায়। ভারতবর্ষীয়
প্রাচীন ও নব্য-শাস্ত্র-গ্রন্থ সমূহ যে এই স্বাভাবিক নিয়মকে
পোষণ করিয়া আসিয়াছে, এ বড় আনন্দের বিষয়।
তাহার প্রধান কারণ এই যে বৈদিগ্কালের জড়োপাসনার
অভ্যে উপনিষদের ত্রেক্জান সকল মতের গুরুদিগের হৃদয়ে
এতই দৃঢ়তররূপে মুদ্রিত হইয়াছিল, যে তাঁহারা সেই
ত্রেক্জানকেই স্বন্ধ মতের চরম ফল বলিয়া উপদেশ দিয়া
গিয়াছেন।

৫। খৃষ্টানদিগের ধর্মের উক্ত প্রকার প্রকৃতি নহে।
তাহার মধ্যে প্রায় স্থুল ও প্রায় স্থান এই দ্বিধিভাব বিরাজ
করিতেছে। রোদানকাথলিকেরা খৃষ্টের, তাঁহার মাতার
ও অন্যান্য সাধুর মূর্ত্তি পূজা করেন। প্রোটেস্টণ্টগণ
শাখা প্রশাখায় বিভক্ত হইয়া বিনা প্রতিমায় যীয়ুখ্যের
যোগে ঈশ্বরের নিকট পূজা প্রেরণ করেন। কিন্তু খৃষ্টানরাজ্যে যাহারা অত্যন্ত ত্র্র্বলাধিকারী, তাহারদের ধর্মভাবের সহ প্রক্য হয়, এমত লক্ষণ খৃষ্টান ধর্মে নাই।
তাহারা যাইতে হয় বলিয়া গ্রিজায় গিয়া থাকে, ফলে
কিছুই বুঝিতে পারে না। স্বতরাং তাদৃশ কনিষ্ঠ অধিকারীগণ সে দেশে ধর্মভাবে অতি হীন। এই কারণে ভারতবর্ষের ছোটলোক অপেক্ষা ইউরোপীয় ছোটলোকেরা অতি
ভয়ানক মনুষ্য।

৬। পশ্লান্তরে, যাঁহারা অত্যন্ত জ্ঞানবান মনুষ্য তাঁহার-দের উন্নতঃ মনের সহ ঐক্য হয়, ৠফানধর্মে এমন লক্ষণও দেখা যায় না। ইহার আরম্ভেও খৃফ, অন্তেও খৃফ, খৃষ্ঠ ভিন্ন গতি নাই। স্বতরাং খৃষ্টানদেশের জ্ঞানবান লোকে-রাও খৃষ্টকে পরিভ্যাগ করিতে পারিতেছেন না। তথা-কার হুই এক জন মহাপুৰুষ যদিও খৃষ্টবিহীন উন্নত-ধর্ম আপন আপন অধিকার-মত অবলম্বন করিয়াছেন, কিন্তু ভাহাতে ভাঁহারা একেবারে খৃষ্টীয়শাল্রের বাহিরে গিয়া-পড়িয়াছেন।

৭। মুসলমান-ধর্ম্মের প্রকৃতিও হিন্দুধর্মের-ন্যায় উদার নহে। যদিও মুসলমানের। একমাত্র নিরাকার পরমেশ্বরকে মানেন কিন্তু তাঁহারদের মত অত্যন্ত স্কাও নহে অত্যন্ত স্থলও নহে। ভাঁহারদের মতে পরমেশ্বর কতক কতক নিরাকার, ভাঁহারদের মহমাদ কতক কতক অবতার। উক্তমতে অত্যন্ত অম্পেমেধাবিশিষ্ঠ সাধকের উপযুক্ত উপ-করণ নাই। সেজন্য আরবীয় ইতর লোকেরা যার পর যে সকল অপ্পামেধাবিশিষ্ঠ মুসলমান নাই ছুৰ্ব্ত। ভারতীয় ছুর্বলাধিকারীদিগের কোমল সংসর্গ লাভ করি-য়াছিল তাহারাই মুসলমানদিগের মধ্যে অপেকাকত ধার্মিক। তাহারা কোরাণের কঠিন শাসনের অবমাননা করিয়া শত শত গাজী পীর, ও পয়গম্বরের পূজা ও তাজীয়া সৃষ্টি করিয়াছে। তাহাকে এক প্রকার পেতালিকতা ভিন্ন কি বলিব ? ভাহারদের সরায় (শাত্রে) এইরূপ কঠিন শাসন আছে যে পুতলিকার পূজা ওদিগে থাকুক, কেহ আপন গৃহে কোন পীর পয়গম্বর বা দেবতার তস্বির্রাখিতে ও কোন ক্রিয়াতে বাদ্যোদ্যম করিতে পারিবেক না। কিঁতু জলকে হস্ত দ্বারা কে ঠেলিয়া রাখিবে ?

- ৮। পক্ষান্তরে যাঁহারা অত্যন্ত জ্ঞানবান মনুষ্য তাঁহারদের উন্নত মনের সহ এক; হয় তাঁহারদের ধর্মে তাদৃশ
 লক্ষণত দেখা যায় না। তাহাতে মুদা, দাউদ, সোলেমান,
 মহম্মদ, বারজন, ইমাম ও অন্যান্য পায়গন্তর ও নবীগণের
 এতই আড্রর যে তাহা ভেদ করিয়া ব্রহ্ম-দৃষ্টি সন্তবে না।
 এই কারণে মুসলমানদিগের মধ্যে সবল-ব্রহ্ম-জ্ঞানীর
 অসদ্ভাব।
- ১। কিন্তু হিন্দুধর্মের উদারভাব ও স্বাধীনতাকে ধন্যবাদ। হিন্দুধর্মরপ কপ্পতকতলে অক্ষজ্ঞানী, বিরাটজ্ঞানী
 বৈদিক্, বৈদান্তিক, পেতিলিক সকলেই মনের মত স্থান
 পাইতে পারেন।, ইহাতে স্কুল, স্কান, নাধ্যমিক, অভিস্থল
 ও অভিস্কান সর্বপ্রকার উপকরণই রহিয়াছে। ধর্মপথের
 চঞ্চল-পথিকগণের চিত্তে যথন ঈশ্বরের যে প্রকার উপাসনা
 আবশ্যক বলিয়া বোধ হইবেক, তথন তাহা আর নুতন
 সৃষ্টি করিতে হইবেক না। তাহা তাঁহারা সেই হিন্দুধর্মের
 উদার কোষাগারেই পাইতে পারিবেন।
- ১০। আবহমান্কাল ধরিয়া প্রাকৃতিক জগতে প্রত্যেক
 ঋতুতে সাধারণতঃ যে যে পরিবর্ত্তন হইয়া আসিয়াছে,
 ভাবী-কালের প্রত্যেক ঋতুজনিত পরিবর্ত্তন তাহারই
 অনুরূপ হইবেক। তদ্ধেপ ভারতীয় ধর্মারাজ্যে এতকাল
 ধরিয়া যত পরিবর্ত্তন হইয়াছে পৃথিবীর ধর্মা-বিষয়ক
 ভাবী-পরিবর্ত্তন সকল তাহারই কোন না কোন-প্রকারের
 অনুরূপ হইবেক। নুতন কিছুই হইবেক না। ভারতবর্ষ
 পৃথিবীর মধ্যে স্ক্রিজ্যেষ্ঠ প্রাচীন-রাজ্য, তাহাতে আবার

ধর্মালোচনার বিশেষ কেত্র ছিল। অতএব ধর্ম সম্বন্ধে ভারত যাহা দেখিরাছে ও করিরাছে, ভাহা কনিষ্ঠ দেশ সকল এত অস্প দিনের মধ্যে কোঞা হইতে দেখিবেক? অন্য দেশে ধর্মের যে তত্ত্ব এখন বা পশ্চাৎ নুতন আবিক্ষৃত হইবেক, ভারতে সহত্র সহত্র বংসর পূর্বের ভাহা আবিক্ষৃত, বিচারিত, প্রচারিত ও শাস্ত্রভুক্ত হইরাছিল। এখন যে দেশে বিনি যে ধর্ম প্রচার করুন, ভাহা অভিরন্ধপ্রপিতান্মহ-স্বরূপ ভারতের চক্ষুতে নুতন বোধ হইবে না। আর যে দেশে যিনি যত স্বেছাচার করুন, ভারত-ধর্ম-সংহিতার মঙ্গলোদেশ্য ভারা ভাহা পরীক্ষা করিলেই ভাহার অভত ফল লক্ষিত হইবেক।

- ১১। কিন্তু আক্ষেপের বিষয়, হিন্দুশান্তের মঙ্গলোদ্দেশ্যানুসারে এদেশীয় তুর্বলাধিকারীদিগকে উন্নত করিয়া তোলার কোন উদ্যোগ হইতেছে না। এইক্ষণ প্রাচীন গুরুগণ নিস্তেজ হইয়াছেন। পেতিলিক ধর্মের যে যে প্রকার আচরণ তুর্বলাধিকারীগণের পক্ষে অক্ষজানের সোপান, বিহিত বিধানে তাহার উপদেশ করিতে পারেন এমত উপদেশক পোত্তলিকদিগের মধ্যে নাই। পেতিলক্ষেত্রক নিজে তুর্বলাধিকারী। এক জন্ধ জন্য অন্ধের পথ প্রদর্শক হইলেই উভয়ে কুপে পতিত হইবেক।
- ১২। অতএব এক্সবাদীরা বত দিন তুর্বলাধিকারী-দিগকে ঐ সকল আচরণের উপদেশ করিতে বিহিত-বিধানে এতী না হইবেন ততদিন তুর্বলুদিগের উন্নতির অধিকার প্রশস্ত হইবেক না। অনেকে মনে করেন "পেতি-

লিক-ধর্মের দারা এপর্যান্ত কারাকেও ত্রন্ধোপাসনায় আগমন করিতে দেখা গেল না, স্বতরাং তাহা ত্রন্ধোপা-मनात (मार्गान नरह," किस चूलधर्मात स्वार्ग रयक्रार्भ ত্রন্দোপাসনায় আরোহণ করিতে হয়, সেরপ শিক্ষা যে কেহ পাইতেছে না, তাঁহারা তাহা বিবেচনা করেন না। তাঁহারা কেবল ইহাই স্থির করিয়া রাখিয়াছেন যে, সক-লেরই একেবারে ত্রন্মজ্ঞানলাভের শক্তি আছে; তাহা ভুল। কেহ কেহ এমনও কহেন যে "যাহারা ত্রন্ধ-জ্ঞান নারুঝিতে পারে ভাহারা আপাততঃ দূরে অবস্থিতি কৰক—সম্প্রতি তাহারদের যাহা ইচ্ছা কৰক, ফলে তাহার-দিগকে পোত্তলিকতায় উৎদাহ দিলে তাহারা আম্পর্কা পাইবেক; যখন দেশের অধিকাংশ ভদ্রলোক ও বিদ্বান লোক ত্রান্ম হইবেক তখন তাহারাও আপনা আপনি ত্রান্ম-ধর্ম-অবলম্বন করিবেক।" আমি একটি প্রশ্নের দ্বারা তাঁহারদের এতাদৃশ নির্দ্যোক্তির উত্তর দিতেছি। "ভদ্র লোকেরা আদা হইলে. তাহারাও হইবেক," এ তাঁহারদের বহুদুরের প্রত্যাশা-এখন যে তাহারা পাপাচারে ভাসি-তেছে—উন্নতির উপাদেয় অধিকার থাকিতেও যে অধােগমন করিতেছে তাহার কি উপায় হইবেক ?

मश्चम-अधारा।

ভারতীয় **হ্**র্কলাধিকারীদিগের বর্ত্তমান-কালীন-অবৈধাচার।

- ১। আমারদের দেশের লোক সকল আপন আপন বৃদ্ধির আছ স্থলোপাসনার মধ্যে নৃত্যগীত রঙ্গরস প্রবেশ করিয়া দিয়া ক্রমেই ভ্রফাচারী হইয়া পড়িতেছেন। বিষ-য়াদ্ধকারের মধ্যে থাকিয়া অক্ষজান-লাভের আবশ্যকতা ভূলিয়া রহিয়াছেন।
- ২। এদেশের ছর্কলাধিকারীগণ যদি আপন আপন অধিকার মত শাস্ত্রানুসারে ত্রিসন্ধ্যা, পূজা, জপ, তপ, অধ্যয়ন, অধ্যাপনা ইত্যাদি সদাচার সমূহ মুমুক্ষার সহিত সম্পাদন করিতেন তাহা হইলে অবশ্যই তাঁহারদের শ্রেমের পাথ মুক্ত হইত।
- ৩। এদেশের ইতরলোকদিগের গুৰুগণ যদি সত্প-দেশ প্রদানের উপযুক্ত হইতেন, অথবা উচ্চজ্ঞানিরা যদি ইতরগণকে জ্ঞান ও ধর্ম শিক্ষা দেওয়ার ভার লইতেন তাহা হইলে এত দিন ইতর লোকদিগেরও শ্রীরৃদ্ধি হইত।
- ৪। তাহা না করিয়া এদেশের গুরুরা কেবল বিভাপ-হারী হইয়াছেন, সদ্গুরুর অভাবে শিষ্যগণের সন্তাপ দূর হইতেছে না। তাহার উপরি আবার গুরু শিষ্য, যাজক যজমান, পিতাপুত্র সকলে ঐক্য হইয়া পৈতিলিক ধর্মের মধ্যে নানা প্রকার কলুষ প্রবেশ করিয়া দিতেছেন।

এক একটি বারএয়ারি-পূজায় পাপের স্রোভ বহিতেছে।

দুর্গাপূজার মধ্যে যশোবাসনা ও ইন্দ্রিয় সেবাই প্রধান
স্থান লইয়াছে। ভক্তি, প্রান্ধান, ধারণার পরিবর্ত্তে

অহকার, হিংসা, দ্বেষ, ও অতি জঘন্য আমোদের আচরণ
হইতেছে।

৫। প্রতিমার সজ্জায়, বাদ্যোদ্যমে, নৈবেদ্যে, দানে, আহস্কার প্রকাশ পাইতেছে। পূজার উপলক্ষ করিয়া লোক সকল বস্ত্রালক্কার ধারণে, লোকিকতা করণে, সূত্রনতা স্বীকারে অহস্কার প্রকাশ করিতেছে। মদ্যপান ও ইন্দ্রিয়সেবা প্রভৃতি পাপকার্য্য সকল উন্মন্ত হইয়া আচরণ করিতেছে।

৬। তুর্বলাধিকারীদিগের মধ্যে ধর্মাচরণে ঐ সকল দোয সংঘটিত হওয়ায় দেশের অন্যান্য বহুলোকও অফা-চারী হইয়া পড়িয়াছেন। তাদৃশ অফাচারীগণের চরিত্র ষার পর নাই জঘন্য হইয়া উঠিয়াছে। ধনী ও বড় হইবার আশা তাঁহারদের হৃদয়কে এত ক্ষীত করিয়া তুলিয়াছে যে, ভদ্রনামধারী ব্যক্তিরাই অধিক পরিমাণে মিধ্যা প্রবঞ্চনা এবং উৎকোচ গ্রহণ দারা সেই আশা চরিতার্থ করিছে ত্রতী হইয়াছেন। ধর্মের কথা তাঁহারদিগের নিকটে কর্মশ বোধ হয়। যদি কখন তাঁহারা কোন ধর্মাচরণ করেন, নিশ্চিত জানিও তাহা কেবল যশোলোলুপ হইয়া করিয়া থাকেন। তাঁহারা পরলোকে বিশ্বাস করেন না—অতএব প্রাদ্ধ শান্তি যাহা করেন নিশ্চিৎ জ্ঞানিও তাহা কেবল লোক রক্ষা ও যশোবাসনায় করিয়া থাকেন। এই বিচিত্র কলু-ষিত ভাব অবশ্যই হৃদয়-বিদারক।

৭। যে ভারতবর্ষের ধর্মভাব ও শান্ত-সংহিতা পৃথি-বীকে মোহিত করিয়াছে, যেখানকার লোকেরা সর্বতেই শান্ত বলিয়া প্রাসিদ্ধ, সে দেশ এইরপে বিনাশ পাইতেছে, ইহা দেখিয়া কাহার মনে না শোকের উদয় হইবেক ? সেই সকল শান্তের মূল উদ্দেশ্য বিফল হইয়া যাইতেছে ভাহাতে কাহার মন না যন্ত্রণাগ্রস্ত হইবেক ?

৮। অতথ্য তুর্বলিদিগের মধ্যে যাঁহার ষেমন ধারণা-শক্তি তাঁহাকে সেইপ্রকার স্থুল অথবা অপেক্ষারুত স্থ্যনউপাসনায় ভক্তিপূর্বক ও বিধিপূর্বক নিয়োগ করিভে
না পারিলে এবং তাঁহারদের সমুখে শাস্ত্রের যথার্থ উদ্দেশ্য
উদ্ঘাটিত না করিলে তাঁহারদের কল্যানের অন্য উপায়
নাই! কবে তাঁহারা আক্ষদিগের দেখাদেখি আক্ষ হইবেন সে রুখা আশাতেও আর অপেক্ষা করা যায় না!
যে কোন উপায়ে হউক তাঁহারদের বিশ্বাস ও ধারণার
অনুযায়ী-ধর্মেই তাঁহারদিগকে বিহিত বিধানে এতী করা
কর্ত্ব্য়। তাহা হইলেই পাপের স্বোভ অধিকাংশ নিবারিত হইয়া অনেকের এক্ষ-জিজ্ঞাসা উপস্থিত হইবেক!

অফ্টম অধ্যায়।

ত্রন্ধবাদিরাই হুর্বলাধিকারীগণকে উপদেশ দিবার অধিকারী।

১। কনিষ্ঠাধিকারীগণের ধারণাশক্তি যতই কেন নিম্নে অবস্থান কৰক না, আদর্শকে উচ্চস্থানে রাখিতেই হইবেক। তাঁহারা মূর্ত্তি নির্মাণ করিয়া অথবা মানস কপোনায় চিত্র করিয়া আপান আপান ইফদেবের আরাধনা করিবেন বটে, কিন্তু ত্রম্মজ্ঞান উপার্জ্জ্জ্বন এবং ত্রম্মের পূজায় আরোহণ করাই তাঁহারদের লক্ষ্য হইবেক। তাদৃশ উচ্চলক্ষ্য যাঁহার হৃদয়ে জাগৰুক আছে, তিনিই অন্যের হৃদয়ে সেই আদর্শ ও লক্ষ্যকে জাগৰুক করিয়া দিতে ক্ষমবান হয়েন। অত্তর্থব তাদৃশ বলবান পুরুষ ব্যতীত ত্র্বলের সাহায্য আর কে করিবে?

২। মাতা যেমন আপন শিশুকে ত্র্মপান করাইয়া অন্ন আহারের উপযুক্ত করিয়া তুলেন, কিন্তু আপনি শিশুর ন্যায় ত্র্মপোষ্য নহেন ; চিকিৎসক যেমন রোগীকে লঘু পথ্য দিয়া তেজক্ষর দ্রব্যাহারের যোগ্য করিয়া তুলেন, কিন্তু রোগীর সঙ্গে আপনি কখন লঘুপথ্য গ্রহণ করেন না; শিক্ষক যেমন ছাত্রকে লঘু-শিক্ষা প্রদান করেন, কিন্তু ভাঁহার আপনাকে লঘু-শিক্ষা লইতে হয় না; ত্রেক্ষোপা-সক সেইরপ কনিষ্ঠাধিকারীদিগকে ভাঁহারদের নিজ নিজ প্রিপাক ও ধারণাশক্তির

অনুষায়ী মহোঁমতির জন্য কনিষ্ঠোপাসনার উপদেশ দারা কেমে তাঁহারদিগকে এন্দোপাসনার যোগ্য করিয়া তুলিবেন, কিন্তু আপনি কথন তাঁহারদিগের ন্যায় অপের উপাসনা করিবেন না। এবং ছর্কলাধিকারীগণকে ইহা জ্ঞাত হইয়া থাকা কর্ত্রর যে তাদৃশ কনিষ্ঠোপাসনা সেই এক্ষজের আত্মার পক্ষে সভাবতঃ প্রয়োজনীয়ও নহে। লোক দেখাইবার নিমিত্তে পুত্রলিকার পূজা করিতে যাওয়া তাঁহার বিশ্বাসের বিৰুদ্ধ কার্য্য। তিনি অন্যের সম্বন্ধে যেমন উদার থাকিবেন আপনার সম্বন্ধেও তদ্রুপ থাকিবেন। ছর্মলাধিকারীরা অন্ততঃ ইহাই বুঝিয়া রাখিবেন যে "সমস্ত বেদেতে তত্তৎ-বেদোক্ত যাবতীয় কর্ম-ফলরপ যে প্রয়োজন-সিদ্ধ হয়, তৎসমস্তই নিশ্চয়ায়্মক-বুদ্ধি-বিশিষ্ট এক্মনিষ্ঠ ব্যক্তির হইয়া থাকে।*

- ৩। পিতা মাতা শিশুর ভার গ্রহণ না করিলে, জ্যেষ্ঠ লাতা অপ্রাপ্তবয়ক্ষ কনিষ্ঠ লাতার ভার না লইলে, চিকিৎসক রোগীকে না দেখিলে, তাঁহারদের যেরপা অপরাধ
 হয়; বেল্লবাদী ছর্বলাধিকারীকে ভদীয় অধিকার অনুসারে
 ধর্মোপদেশ না করিলে, তাঁহার ভদপেক্ষাও অধিক অপরাধ হয়। কারণ অন্যান্য উপকারের অভাবে মানবের
 কেবল পার্থিব কফই হয়, কিন্তু ধর্ম-উপদেশ বিনা মানবের
 পরমার্থিক-যন্ত্রণা ঘটিয়া থাকে।
- ৪। এইক্ষণ ত্রাক্ষ-সমাজের মধ্যে বা বাহিরে যাঁহারা প্রকৃত ত্রাক্ষোপাসক আছেন তাঁহারা যদি ধীর্ভাবে মানবাত্মার

^{*} বর্দ্ধমানাধিপতির মহাভারত। তগবদ্গীতা প্রং আংধ্যায় ২৫, পৃ ৩৮।

এই ঈশ্রদত্ত অধিকার-তত্ত্বের আলোচনা করেন, তবে ওাঁহার। অবশ্যই আমাদের এই প্রস্তাবের মর্ম্ম বুঝিতে পারিবেন।

৫। যদি ত্রান্ধেরা এইরপ উপদেশ-কার্য্যের ভারতাহণ করেন, তবে কালেতে ত্রান্ধ-সমাজের হস্তেই হিন্দুসমাজের ভার পতিত হইবেক। তখন ত্রান্ধ-সমাজরপ কপেতক হইতে সকলেই যথাভিলষিত, যথা ক্ষুধা, যথা পরিপাকশক্তি, কনিষ্ঠ ও শ্রেষ্ঠ-উপাসনা অপ্প অথবা উচ্চ ত্রন্ধজ্ঞান শিক্ষা করিবেন। তখন ত্রান্ধ-সমাজই ভারতবাসীগণের মহাসমাজ হইবেক। ত্রান্ধ-সমাজের ভাওার ত্রন্ধজ্ঞানে পূর্ণ থাকিবেক। ত্রন্ধারণ পরমাদর্শ উর্দ্ধদেশে অবস্থিতি করিবেক, এবং প্রচারকদিগের উপদেশে নানা জাতীয় দুর্ম্বলাধিকারীরা স্ব স্থ ধারণা অনুসারে আপন আপন যাধীনতার মধ্য দিয়া সেই ত্রন্ধারণ অনুসারে আপন আপন যাধীনতার মধ্য দিয়া সেই ত্রন্ধারণ বিশ্বানীয় ভাবে ভক্তিপূর্ম্বক কনিষ্ঠোপাসনার আচারণ করিতে থাকিবেন। তখন ত্রান্ধ-সমাজকে ভারতীয় জনসাধারণ বিজ্ঞাতীয় ভাবে দৃষ্টি করিবেন না, কিন্তু আপনার-দের ধর্মের চুড়ারপে গ্রহণ করিবেন।

৬। কিন্তু আপত্তি এই যে ত্রান্স বা ত্রন্মজ্ঞানীর বিশ্বাস
যখন একত্রন্মে তথন তিনি স্বীয় বিশ্বাসের বিৰুদ্ধ পৌতলিক
ধর্মের উপদেশ তুর্ম্মলাধিকারীকে কিমতে করিতে পারেন ?
এই কথার সহজ উত্তর এই যে ত্রান্মকে ঈশ্বরের ইচ্ছার সহিত
যোগ দিয়া চলা উচিত। ঈশ্বর তুর্মালাধিকারীর ধারণার
সন্মুখে কৃপা করিয়া স্থল-উপাসনা ধারণ করিতেছেন, স্থুলো-পাসকেরা ঈশ্বরের নিয়মে বদ্ধ হইয়া ঈশ্বরেরই উদ্দেশে দেবদেবীর পূজা করিতেছেন। যখন ত্র্মালকে স্থল উপায়ে সবল

করিয়া ডোলা ঈশ্রের ইচ্ছা তখন ত্রাহ্ম কি সেই ইচ্ছার সহিত ত্রন্ধ-প্রীতিকামনায় যোগ দিতে পাপ বোধ করিবেন? আপনার ত্রন্ধজ্ঞানের সে প্রকার অভিযান করা ঐশিক নিয়মের ভারতবর্ষে পূর্ব্ধকালে ত্রন্ধবাদী ঋষিরা কখন এপ্রকার অহস্কার প্রকাশ করেন নাই, কেবল ইংরাজেরা এদেশে আসিরা এই শিক্ষা দিয়াছে যে, খুফানদিগের অন্য ধর্মাবলম্বীর ধর্মকার্য্যে কোন সাহায্য করা উচিত নহে। ত্রান্দের। খৃষ্টানদিগের জানিত অনুকারী। তাঁহারাও খৃষ্টান-দিগের ন্যায় বলেন যে পেত্রিলিক ধর্মে সাহায্য দেওয়া উচিত নছে। এই দৰ কথা কেবল দ্বেষ ও অহস্কার মাত্র। দকলেই ঈশ্বরের পথের যাত্রী, সকল ধর্মাই ঈশ্বরোদ্দেশে, ভাছার মধ্যে ইহাকে সাহায্য করিতে নাই, উহাকে আছে, ইহার অর্থ কি? কিন্তু সাহেবেরা বড় বড় গ্রীজা করিতেছেন, হিন্দুস্থানের রাজারা জমীদারেরা তাহাতে টাকা দিতেছেন, সাহেবেরা তাহা ধন্যবাদের সঙ্গে লইতেছেন। পৌতলিকেরা ভাল-দিগকে বহুধন সাহায্য করিয়াছেন, সে সময়ে ত্রান্ধের। খুশী হইয়াছেন। তবে, বল দেখি কে অধিক মহত ? সাহেব আর ত্রাকা? না হিন্দু ?

নবম অধ্যায়।

ত্রক্ষজ্ঞানীর ব্যবহার-ক্ষেত্র।

১। ইতিপূর্বেব বলা গিয়াছে যে ত্রান্মবাদীই অন্যের অধি-কার পরীক্ষা করত তদনুযায়ী পোত্তলিক বা উচ্চধর্ম্মের উপ-দেশ করিবার যোগ্য পাত্র, এবং তাদৃশ উপদেশে ব্রতী হওয়া তাঁহার নিতান্তই কর্ত্ব্য, কিন্তু স্বয়ং তাঁহার অপ্পের উপাসনা করা অনুচিত। পূর্ব্বকালে ভারতবর্ষের ত্রাক্ষজানী-ঋষিগণ আপনারা তৎকাল-প্রচলিত যজ্ঞাদি করিতেন না, কিন্তু অম্প-মেধা-বিশিষ্ট ভক্তদিগের হিতের নিমিত্তে ভাছার অনুমোদন করিতেন। তাহাতে সে সময়ের কনিষ্ঠোপা-সকগণ তাঁহারদের প্রতি দ্বেষ না করিয়া বরং আপনারাই তাঁহারদের শিষ্য হইয়াছিলেন। তদ্ধেপ এক্ষণকার ব্রেদ্মবাদীরা যদি এক্ষণকার সম্ভব্যত স্বজাতীয় ধারায় ধীর-ভাবে ও বিনীত স্বভাবে কার্য্য করেন, ভবে ভাঁহার৷ পুত্ত-লিকার পূজা না করিলেও তাঁহাদের অক্ষজান-পরিপুরিত, व्यथवा पूर्वानाधिकाती मिर्फात धातनात छे शयुक्त छे शार पत्र উপদেশ সকল সর্বতেই স্মান্ত্রের সহিত গ্রাহ্য ইইবেক, এবং তাঁহারা কনিষ্ঠধর্মাবলম্বীদিগের অন্তরঙ্গ ভিন্ন বহিরঙ্গ রূপে বিবেচিত হইবেন ন।।

২। ৃত্তকোপাসক কখন "ত্রন্ধজানী" বা "ত্রান্ধ" প্রভৃতি কোন ধ্রিকিতা-প্রকাশক বা সম্প্রদায়-জ্ঞাপক উপাধি গ্রহণ করিবেন না। কেবল কার্য দ্বারা ভাঁহার পরিচয় পাওয়া যাইবেক। ভাদৃশ উপাধি এহনের মূল ও ফল কেবল অভিমান, এবং পূর্কেবলা গিয়াছে যে তাহা নূতন-বিধ-জাতি ও পৌত্তলিকতার জন্কস্বরূপ। তাই বলিয়া यामगीय প্রচলিত-জাতি-বাচক সাধারণ বা বিশেষ নাম যে তিনি পরিত্যাগ করিবেন তাহা বিধেয় নহে। নূতন নাম গ্রহণে ও পুরাতন নাম ত্যাগে তুল্যাভিমান। পুরা-তন নাম ত্যাগ করাও এক নুতনত্ব। তাহা বেমন আশ্চর্য্য পরিচয় স্থল, সেইরূপ অহস্কার-মূলক। পাছে হিন্দু বলিলে আমাকে পৌত্তলিক বুঝায় অর্থাৎ উচ্চ-জ্ঞানী বা উন্নত-ধার্মিক না বুঝায়, এই জন্য আমি হিন্দু-নাম ত্যাগ করি-লাম। আমি মনে করিতেছি লোকে জানিবে যে হিন্দু-নামের সঙ্গে সঙ্গে আইকার ছাড়িলাম; কিন্তু তাহা নহে। আমি এক নূতন অহস্কার প্রকাশের জন্যই হিন্দু-নাম ত্যাগ করিয়া ' ভালা '' বা ' ভেলাজ্ঞানী ' উপাধি লইলাম। আমি যদি তৎপরিবর্ত্তে সাধারণ "মনুষা" নামটিকেও বিশেষ করিয়া লইয়া এহণ করি, তাহাতেও আমার আন্তরিক অহস্কার প্রকাশ পাইবেক। অহস্কার ত্যাগ করা হইল না। অভিমান ত্যাগই ত্যাগ। বিষয় ও উপাধি ত্যাগকে ত্যাগ বলে না। বাইবেলে দেখ-যিন্তু আপনাকে অনেক সময় মনুষ্যপুত্র বলিয়া পরিচয় দিতেন, কিন্তু মনুষ্যপুত্র সকলেই তথাপি সেই সাধারণ নানটি তিনি বিশেষ করিয়া ধারণ করায়, তাঁহার অভিপ্রায়ে গোলমাল থাকা প্রকাশ পাইতেছে। অভি-মানের অন্ত নাই। যাঁহারা দণ্ডী ও পরমূহংস হন, ভাঁহার। আপন আপন পূর্বনাম ত্যাগ করিয়া কেহ," অমৃতানন্দ ভীর্থ-

ষামী," কেছ "জ্ঞানানন্দ পরিত্রাজক," ইত্যাদি প্রকারের নাম গ্রহণ করেন। অনুসন্ধান কর দেখিবে, মূলে অহকার। অতথব ব্রক্ষজানী কোন প্রকার জ্ঞান-ধর্ম বা সম্প্রদায়-জ্ঞাপক নাম বা উপাধি গ্রহণ করিবেন না এবং পুরাভন জ্ঞাতি ও গোত্রবাচক সাধারণ ও বিশেষ নাম যে "ব্রাহ্মন" "কারন্থ," "চটোপাধ্যায়" ও "মিত্রাদি," তাহাও ত্যাগ করিবেন না।

৩। ত্রেলাপাসক গৃহে থাকিয়া পরিবার ও সন্তান গালে পরিবৃত হইয়াই ত্রন্ধনিষ্ঠ ও তত্ত্তান-পরায়ণ হইবেন। সন্ন্যাসী হওয়া ঈশ্বরের নিয়ম বিকল্প। তাঁহার গুহে রুদ্ধ পিতা মাতা প্রভৃতি পরিবারবর্গের মধ্যে সকলের ত্রন্ধ-জ্ঞানাধিকার সমান নহে। তন্মধ্যে কেহ শাক্ত, কেহ বৈফব থাকিতে পারেন। কেহ অপ্প রুঝিতে পারেন, কেহ অধিক বুঝিতে পারেন। বাদীতে দেব-দেবা ও অভিথি-সেবা থাকিতে পারে, এবং বর্ষে বর্ষে ছর্গোৎদব হয়। ত্রশ্বাদী সেই সকল শ্রদ্ধাস্পদ মহাত্মাদিগের অধিকারের উন্নতি না দেখিলে তাঁহারদিগের উৎসাহ ভঙ্গ বা তাঁহারদের আত্মার উপরি বল প্রকাশ করিবেন না; প্রত্যুত সেই সকল ক্রিয়া যাহাতে বিনা অভিমানে, দান, অভিথি-সংকার, অশ্বছত্র, প্রভৃতি দারা সম্পন্ন হয়, যাহাতে পরিবারেরা ভক্তিভাবে ত্রাণের নিমিতে চক্ষুর জলের সহিত সেই সকল কার্য্য করিতে পারেন, যাহাতে বারএয়ারি পূজার নৃত্যগাত রক্রস উঠিয়া যায়, যাহাতে সকলে সকলের প্রতি প্রিয় ও गिक बावहात প্রকাশ করে, এই সকল উপাদেয় উপদেশ

প্রদান করিবেন; কিন্তু যেমন পল্পত্র জলেতে থাকিয়া জললিপ্ত হয় না, সেইরপ নিজে আনন্দের সহিত, বীর্ষ্যের সহিত, স্থাসনের সহিত, বিনা কলহে, তাহাতে নির্ন্ধি থাকিবেন। প্রতিবাসীর ভবনে ও দূরস্থ জনপদবাসী গৃহস্থের আলয়েও তাঁহারদের যতদূর অধিকার সম্ভব্যত প্রস্প ব্যবহার করিবেন।

৪। অধিকার-তত্ত্ত ব্রহ্মজ্ঞানী স্বীয় গৃহের ভাবত আজীয়গণের স্বাস্থাধিকার ও ধারণানুসারে জ্ঞান ধর্মের উপদেশ করণে উপদেশক স্বরূপে যেমন স্বভাবতঃ দায়ী আছেন, তেমতি তিনি যুক্তিতেও কর্ত্তম্বলে তাঁহার-দিগকে স্ব ধর্মে সাহায্যদানে দায়ী রহিয়াছেন। প্রত্যেক পরিবার এক একটি ক্ষুদ্র রাজত্ব। তাদৃশ পরিবারের কর্ত্তা যদি ত্রক্ষজ্ঞানী হন, তবে তিনি ত্রক্ষজ্ঞান প্রভাবে নিজে নির্লিপ্ত থাকিয়া তাহার সমুদর ভারই লইবেন। शृक्षात्नता व्यना धर्मावलशीमिश्वत धर्म्कार्या नाश्या मान যেমত অসমাত এমত আর প্রায় দেখা যায় না। এদেশের গবর্ণমেণ্ট খৃফান; তথাপি দেখ তাঁহারা অরুপযুক্ত ভুমাধি-কারীদিগের বিষয় ও ধর্ম কেমন ঔদার্য্যের সহিত রক্ষা করিতেছেন। রক্ষণাবেক্ষণের সঙ্গে সঙ্গে ভাদৃশ ভূম্যধি-কারীদিগের দেবালয়ের তাবত কার্য্য স্থচারুরপে নির্বাহ করাইয়া দিতেছেন, তাদৃশ পরিবারদিগের ধর্ম ক্রিয়া, তীর্থ-গমন, ভজন, পূজন, প্রভৃতি সমুদয় কার্য্যে বিধিমত সাহায্য করিতেছেন। সত্য বটে তাঁহারা স্বীয় টাকায় দে সাহায্য না করিয়া কেবল সেইরপ্ বিষয়েরই টাকা

ছইতে তাহা করিয়া থাকেন, কিন্তু যেরপ' কর্তৃত্ব করিতে-ছেন তাহা কি সাহায্য নহে? তদ্ব্যতীত গ্ৰন্মেন্ট কড म्हात्न, (मवान्त्युत ভात धारन कतिशाह्नन; ভारा कि সাহায্য নহে ? এই সকল অনাথদিগের স্ব ধর্মারকা ও সহিত সম্পাদন করিতেছেন। পাদরী সাহেবেরা তাহাতে আপত্তি করিয়াছিলেন; কিন্তু তাদৃশ আপত্তি কি পিতাকে সন্তান পালন হইতে বিরত রাখিতে পারে? অতএব পৌত্তলিকদিগকে পৌত্তলিক ধর্মসাধনে সাহায্য করিলে পাপ হয়, এমত ভ্রম ত্যাগ করিয়া ভ্রমজ্ঞানী আপন গ্রহের পৌতলিকদিগকে তৃদ্বিয়ে আবশ্যকমত সাহায্য করিবেন। যদি পূর্বসম্পত্তি না থাকে, তথাপি স্বোপার্জিত ধনদারা সাহায্য করিবেন। পিতা মাতা প্রভৃতি এক পরিবার-ভুক্ত আত্মীয়-বর্গের নিকটে, তিনি বিশেষ ঋণী আছেন— সেই এক ভাবে, এবং প্রত্যেক ব্যক্তির স্বধর্মে সাহায্য দ্বারা তাহাকে মুক্তির পথে আকর্ষণ করা উচিত—এই আর এক ভাবে, তাঁহারদিগের ধর্মকার্য্যে সাহায্য করিবেন। কিন্তু পুনরায় বলিতেছি নিজে দেরূপ কার্য্য করিবেন না।

৫ ৷ ক্রিয়ার সময় ভিন্ন অন্যান্য সময়ে তিনি বিনীত-ভাবে মুর্বলাধিকারীগণকে শান্তের তাৎপর্য্য, মানব স্বভাবের বিচিত্রতা, বিভিন্ন প্রকার অধিকারের স্বাভাবিকতা ও উন্নতিশীলতা, মুক্তির সহিত ব্রহ্মজ্ঞানের জন্য-জনকত্ব সম্বন্ধ ও তাহার তাৎপর্য্য সম্বলিত পরমার্থ-তত্ত্ব এবং ধ্যান ধারণা, সমদ্যাদির সাধনা, মুমুক্তুত্ব, ইত্যাদি পরমানন্দ

जनक विषया উপদেশ দিবেন। এক প্রকারের উপদেশ সকলের আধ্যাত্মিক কচিও প্রকৃতিতে সংলগ্ন হইবেক না; এজন্য অত্যে প্রীক্ষাদারা প্রত্যেক্তর ভাব ভঙ্গী জানিবেন: পশ্চাৎ তাঁহারদিগকে উপদেশের নিমিত্তে দ্বিবিধ উপায় অবলম্বন করিবেন। প্রথমতঃ কথোপকথন দ্বারা প্রত্যে-কের ধর্মা পিপাদা শান্ত করিবেন। দ্বিতীয়তঃ ধর্মোপ-দেশের নিমিতে সভা করত শোতাদিগের সাধারণ অধিকার ও ত্রন্ধজ্ঞানের মর্য্যাদা রক্ষা করিয়া সাধারণ ভাবে স্তোত্ত বন্দনা ও বক্তাদি দ্বারা সঞ্লের প্রীতি ভক্তিকে জাগরিত করিয়া তুলিবেন। মনঃকম্পিত গম্প এবং পোরাণিক অলিক গম্প দ্বারা তাঁহারদিগের চিত্ত রঞ্জন করিবার চেষ্টা করিবেন না। প্রত্যুত সর্বতোভাবে সে সকল অলীকতা বর্জন করিবেন। তাঁহারদিগকে ভগবানের পূজার সর্কা-পেকা অধিক আবশ্যকতা জ্ঞাপন করত ক্রমে ব্রন্মজ্ঞানে ও আধ্যাত্মিক উন্নতির উচ্চ সোপানে আকর্ষণ করাই তাঁহার উদ্দেশ্য থাকিবেক। ঐ উদ্দেশ্য ভুলিয়া গেলেই চতুর্দ্ধিগে অন্ধকার ও ভর্ক্ক -জাল বিস্তৃত হইবেক।

৬। যাঁহারনিগের পোতলিক ধর্মে শ্রন্ধা নাই, অথচ যাঁহারা এক্ষ-জ্ঞানেরও অধিকারী নহেন, এক্ষক্ত ব্যক্তি তাঁহারদিগের সহিত উত্তা-তর্ক্কে প্রারুত্ত ন। হইয়া যথা-অধি-কার, যথা ধারণা ভাঁহারদিগকে এক ঈশ্বরের উপাসনায় আনয়ন করিবেন। যাহাতে তাঁহাদের ঈশ্বরের অন্তিত্ত্বে বিশ্বাস ও ভক্তির আধিক্য হয়, এমত সকল প্ররমারোগ্য জনক উপদেশ প্রদান করিবেন। সর্ক্রদা তাঁহারদের আজার পরিচয় লইয়া তাঁহারদের প্রকৃত অভাব জাত হইবেন।

দেই অভাব পূরণের উপায় তাঁহারদের আত্মাতেই আছে;
অনুসন্ধানদারা ভাহা অবগত হইয়া, তাঁহারদের আত্মার
দ্বারা দেই অভাবকে আত্মীয়ভাবে পূরণ করিয়া দিবেন
এবং অধিকারের উন্নতি অনুসারে ক্রেমে উচ্চ উচ্চ জ্ঞান
ও প্রীতির ভাব শিক্ষা দিয়া তাঁহারদিগকে প্রকৃত এক্যোপা–
সনায় আকর্ষণ করিবেন। প্রাচীন শাসন অভাবে তাঁহারদের মধ্যে স্থরা, নৃত্যগীত, রঙ্গরস মিধ্যা আহার ব্যবহার
প্রচলিত থাকিতে পারে, অক্ষন্ত ব্যক্তি তাহাতে কোন
মতে উৎসাহ প্রদান করিবেন না, প্রত্যুত সর্বানা ভগবানের
নাম-সহকারে বিবিধ নীতিগর্ভ ধর্মোপদেশ দ্বারা তাঁহার
দিগকে শাস্ত করিবেন। এই প্রকার শান্তিযোগে তাঁহারা
ভক্ষযোগের অধিকারী হইবেন।

- ৭। একজ ব্যক্তি র্থা আমোদ প্রমোদে কাহাকেও ধন, শরীর ও সম্মতি দ্বারা উৎসাহ দিবেন না। যাহা করিলে সুরাপায়ী, অলস, বেশ্যা, চোর, উৎকোচপ্রিয়, পরনিন্দুক প্রভৃতি ব্যক্তির স্বেচ্ছাচারের পোষকতা হয়, সেকার্য্য হইতে সাবধানে দূরে থাকিবেন।
- ৮। ত্রেলোপাসক জীবন নির্বাহজন্য অবশ্যই ব্যবসায়াদি কর্ম করিবেন; কিন্তু কর্মেতে কখনও জড়িত হইবেন না। দৈনিক কর্ম সকল শীত্র শীত্র স্থচাকরপে নির্বাহ দারা মুক্তি গ্রহণ করিবেন। মধুমক্ষিকার ন্যায় পক্ষমুক্ত হইয়া সংসারের মধুপান করিবেন, কিন্তু পিপীলিকার ন্যায় তাহাতে ভূবিয়া থাকিবেন না। তাহা হইলে তাঁহার কর্ম ত্রক্ষ উভয়ই

পछ रहेदक हैं नगुरा-क्रथ ममरा, नगुराक्रथ छेथार, रथा-में कि, यथां छान थर यथां दियां म दावरात होता की दिका-श्रमार कर्म ममाशास थर छेथा के श्री होने विश्वाम धर मरमादात वगुथात ममस मर्मनादक्षणास य ममरा खर्या में के थां किदक, छोरा थात्र थिखा, थात्रम-मास्तिश्रम श्रमान-फ-क्षक खक्षाताथनात, खक्षकान श्री छिथानक श्रम्ह थार्टि, खक्षनाम गान, खक्षनाम मान, किनिश्री शिकाती कि छेथान श्रमान, एव श्रमान, ममन श्रमान निर्द्राण कित-दिन, धर श्री छ श्रमार भाव हरेसा, यथा मिन यथा ममरा खोक्ष ममारक भमन कड़ खारकाथाना, खक्षश्रम गान थर खक्षनाम श्री त कित्रदन।

দশম-অধ্যায় ৷

ত্রাহ্মসমাজ ও ত্রহাজ্ঞান।

ক্রমজ্ঞানের সমবেত আলোচনা। সবল ও তুর্মল সমুদর ভদ্রলোকের জন্য সাধারণ উপাসনা ও উপদেশ।

১। ত্রাক্ষসমাজের তিনটি ভাগ থাকা উচিত। প্রথ-মতঃ ত্রক্কজানালোচনা ও উন্নতভাবে ত্রক্কোপাসনা করার বিভাগ; দ্বিতীয়তঃ সবল, হুর্কাল, সমুদয় ভদ্রলোকের জান্য সাধারণ উপদেশ ও উপাসনার বিভাগ; তৃতীয়তঃ হুর্কালা-ধিকারীগণকে তাঁহারদিগের স্ব স্ব ধারণানুষায়ী কনিষ্ঠো-প্রদার যোগে জ্ঞান ধর্ম শিক্ষা দেওয়ার বিভাগ।

- ২। এই তিবিধ বিভাগের মধ্যে প্রথম দুই প্রকারের উপাসনা ও আলোচনা রাহ্মমাজগৃহে হইবেক। শেষাক্ত প্রকারের উপদেশ বাহিরে প্রদত্ত হইবেক। ফলে, তাহার নিয়ম, পদ্ধতি প্রভৃতি রাহ্মসমাজের কার্য্যালয় হইতেই লিপিবদ্ধ ও প্রচারিত হইবেক।
- ৩। ত্রাক্ষদমাজে যে ত্রক্জানের আলোচনা হইবেক ध्वर य मर्ख माधात्रायत छेलामना इटेरक, जाहात मरधा কখনই যেন পরিমিত দেবদেবীর নাম গদ্ধও না থাকে। কেবল ব্ৰহ্মই ব্ৰাহ্মসমাজের গতি, মুক্তি, আদর্শ, উদ্দেশ্য পাকিবেন। সেই মহোচ্চ লক্ষ্যই মানব মাত্রের গ্যা স্থান হইবেক। কনিষ্ঠোপাদকেরা স্ব স্ব বিচিত্র ধর্ম-মত সকল তাহারই সোপান-স্বরূপে অবলম্বন করিবেন। অতএব मिहे शूर्न ७ फेक्ट-आनर्भ याहारिक अप्भावा निम्न ना हत्न, অথবা ভাহার স্থলে যাহাতে কোন পরিমিত মূর্ত্তি অথবা পরিমিত ভাব আর্রট না হয়, ত্রেন্দোপাসক-দিগকে এমত সাবধান থাকিতে হইবেক। একোর মহোচ্চ হাণয়-প্রফুল-কর ভাবকে অম্প-বুদ্ধি উপাসকদিগের অনুরোধে পরিমিত করিয়া ফেলিলে কালেতে ত্রাক্ষসমাজে প্রমমুক্তি-প্রদ ত্তক্ষজ্ঞান, ত্তক্ষবিষ্ঠা, ও ত্তক্ষজ্ঞানীর অভাব হইবেক। ফলে, জগতে ত্রন্ধজ্ঞান বা ত্রন্মজ্ঞানীর অভাব হইবেক না। তবে এই মাত্র তুঃখের বিষয় হইথেক যে, ত্রাক্ষসমাজের সহিত म बन्नकान वा बन्नकानीत कान मः अंव थाकिरक ना।
- ৪। উন্নত বেকজ্ঞানের আলোচনা, বেকাসরপ-চিন্তন, বেকাখোগ-সাধন, ব্রক্ষের ভাব ধারণ, বেকাদর্শন, ইত্যাদি

উপাসনা কার্য্যের নিমিত্তে সময়ে সময়ে প্রত্যেক ব্রাহ্মসমাজক্ষ্ উচ্চাধিকারীগণের অধিবেশন হওয়া নিভাস্ত কর্ত্তর। তাহাতে ব্রাহ্মসামাজের মধ্যে ব্রহ্ম, ব্রহ্মজান, ব্রাহ্মধর্ম, ব্রহ্মবিদ্যা প্রভৃতি মহা-প্রাণ সঞ্চারিত হইতে থাকি-বেক; এবং সেই আলোক সম্মুখে দেখিয়া কনিষ্ঠোপাসকেরাও আপন আপন অধিকারের মধ্য দিয়া জাগিয়া উঠিবেন।

৫। মानदित रामन विराग विराग मवल वा पूर्वनाधि-কার আছে, তেমতি সমস্ত মানবের ঈশ্বরোপাসনার এক সাধা-রণ অধিকার আছে। সাধারণ লোকের মধ্যে কেহ এক্ষকে আকাশই ভারুন, কেহ তেজই ভারুন, কেহ চতুর্জু বলি-য়াই ভারুন, আর কেহ নিরবয়ব, মঙ্গলন্তরপই চিন্তা করুন, কিন্তু তাঁহার কৰুণা, তাঁহার প্রেম, তাঁহার দয়া সকলেই বুঝিবেন। অতএব ত্রন্মতন্ত্রে মধ্যে যে যে ভাগ সাধারণতঃ সকলে একেবারে ছানয়ক্ম করিতে পারে, এমত সকল বিষয়ের উপদেশ ও ব্যাখ্যাদার। ত্রাক্ষসমাজের সাধারণ উপাসনা বিভাগের কার্য্য নির্মাহ হওয়া উচিত। কিন্ত ইহা বলা বাত্ল্য যে, তথা কাহারো বিশেষ অধিকার লক্ষ্য कतिया किनएका भागनात छे भाग एक आ या है दिक ना, धदः অতি উচ্চ ব্ৰন্মজ্ঞানও বিবৃত হইবেক না। তথাপি যখন সকলকে ক্রমে ক্রমে ব্রহ্মজ্ঞানে আকর্ষণ করা উচিত, তথ্ন তাদৃশ প্রকাশ্য সামাজিক উপাসনা ও উপদেশ যেন এল-জ্ঞান শিক্ষার আনন্দজনক উৎসাহ স্বরূপ হয়।

৬। তাদৃশ সাধারণ উপাসনা-সভাতে কোন প্রকার সাম্প্রদায়িক ভাব থাকা উচিত নহে। তথা আন্দাদিগের

যেমন অধিকার, অন্যেরও ভদ্ধেপ। স্থতর্রাং ত্রাহ্মগণের বা অন্যের সাম্প্রদায়িক ভাব তথা যেন প্রকাশ না পায়। বর্ত্তমান ভ্রান্দের। ক্রমেই এক সাম্প্রদায়িক মতে আবদ্ধ হই-ভেছেন। অতথ্য সাধারণ ত্রেলাপাসনা সভায় অন্যান্য সম্প্রদায়ের ত্রহ্মনাম প্রবণের যেমন অধিকার আছে, ত্রাহ্ম-দিগের তাহা অপেকা অধিক অধিকার নাহি ৷ এই কথা সকলের অবগত হওয়া উচিত। ত্রান্ধেরা যদি আপনাদের সাম্প্রদায়িক ভাবের সহ ত্রাক্ষোপাসনা করিবার মানস করেন তবে তাহার জন্য স্বতম্ব সমাজ বা ভজনানয় কৰন। ভাদৃশ উপাসনা মন্দিরের নাম ত্রাহ্মসমাজ রাখা উচিত হইবেক না। যদি তাঁহারা সে নাম রাখেন, তবে তাহার সহিত এতাবত কালের প্রচলিত ত্রান্মনমাজের কোন সম্বন্ধ নাই। তাঁহারা যদি আন্ধানলের নাম আন্ধানমাজ রাখেন, তাহারও সহিত প্রাচীন ত্রান্মসমাজের কোন ছন্দাংশ নাই। অথ্রে প্রাচীন ত্রাহ্মসমাজ স্থাপিত হইয়া পরে ত্রাহ্মদল হইয়াছে। **अ**ङ्ध दाचाननाक यनि आत दाचानगाज ना वना यात्र, এবং "ব্ৰাহ্মসমাজ " পূৰ্বে যে উপাসনা স্থানকৈ বুঝাইত यपि क्वल তाहाहे दूबाय, তবে অনেক গোলযোগ निवा-विक इहेरक। **जाहा हहे**(महे खाक्तमभाष थक गांक खान्तान्त्व इन्छ इहेट छन्नात्र शाहेश मकल मस्त्रमारात्र অভেদ-সন্মিলন কেত্ৰ হইয়া উঠিবেক।—

৭। কলিকাতার রাজা রামমোহন রায়ের প্রতিষ্ঠিত বে প্রাচীন আক্ষমাজ আছে, তাহাতে আক্ষদিগের সাম্প্র-দায়িক মতের বড় আন্দোলন দেখা যার না। যদিও ভাহার কর্তৃপক্ষের। ভারতীয় তুর্মলাধিকারীগণের আত্মার শাভাবিক আবশ্যকীয় কনিষ্ঠ ধর্ম্মের উপদেশ দিতে প্রকাশ্যরণে
দণ্ডায়মান হয়েন নাই, কিন্তু তাঁহারদের অভিপ্রায় ও
উদ্দেশ্যকে অতি উদার বোধ হইতেছে। তাঁহারা মুক্ত
কঠে এইরূপ বলিয়াছেন যে—

"সমাজ বন্ধনে মুসলমান ও খৃষ্টানদিগের ন্যায় ব্রাহ্ম-দিগের অতি ব্যস্ত হইবার প্রয়োজন নাই।" (ভত্ত্বোঃ, প্রাবণ ১৭৯১)।

"ইতিহাসে দৃষ্ট হইবে যে সমুদর মনুষ্য জাতি সাধারণতঃ সমান উন্নতিতে কখনই আরোহণ করে না।"
তত্ত্ববাঃ, কার্ত্তিক ১৭৯১) " স্পেটই দৃষ্ট হইতেছে যে সেই
আছকালের জড়োপাসনা অনেকের নিকট শ্রেষ্ঠ-প্রণালী
বলিয়া অদ্যাপি পরিগৃহীত রহিয়াছে। সেই কম্পিত দেব
দেবী সকল অনেকের ভক্তিস্তত্তে অছাপি অনুস্যুত হইয়া
আছে এবং সভ্যাভিমানী প্রসিদ্ধ জাতি সকলের মধ্যেও
মনুষ্যোপাসনা মহা সমারোহে অনুষ্ঠিত হইতেছে।" তত্ত্বোঃ

"অনেকে পরিমিত মনুষাত্কেই সাধ্যানুসারে বিস্তৃত করিয়া, মনুষ্যের স্বেহ, প্রেম, দয়াকে, মনুষ্যের মনকে, কম্পনা দ্বারা দীর্ঘতর করিয়া মনোবিহীন ঈশ্বরবোধে আরাধনা করিতেছেন। এতাবতা আমরা ইহারদিগের কাহায়োপ্রতি য়ণা প্রদর্শন করিতেছি না; কেবল এই মাত্র বলিতিছি বেমন একদিকে অনেক আল্লা অপেক্ষাকৃত উন্নতি লাভ করিয়াছে, সেইরপ অন্যদিকে এখনুও অনেক আ্লা বর্ত্তমান উন্নতির নিম্নে সঞ্চরণ করিতেছে। ত্রাক্মধর্ম যে

উন্নত ভাব প্রদর্শন করিতেছেন মনুষ্যজ্ঞাতি এখনও তাহার নিমে অবস্থান করিতেছে, ইহাতে আম্রা কিছুই আশ্চর্য্য বোধ করিতেছি না। ঈশ্বরের ক্রমোন্নতির ব্যবস্থানুসারেই মনুষ্য জ্ঞাতি জড়োপাসনা আরম্ভ করিয়া ক্রমে ক্রমে তাহারই সন্নিহিত হইতেছে। ইহাতে ঈশ্বরের করুণাকেই ধন্যবাদ করিতেছি; এইরূপ না হইলে মনুষ্যজ্ঞাতি ধর্মাশূন্য হইয়া থাকিত; এইরূপ ব্যবস্থা থাকাতেই ঘাঁহার যেরূপ সাধ্য তিনি তদনুসারেই ঈশ্বরের নিকট গমন করিবার নিমিতে চেফান্বিত আছেন। মনুষ্য সাধ্যানুসারে জড়ের উপাসনা করুন, অথবা ঈশ্বরের পূর্ণতাকে শ্বন্যের ন্যায় অনবলম্বনীয় ভাবিরা ধাত্রী-কার্য্যের নিমিতে কোন তেজন্মী পুরুবের অনুসন্ধান করুন; ইহার কোনটিই ছন্তর নরকের হেতু নহে। প্রত্যুত সমুদরই ব্রাক্ষধর্মের উন্নতিতে আরোহণ করিবার সোপান-স্বরূপ।" তত্ববোঃ, কার্ত্তিক ১৭৯১।

"ঈশ্রেরও এই নিয়ম দৃষ্ট হইরা থাকে যে তিনি সকল প্রকার উপাসককেই তৃপ্তি ও শান্তি প্রদান করেন। এমন কি পোন্তলিক তাঁহার পুত্তলিকার প্রতি শ্রন্ধা ভক্তি সহ-কারে পুষ্পাচন্দন ও নৈবেদ্যাদি প্রদান করিয়া অনির্কাচনীয় আনন্দ ও তৃপ্তিলাভ করেন। * * ইত্রাং সকল ব্যক্তিরই উপাসনা অপেক্ষাকৃত উৎকৃষ্ট ও অপেক্ষাকৃত নিকৃষ্ট, ইহা মনে করিয়া রাখিতে না পারিলেই আন্ধ-ধর্মের উপদেন্টারা সাম্প্রদায়িক ধর্মের উপদেন্টা হইয়া পাড়বেন। আন্মারদের বলিবার উদ্দেশ্য এই যে, যিনি ঈশ্রের বিষয় যে রূপ বুঝিয়াছেন তিনি সেইরূপ ভাবেই তাঁহার উপাসনা করুন, বুঝিবার অপেক্ষাতে উপাসনা স্থানিত না থাকে। ত্রাক্ষধর্মের উপদেষ্টা তাঁহার সেইরপ উপা-সনার মধ্য দিয়া তাঁহার আত্মাকে উন্নত করিবার চেষ্টা করিবেন, তাঁহার উপাসনার উৎকর্ম আপনা হইতে হইবে।" (তত্ত্ব-বোঃ পৌষ, ১৭৯১।)

৮। প্রাচীন ত্রাক্ষসমাজের এই যে কয়েকটি কথা এখানে উদ্ধৃত করা গোল আমারদের প্রায় সমুদয় অভিলাষ তাহার মধ্য দিয়া প্রকাশ পাইতেছে *। এখন তাঁহারা যদি তদলুসারে কার্য্য করিতে ত্রতী হন এবং বাহিরের নিমিত্তে প্রচারক নিযুক্ত করিয়া দেন, বোধ হয় তাহা হইলে ভারতের আশেষ উমতি হইতে পারিবে।

১। অতঃপর বাক্ষসমাজ যাহাতে ব্রক্ষজ্ঞানে পুষ্ট থাকে তদ্বিয়েও প্রাচীন সমাজের ঔদার্য্য প্রকাশ পাইতেছে। ত্র্বলাধিকারিগণের প্রতি ভাঁহারদের যেমন ঔদার্য্য দেখা

^{*} এই প্রস্তাব যন্ত্রালয়ে প্রেরণ করিবার সময় ১৭৯৩ শকের জৈয়ন্তমাসের ভত্কবোধিনী পত্রিকার এই প্রকারের আর একটি পোষকতা পাওয়া গেল যথা—
"যেরপ ধর্ম প্রচার ভারতবর্ষের অদাকার নিস্তেজ হৃদরে তেজঃ সকার করিতে,
নিদ্রিত ভারতবর্ষকে জাগরিত করিতে, শতধাবিভক্ত ভারতবর্ষকে প্রণয় ও
দেশহিতিযীতার নামে এক করিতে সমর্থ হইবে, যেরপ ধর্ম প্রচারে ভারতবর্ষীয়দিগের অন্তঃকরণে দেবত্রতের দৃঢ় প্রতিজ্ঞা, মুধিন্তিরের সত্যাসুরাগ, লক্ষণের
জিতেক্রিয়তা এবং পুরাতন তাপসগণের ব্রহ্মচর্যার ভাব পুনরাশয়ন করিতে
পারিবে, যেরপ ধর্মপ্রচারে ভারতবর্ষ উর্দ্ধে ঈশ্বর ভক্তি এবং লৌকিক জগতে
লোকন্থিতি এই ছুই ন্থিরতারকের প্রতি অনিমেস দৃষ্টি রাখিয়া সর্মতোমুগ
উরতিসহকারে ক্রমে পৃথিবীর জাতি সমাজে আসন পরিক্রেছ্ন করিতে অধিকারী
হইবে, ভারতবর্ণের পক্ষে ভাহাই ধর্মা প্রচার"—ইত্যাদি।

গেল, ত্রাক্ষসমাজের প্রতি—সবলাধিকারিগণের প্রতিও তাঁহারদের তেমনি ঔদার্য্য দেখা বাইতেছে। তাঁহারা কহেন যে, "ব্যক্তি বিশেষ যত্তই নিম্নে অবস্থান করুক, আদর্শ উচ্চ-স্থানেই থাকিবেক।" (ভত্ত্বঃ-বোঃ মাঘ, ১৭৯২।)

১০। এতাবতা প্রাচীন ত্রাক্ষসমাজে যখন সাম্প্রদায়িক গোলমাল নাই, অথচ যখন তাহার উপদেশ সকল মহাত্রক্ষ-জ্ঞানকে প্রসব করে, তখন তাহার প্রকাশ্য উপাসনা সভায় এবং সেই প্রণালীর অন্যান্য সমাজে কোন সম্প্র-দায়েরই উপস্থিত হওয়ার বাধা নাই। কিন্তু ইতর লোক-দিগের নিমিতে সাধারণ উপদেশের স্বতন্ত্র প্রণালী সৃষ্ট করা নিতান্তই কর্ত্র্ব্য, সে বিষয়ে স্থানান্ত্রে উল্লিখিত হইল।

একাদশ অধ্যায়।

ধর্ম-নায়ক।

- ১। যাঁহারা ক্রিক, জীরামচন্দ্র ও বিশুখ্রীষ্ট প্রভৃতি পুরুষকে ব্রহ্মবোধে পূজা করেন, ভাঁহারা ছর্মলাধিকারী। তাঁহারদের তদ্রপাচরণে আমারদের আপত্তি নাই। ফলে, তাদৃশ উপাসনা করিতে করিতে তাঁহারা যাহাতে পরম মুক্তিপ্রদ সনাতন ব্রহ্মজ্ঞানে আগমন করেন, ইহাই আমার-দের ইছা।
- ২। যাঁহারা উক্ত পু্ৰুষদিগকে মনুষ্য বলিয়া বিশ্বাস করেন অথচ অভান্ত ও পারমভক্ত ও মুক্তিদাতা ধর্মনায়করপো

উপাসক-সম্প্রদায় বিশেষের শিরোদেশে স্থাপন করিতে চান, তাঁহারদের তদ্ধপাচরণে আমারদিগের আপত্তি আছে।

- ৩। পরমেশ্বের বোধ সকলেরই আত্মাতে। অতএব পরমেশ্বের উপাসনায় সকলেরই আত্মীয়া অধিকার। তাহাতে অধিকারের দৌর্মল্য বশত কোন ব্যক্তি সেই ভগ-বানকে কৃষ্ণই বলুক বা খৃষ্টই বলুক বা চৈতন্য মহাপ্রভুই বলুক, তাহাতে তাহার অধিকার আছে।
- ৪। কিন্তু কোন মানবকে মানব জানিয়া দেবতার ন্যায় পূজা ও ভক্তি করিবার নিমিতে কোন ব্যক্তির আত্ম। তত-খানি লালায়িত নহে। তথাপি কোন পুক্ষকে ভগবদ্ভক্ত জানিলে বা কোন পুক্ষের মহৎগুণ দেখিলে, বা তাহা থাকা বিশ্বাস হইলে, তাদৃশ পুক্ষের প্রতি যথোচিত শ্রন্ধার উদয় হয়; তাহা স্বাভাবিক। কোন্ অর্কাচীন তাহাতে আপত্তি করিবে ? ফলে, তাদৃশ পুক্ষকে যে সকলেই সেইরপ মহৎ ও পরমভক্ত বলিয়া বিশ্বাস করিবে এমত প্রত্যাশা করা ভ্রম।
- ৫। জানিলে ও বুঝিলে তো লোকে সেরপ পুৰুষের প্রতিভক্তি করিবে? কিন্তু তাহা জানা বা বুঝা বিশিষ্ট প্রমাণ সাপেক্ষ। ঈশ্বরের অন্তিত্ব ও করুণা যেমন ব্যক্তি-মাত্রের হৃদয়ে অন্ধিত রহিয়াছে, ক্ষ্ণ বা খুটের অন্তিত্ব বা মহামহত্ব তদ্রপ হৃদয়ে মুদ্রিত নাহি। স্নতরাং বহু আয়াস স্বীকার করিয়া তাঁহারনের ধর্মনায়কত্ব সপ্রমাণ করিবার নিমিত কটি-বন্ধন করা নিষ্প্রোজন।
- ৬। তুমি বাইবেল দারা খৃষ্টের, মহাভারতাদি দারা ক্ষের, চৈতন্য-ভাগবৎ দারা চৈতন্যের, কোরাণ দারা

মহন্দরে মাহাত্ম্য প্রমাণ করিবে; কিন্তু যাঁহারা তাঁহার-দিগকে ঈশ্বরের অংশ বা অবভার বলিয়া মানেন, তাঁহারাও ভাহাতে আপত্তি করিবেন, এবং যাঁহারা সেরপ না মানেন ভাঁহারাও ভাহাতে আপত্তি করিবেন।

৭। তথাপি তুমি যদি খুফ বা চৈতন্যকে তোমার ধর্মনায়ক কর এবং তাঁহারদিগের প্রতি ভক্তি করা ধর্মের অঙ্গরূপে স্থাপন কর, তবে তুমি এক মৃতন কীর্ত্তি করিলে। তুমি খুফকৈ দেখ নাই, তাঁহার চরিত্র বাইবেলে পড়িয়াছ, এবং জনকতক সাহেব তাঁহাকে নবীনবেশে সাজাইয়া তোমার কর্ণ দ্বারা তাঁহাকে দেখাইয়াছেন। এখন বাইবেলের খুফ-চরিত্রে যদি ভুল থাকে তবে ঐ সাজসজ্জা কিপাত হয় কি না? চৈতন্যের বা মহল্মদের যে সকল চরিত্র প্রকাশিত হইলে তোমার কার্য্য-উদ্ধার; হয়, তুমি চৈতন্যভাগবৎ ও কোরাণ হইতে তাহা নির্ব্বাচন করিয়া তাঁহার-দিগের অঙ্গরাগ করিতেছ, তাহা কি কম্পনা নহে? তুমি মানসনেত্রে তাঁহারদিগকে সেই নববেশে দেখিয়া ধর্মের অঙ্গরণে ভক্তি করিতেছ, তাহা কি কম্পনা নহে গুজামরা ইহাকে একরণ নবতর পোতলিকতা বলি।

৮। প্রত্যেক লোককে ক্রমে ক্রমে পোত্রলিকতা হইতে উদ্ধার করিয়া যথন ব্রহ্মের উন্নত উপাসনায় লইয়া যাওয়াই আমারদের উদ্দেশ্য, তখন ভারতীয় তেত্রিশ কোটী
দেবগণের মধ্যে "এইরপ নবতর নরপূজা যাহাতে প্রবিষ্ট
না হয় তাহাই আমারদের ইচ্ছা।

১। এদেশীয় অভিনব ত্রাক্ষেরা যখন বহু ইংরাজী আন্থ পাঠ করিয়া দেখিলেন যে ইউনিটেরিয়ান খৃষ্টান সম্প্র-দায় ও অপরাপর ইউরোপীয় ও মারকিন একেশ্বরাদীরা খুউকে ধর্মশিকার প্রধান আদর্শ ও গুরু করিয়া রাখিয়াছেন, তখন তাঁহারদেরও মনে ইচ্ছা হইলু যে বিলাতের ও এমে-রিকার একেশ্বরবাদীরা যদি খৃষ্টকে ধর্মনায়ক করিলেন, তবে এদেশের ব্রাহ্মদিগেরও খৃষ্টকে ধর্মনায়ক ও ধর্ম-শিক্ষার আদর্শ করা উচিত। এই ভাবটি তাঁহারদের মধ্যে গোপনে গোপনে বৃদ্ধি পাইতে লাগিল। ১৭৮৬ শকের পৌষমাসে ত্রাক্ষসমাজ স্বতম্ত্র স্বতম্ভ্র চুইটি দলে বিভক্ত ভাহার পর হইতে অভিনৰ ভ্রান্সেরা খৃষ্টকে আদর্শ করার ঔচিত্য বিষয়ক মত প্রচার করিতে লাগিলেন। তাঁহারদের মনে যে ঐ ভিন্নজাতীয় ভাবটি পূর্বে হইতেই প্রতিপালিত হইতেছিল, বোধ হয় প্রাচীন ত্রান্দেরাও একটু একটু করিয়া তাহা বুঝিতে পারিয়াছিলেন। 🗃 যুক্ত প্রধান আচার্য্য মহাশয় হিমগিরি হইতে প্রতিনির্ভ হইয়া কলিকাতা ত্রাহ্মসমাজে ১৭৮০ শকের ২৯ শে পৌষ যে বক্তা করেন তাহাতে ঈশ্বর ভিন্ন অন্য আদর্শের অনুকরণ করা যে অশ্রদ্ধেয় ও নিকৃষ্ট তাহার ইঙ্গিত আছে, এবং ভবানীপুর আহ্মসমাজের কয়েকটি বক্তৃতাতেও তাহার আভাষ রহিয়াছে। তথাপি বোধ হয় অভিনব ত্রান্দাদিগের সংসর্গগুণে তখন প্রাচীন ত্রান্ধেরাও অনেকটা বিল্লাম্ভ হইয়া নানাবিধ বিজাতীয় ভাবের অনুকরণ করিতে প্রবৃত্ত হইয়া-ছিলেন। ফলে তাহার সত্যতা নিরপুণ করা স্কঠিন; কেননা সে সময়ে তন্ত্বেধিনী পত্তিকার 'সম্পাদন-কার্য্য অভিনব ব্রাহ্মগণের হস্তে ছিল। তাঁছারা অবশ্য ভাহাতে আপনারদিণের মনোগত ভাবই প্রকাশ করিতেন। কিন্তু ১৭৮৬ শকের যে পোষমাসে ব্রাহ্মগণের পার্থক্য হইল, সেই পোষমাসের পত্তিকাতেই ধর্ম্মের মধ্যে খৃই্টকে আদর্শ বা গুরুরপে স্থাপন করা যে নিভান্ত অনুচিত ভাহা প্রদর্শনার্থ এফ্, ডবলিউ, নিউম্যান ক্ষত ধর্মনায়কভার অবৈধতা বিষয়ক এক স্থাণিষ্ঠ ইংরাজী প্রস্তাব প্রকাশিত হইল।

১০৷ অভিনব ত্রান্ধেরা প্রথমত: মহল্লোক মাত্রকেই যে আদর্শ ও ভক্তি করা ধর্মের অঙ্গ বলিয়া প্রকাশ করিতেন এমত নহে। প্রথমতঃ, ভাঁহারা অধিকাংশই এই বলি-তেন যে খৃষ্টই একমাত্র আদর্শ ও ধর্মনায়ক। খৃষ্ট কর্তৃকই জগতের ধর্ম পরিক্ষত হইয়াছে, অতএব খৃষ্টকে গুৰু ও অনুকরণ করা ব্যতীত আক্ষমণাজের উন্নতি হই-বেক না। কিন্তু বোধ হয় তাঁহারা অচিরেই যথন দেখিলেন य विना जी स रेकवी यें। जैयभित न्या स सक् एक थ्ये अर्प-শীয় লোকদিগের কোমল ধাতুতে সংলগ্ন হইল না, তখন সেই প্লেটর সঙ্গে তাঁহারা চৈতন্যকে মিশ্রিত করিয়া দিলেন। ভাহাতেও পাছে অন্যায় পক্ষপাত প্রকাশ পায়, धकनारे বোধ रहा महालाक माजरक है छक्ति कहा जाकारिशंत কর্ত্তব্য বলিয়া ক্রমে ঘোষণা করিতে লাগিলেন। ফলে, খুষ্টকেই বিশেষরূপে ত্রাহ্ম-ধর্ম-পথের নেতা করাই তাঁহার-দের প্রধান উদ্দেশ্য, মূলেও ছিল, এখনও রহিয়াছে। নতুবা বড় দিন ও গুড়্ফুাইডেতে মুক্ষের নগরে যেমন খুষ্টের

উপাসনা হইরাছিল সেইরপ চৈতন্যের প্রতি তাঁহারদের তাদৃশ ভক্তি থাকিলে যথা তিথিতে অবশ্য তাঁহারও পূজা হইত। যাহা হউক, বোধ হয়, লোক-ভয়েতে থৃটের সেরপ প্রকাশ্য পূজা এখন স্থগিত হইয়াছে। স্থতরাং সে কথায় আর প্রয়োজন নাই।

১১। আমাদের মত এই যে, কোন এক ধর্মের মধ্যে এদেশে কোন এক মানবকে অভিনব রূপে নায়ক-পদে প্রতিক্তিত করাই অনুচিত, কারণ তাদৃশ ব্যক্তিকে সকলে প্রধান বলিয়া মান্য করিতে বাধ্য নহে, পরং হয়তো কালেতে জ্ঞানের অভাব হইলে তাদৃশ মানবের প্রতি অতিরিক্ত ভক্তি প্রদর্শিত হইয়া তাঁহাকে একটি দেবতার পদে প্রতিষ্ঠা করা যাইতেও পারে। প্রাচীন দেবগণের অধীনতা হইতে মানব অনায়াসে মুক্ত হইতে পারিবে, কিন্তু তাদৃশ নবীন দেবগণের পাশ হইতে মুক্তি লাভ করা সহজ ব্যাপার হইবে না। হিন্দুশান্ত্রোক্ত দেবগণকে ত্রন্ধোপাসক শান্ত্রানুসারেই পরিত্যাগ করিবেন, কিন্তু ঐ রূপ অশান্ত্রীয় নায়ক—দেবেরা ত্রন্ধোপাসনার মধ্য পথে অচলের ন্যায় দণ্ডায়মান থাকি-বেক।

১২। অভিনব ত্রান্দের। খৃষ্টকে সত্য-ধর্মের পূর্ণ আদর্শ বলিয়া গ্রহণ করিতেছেন, কিন্তু আমরা তাঁহার চরিত্রে অনেক লোষ দৃষ্টি করিতেছি। বাইবেলই সেই সকল দোষ প্রমাণ করিয়া দিতেছে। অতথব পুরারত্ত ও বিচার ছারাও যে খৃষ্টকে ধার্মিকভার প্রধান আসনে প্রতিষ্ঠা করা অসম্ভব, ভিনি কি মতে সকলের আদরণীয় ছইতে পারেন? ১৩। মনে কর, কোন ব্যক্তি বা সম্প্রদার খৃষ্টের ঐরপ দোষ দেখিয়া খৃষ্টকেই মহলোক বলিয়া গ্রহণ করিলেন না; কিন্তু ধর্মকার্য্যে ও ঈশ্বরোপাসনার মধ্যে মহলোকের আদর্শ অবলম্বন করা ও মহলোককে ভক্তি করা অত্যাবশ্যক, এ বোধ যদি তাঁহারদের মনে জাগৰুক থাকে, তবে, সেই বোধানুসারে তাঁহারা খৃষ্টের পরিবর্ত্তে চৈতন্যকে সর্বাপেক্ষা মহৎ ও গুৰু বলিয়া গ্রহণ করিতে পারেন। এইরপে কালেতে খৃষ্টীয়-ভ্রান্ম, গোরাসীয়-ভ্রান্ম, মহন্দাী-ভ্রান্ম দল হওয়ার বিচিত্র নাই। যদি তাহাই হয় তবে নানক পদ্বী, চৈতন্য-সম্প্রদায়, খৃষ্টীয় সম্প্রদায় ও মহন্দাী-সম্প্রদায় কি দোষ করিল? অতএব ঈশ্বরোপাসনার মধ্যে কাহাকেও ধর্মনায়ক পদে বরণ না করাই কর্ত্ব্য। সে ভাবকে মন ইইতে দূর করাই উচিত।

১৪। কিন্তু যদি নায়ক-বাদী-ত্রান্বোরা এমন কথা বলেন যে পুরারত্ত পাঠ দ্বারা ঐ সকল সাধুদিগের দোষ গুণ বিচারের প্রয়োজন নাই। শত শত লোক তাঁহারদের পদানত হইয়াছেন, তাঁহারদের দ্বারা জগতে শত শত উপকার হইয়াছে, অতএব তাঁহারদিগকে পূজা দেওয়া ধার্ম্মিক মাত্রেরই কর্ত্তরা। এই কথায় এই প্রশ্ন উপস্থিত হয় যে, আমরা কি অন্ধ হইয়া তাঁহারদিগকে ভক্তি করিব—না তাঁহারদের এক গুণ ধার্ম্মিকভাকে বছগুণে কম্পিত করিয়া তাঁহারদের পূজা করিব?

১৫ ৷ আর গুরুবাদী ত্রাক্ষেরা যদি এমন মনে করিয়া থাকেন যে, তাঁহারদের মধ্যে অনেকে এখনও খৃষ্ঠ, চৈতন্য, প্রভৃতি মহল্লোকের আদর্শতাও অবলম্বন ব্যতীত সাক্ষাৎ

সম্বন্ধে ঈশ্বরোপাসনার উপযুক্ত হন নাই, বিশেষতঃ বর্ত্তমান-কালে ইংরাজী শিক্ষার প্রভাবে অনেকে খৃষ্টের প্রতি বিশেষ পক্ষপাতী হইয়াছেন, দেই জন্য খৃষ্টকে বিশেষ করিয়া ও চৈতন্যকে অপ্প করিয়া সাধারণের ধর্ম-শিক্ষার আদর্শ করা গিয়াছে। তাহা হইলে তক্রপ হুর্মল আক্ষজানীদিগের নিমিত্তে সেই তাৎপর্য্যে স্বতন্ত্র উপাসনা স্থান করিয়া দেওয়া উচিত, যাহাতে তাঁহারা ও অন্যে স্পাষ্ট বুঝিতে পারেন যে তাদৃশ কনিষ্ঠোপাদনা করিতে করিতে অন্তে বিশুদ্ধ বেলাপাদনায় আরোহণ করাই তাঁহারদের লক্ষ্য। নতুবা তাঁহারদের সুল বুদ্ধি যোগ করিয়া ত্রন্ধজ্ঞানের আলোচনার পরম স্থান ত্রাক্ষসমাজকে চিরকালের নিমিত্তে কলঙ্কিত ও স্থূলোপাসনার মন্দির করা কর্ত্ব্য নহে। ত্রন্মজ্ঞানে বিন্দুমাত ভ্রম ও তর্কু নাই, সর্বাসাধারণের এই বিশ্বাস যেমন ভারতবর্বে চির-काल थाकिया आमियारह, अथन उ महेक्र भेरे थाका विर्धय ! णाश श्रेल उक्क जान है लारकत जान में श्रेर के स्थान के स्था के स्थान के रेठलना नरह।

১৬। বাক্ষমাজের উদ্দেশ্য মহতর। বাক্ষমাজ আপনি পরিশুদ্ধ ও স্থক্ষ-বাক্ষজানের ভাণার হইয়া যেমন ছর্কালাধিকারীকে তাঁছার স্বীয় ধারণা ও অধিকার অনুসারে উন্নত করিবেন, সেইরূপ অভিনব বাক্ষেরা যদি খৃটের ধর্মানায়কত্ব পরিত্যাগ না করেন, তবে তাঁছারদিগকেও ছর্কালাধিকারী জ্ঞান করত, তাঁছারদের সহিত তদনুষায়ী ব্যবহার করিতে ক্ষান্ত থাকিবেন না। কিন্তু এই ভ্রাংহয়, যে বাইবিলে খৃষ্টশূন্য ব্রক্ষান নাই—অতএব, বাইবেল-অবলম্বী

इस्त बाचारक विश्व बर्त्वाशामनात्र श्राकर्वन कता वर् महत्व इहेरव ना ।

১৭। পুনরায় কহি, সাধুলোকদিগকে আমরাও মান্য করিয়া থাকি; কিন্তু আমরা গোঁড়ামি ও বিজাতীয় অনুকরণের সম্পূর্ব প্রতিকূল। উন্নত ত্রান্ধেরা আমারদের হিত কথা না শুনিলে আমরা কি করিতে পারি ? কিন্তু তাঁহারা যেন মনে রাখেন, এদেশে ঐরপ বৈদেশিক বিপত্তি যতই কেন ধর্মের নামে আগমন ককক না, ভারতীয় পারীক্ষা করা শাণিত ত্রন্ধান্তে কালেতে তাহা খণ্ড খণ্ড হইয়া যাইবেক।

'ছাদশ অধ্যায়।

আত্মীয় ও স্বজাতীয় অধিকার।

- ১। যাহা আমারদের আত্মার যত নিকট তাহা আমার-দের তত আত্মীয়।
- ২। অচেতন অপেকা চেতন পদার্থ, পশ্বাদি অপেকা মানব, বিদেশী অপেকা শ্বদেশী, এবং অন্যলোক অপেকা পিতা মাতা ক্রমে আমারদের অধিক অন্তরক। কিন্তু আমারদের আত্মার বিবেক, প্রীতি ও ব্রহ্মজ্ঞান তদপেকাও অধিক অন্তরক এবং তাহাই আমারদের "আত্মীয়-অধিকার।"
- ৩। য়াহা ,যত অন্তরঙ্গ আমরা স্বভাবতঃ তাহাতে ভতই আকৃষ্ট থাকি। আত্মা ও ঈশ্বরের জন্য পিতা

মাতাকে, পিতা মাতার জন্য ভাতাকে, ভাতার জন্য খদে-শীকে, খদেশীর জন্য বিদেশীকে, মানবের জন্য জন্তকে, জন্তর জন্য অচেতনকে ত্যাগ করা যায়। ঈশ্বরকে কাহারো জন্য ত্যাগ করা যায় না।

৪। ঐ রূপ অন্যদেশীয় শাস্ত্র, ভাষা, ও ব্যবহার অপেক্ষা, মানবের অদেশীয় শাস্ত্রাদির সহিত অধিক ঘনিঠতা। তজ্জন্য অদেশীয় রীতিতে—অদেশীয় ভাষার স্তোত্র
বন্দনা দ্বারা, যথা ধারণা, যথা অধিকার, ঈশ্বরের পূজা করায়
সকলের স্বাভাবিক ইচ্ছা। কি খৃষ্ট রাজ্যে, কি ভারতে,
কার্য্যেও তাহাই হইতেছে। ইহারই নাম "স্বজাতীয়অধিকার"।

৫। কিন্তু সংদেশীয় শাস্ত্রাদি যদি বিভিন্নচেতা অধিকারিগণের মধ্যে কাহারে। আত্মীয় অধিকারের অনুপাযুক্ত
হয়, তবে তাঁহার তাদৃশ শাস্ত্রাদি পরিত্যাগ করিবার অধিকার আছে। বাইবেলে অতি স্থল ধর্মা নাই, অতএব খৃষ্টরাজ্যের অত্যন্ত দুর্বলাধিকারিগণ আপন আপন অধিকার
অনুযায়ী অন্য কোন স্থল ধর্মাবলম্বন করত বাইবেল ত্যাগ
করিতে পারেন। বাইবেলে উন্নত অন্ধ্রানপ্ত নাই, অতএব
বাইবেল পরিত্যাগে সে রাজ্যের স্বলাধিকারিগণেরও অধিকার আছে। বাইবেলে যে কিঞ্চিং ভক্তি প্রেমের কথা
আছে, সেই গুলি নির্বাচন করিয়া লইবারও ভাঁহারদের
অধিকার আছে; অন্য দেশের শাস্ত্রে তৃদপেক্ষা যে কিছু
উত্তম থাকে তাহাও উদ্ধার করিয়া লইবার অধিকার আছে।

- ৬। একজ্ঞান যে দেশের শান্তে থাকুক, সকলেরই পর-মাজীয়। তথাপি স্বজাভীয় শাস্ত্রে থাকিলে, আজীয় ও স্বজাতীয় অধিকার যুগপৎ চরিতার্থ হয়। স্বদেশের গৌরব জন্য আনন্দ হয়, সহজে বুঝা ও স্বদেশে প্রচার করা যায়।
- ৭। জনসমাজের মধ্যে সবল, তুর্ব্বল—উভয় প্রকার অধি-কারীই বাস করে। অতএব কেবল ত্রন্ধজ্ঞান-প্রতিপাদক শাস্ত্র থাকিলে ভারতের কি গোরব হইত ? হিন্দুধর্মে সর্ব্ব প্রকার কনিষ্ঠাধিকারীর চিত্ত-প্রীতিকর ব্যবস্থা আছে এবং উচ্চাধিকারীর সম্ভোগার্থ ত্রন্ধ-প্রতিপাদক মহোচ্চভাব রাশি রাশি। নরপূজা সে উচ্চাধিকারের ত্রিসীমায় যাইতে পারে না। অতএব হিন্দুশাস্ত্র পরিত্যাগে ভারতীয় ত্রন্ধবাদিগণের অধিকার নাই।
- ৮। যাঁহারদের স্বজাতীয় শাস্ত্রে উন্নত জ্ঞান ধর্ম না থাকে, তাঁহারদের আত্মার মঙ্গল জন্য তাঁহারা অন্যজাতির শাস্ত্র হইতে উন্নত-ত্রেদ্মজ্ঞান-প্রতিপাদক বচন সংগ্রহ করিতে পারেন। তাহাতে তাঁহারদের আত্মার অধিকার আছে। স্বজাতীয় অধিকার সেই আত্মীয় অধিকারের প্রতিকুলাচার করিতে পারে না; কিন্তু আমারদিগের শাস্ত্রে যখন সকলই আছে, তখন অন্য দেশের শাস্ত্র হইতে কি ঋণ করিব?
- ১। যদিও সকল আত্মাতে ত্রন্ধজ্ঞানের অধিকার, কিন্তু তাহার উন্নতি কিয়ৎ পরিমাণ বহুদর্শিতা-সাপেক্ষ—পূর্ব্ব পুক্ষগণের উন্নতির নিদর্শন শাস্ত্রে। ত্রন্ধজ্ঞান-বিষয়ক-শাস্ত্রই ঐ অধিকারপোষ্ক-বহুদর্শিতার প্রধান হেতু। সেই শাস্ত্র হুইতে মানব পূর্ব্ব পুক্ষগণের ত্রন্ধজ্ঞানের যে পরিমাণ পরি-

চয় পান, তাঁহার একজ্ঞানের অধিকার সেই পরিমাণ উন্নতি লাভ করে।

১০। খৃফীনের কেবল বাইবেলই সম্বল। ভাঁছার প্রধান উদ্দেশ্য '' খৃষ্ট আসিবেন," '' খৃষ্ট-আসিয়াছেন," এই স্থ্যমাচার প্রচার। তাহাতে ত্রন্ধজ্ঞানের ভাব আদে আরু-मिक, विভीয়ভঃ चून। তাদৃশ বাইবেল হইতে আমরা কি ঋণ করিব ? তাহা যদি আমরা না করি ভাহাতে আমা-দের দোষ নাই, বরং প্রতিষ্ঠা আছে। কিন্তু খৃষ্ঠানদেশের সবলাধিকারিগণ যদি হিন্দুশাস্ত্র হইতে জ্ঞান ধর্ম উদ্ধার করিয়া লন, তাহাতে তাঁহারদের বিশেষ প্রতিষ্ঠা। ফলতঃ, খুফকৈ স্থিরতর রাখিয়া তাঁহারা তাহাও লইতেছেন; এখন ভাহা দেখিয়া ভাঁহাদিগকে অনুসরণ অর্থাৎ উদ্ধার করিতে হয় বলিয়া যদি আমরাও তাঁহারদের বাইবেল, মুসলমানের কোরাণ, ও কংফিউসদের গ্রন্থ প্রভৃতি হইতে ত্রন্মজ্ঞান প্রতি-পাদক শ্লোক সংগ্রহ করিতে যাই, ভাহা হইলে মহত্ত্ব প্রকাশ না হইয়াবরং হীনভাই প্রকাশ পাইবেক। আমারদের পূর্ব পুরুষগণের রক্ষিত শাস্ত্রে যে পরিমাণ ত্রন্মজ্ঞানের পরিচয়, তাহা আমারদিগের আত্মার ত্রন্মজানাধিকারকে যত দূর উন্নত করিয়া দিতে পারিবেক অন্য দেশীয় বচন সকল তাহার পোষকতা না করিয়া বরং সেই উন্নতির পথে নানাবিধ স্থুল ভাব নিক্ষেপ করিবেক।

১১। ভারতীয়-শাস্ত্রোক্ত অবতার বৃদ্ধ ভারতীয় এন্দো-পাসনাকে ভত পীড়ন করিতে পারেন নাই.। যত স্লেচ্ছ অব-ভার খুফী, মারকিন ও ইউরোপীয় এন্দোপাসনার ব্যাঘাৎ করিতেছেন। ভারতীয় শাস্ত্রকারেরা রূপ নির্দ্ধেশ নামের উপাসনা ও অবলঘনকে একোপাসনার অধিকার হইতে স্পৃষ্ঠ বাক্যে পরিহার করিয়া গিয়াছেন; কিন্তু খৃষ্ঠীয় শাস্ত্রকার-কেরা তাঁহারদিগের আশ্বর্ধা অবতারকে বর্জ্জন করিতে সাহসী হন নাই। খৃষ্ঠীয় শাস্ত্র অর্দ্ধ স্থল ধাতুতে নির্দ্ধিত। বাহ্য স্ক্রম, অন্তর স্থল—ইউরোপীরগণ সেই স্থল-ধর্মে আবদ্ধ রহিয়াছেন। তাঁহারদের মধ্যে বাহারা ইদানি একোপাসনার অভিমুখে অনেক দূর আসিয়াছেন, তাঁহারাও বড় উর্দ্ধি খ্যের অবতারত্ব খণ্ডন করিয়াছেন; তদ্ভিন্ন তাঁহার একাধিপত্রের কিছুমাত্র খণ্ডন করিতে পারেন নাই।

১২। ইউরোপীয় গুৰুবানী- দুর্বল ব্রন্মজ্ঞানিগণ "খৃষ্টান" অর্থাৎ "খৃষ্টের সেবক" নামে যে পরিচিত থাকিতে চাহেন, তাহাতে আমারদের কোন আপত্তি নাই। কেননা খৃষ্টান পিতামাতার যোগে জন্ম, খৃষ্টান পরিবারে পালিত ও স্থপ-রিচিত খৃষ্টান নামে আচ্ছন্ন থাকিয়া, এই অভ্যাসরপ দ্বিতীয় প্রকৃতিকে তাঁহারা বিসর্জ্ঞান দিতে পারেন না। কিন্তু এদেশীয় ব্রান্ধানিগের সে খৃষ্ট বা বাইবেলের প্রতি তদ্ধেপ স্ব-জাতীয় অধিকার নাই।

১৩। খৃষ্টের উপাসনায় যাঁহারদের স্বজাতীয় অধিকার আছে, তাঁহারা তাহারই মধ্যে থাকিয়া বাইবেল শাস্ত্র অনুস্নারে যত দূর সম্ভব উন্নত হউন। কিন্তু ইহাও বলা অনুচিত নহে যে, তাঁহারদের মধ্যে যাঁহারদের ত্রেপজ্ঞানের অধিকার আরে। উন্ত হইবেক, তাঁহারদিগকে অধ্যাপক এফ্ ডবলিউ নিউম্যানের ন্যায়, অত্তে বাইবেল শাস্ত্র ও খৃষ্টান নামকে

পরিত্যাগ করিতে হইবেক। তথাপি তাদৃশ অবস্থায় তাঁহারা যভই কেন ব্ৰহ্মজ্ঞান-প্ৰতিপাদক গ্ৰন্থাদি প্ৰণয়ন কৰুন না, তাহা তাঁহারদের প্রাচীনকালীন স্বজাতীয় ব্রন্ধজান-প্রতি-পাদক-শাস্ত্ররূপ-বহুদর্শিতার অভাবে, কথনই ভারতীয়-ত্রন্ধ জ্ঞানের সমকক্ষ হইতে পারিবে না। কাজেই তাঁহারা অস্তে ভারতীয়-ত্রন্ধজ্ঞান-প্রতিপাদক শাস্ত্রসমূহকে অত্যন্ত আদ-রের সহিত গ্রহণ করিবেন। ভারতীয় ধর্মশাসন, রাজনীতি, উপাসনার ভাব, পরলোকের ভাব, প্রভৃতি বে অতি উৎকৃষ্ট ও পরমারোগ্যজনক এবং তাহা যে অতি পূর্ব্বকালে এদেশ হইতে গিয়া অসভ্য ইউরোপকে সুসভ্য করিয়াছিল, একথা ইউরোপীয় বিজ্ঞ বিজ্ঞ প্রস্কর্তারা মুক্তকঠে স্বীকার করিয়া-ছেন। যখন ধর্মা সম্বন্ধে সর্ব্ব প্রকার উন্নতির স্রোতই এ দেশ হইতে প্রবাহিত হইয়া ইউরোপকে উর্বরা ও ফলবতী করিয়াছে, তখন ত্রন্মজ্ঞানের স্রোতও যে এই দেশ হইতেই সে দেশে যাইয়া তথাকার খৃষ্টান ধর্মের স্থান প্রহণ করি-বেক ভাছা অসম্ভব নহে। " বাবু কেশবচক্র সেন যখন ইং-লতে হিন্দুশাল্র হইতে সভা উদ্ধৃত করিতেন, তখন কত সমাদর ও শ্রদ্ধার সহিত তথাকার কেবল ব্রাহ্ম নহে কোন কোন উন্নতিশীল নামধারী খৃষ্টানও শ্রবণ করিতেন, এমন কি হিন্দুশাল্রোদ্ধৃত সত্য তাঁহারা যেমন সমাদর করিতেন বাই-বেলের সভ্যকে ভেমন করিতেন না ৷" ইংলণ্ডের জ্ঞানী লোকেরা এইরূপ ঔদার্য্য প্রকাশ করেন বলিয়া আমাদের অভিনব ত্রান্ধেরা মনে করিতেছেন যে আমাদেরও উচিত তাঁহাদের বাইবেল হইতে সভ্য উদ্ধার করিয়া লই। কিন্তু ভাঁহারা

ইহা বুঝিভেছেন না যে, ধর্মসন্ধান্ধ খৃষ্টানদিগের সহিত আমারদের পরিবর্ত্ত সমন্ধানহে। হিন্দুশান্তের অল্প-জ্ঞানগর্ভ বচন সকল ইউরোপীয়দিগকে যত মোহিত করিবেক
তাঁহারদের বাইবেলের সর্ব্বোচ্চ কথাও আমাদিগকে তত
মোহিত করিবেক না; কারণ আমারদের শাস্ত্রে তেমন কথা
রাশিরাশি বিদ্যমান রহিয়াছে। এইরপে বিচারাভাবে
অভিনব আল্দিগের দ্বারা ভারতে পুঞ্জ পুঞ্জ অভত ফল
সমুৎপন্ন হইতেছে।

১৪। ঐ প্রকার বিচারের দোষ ব্যতীত, ইংরাজদিগের রীতি, নীতি, ভাবভঙ্গী অনুকরণ করার ইচ্ছাও আমার-দিগের মুবকগণের মনে বলবতী হইয়া উঠিয়াছে। কিন্তু অনর্থক ক্তিপয় ভাবভঙ্গী, রীতি, নীতির অনুসরণ করা কেবল হীনতা মাত্র। তাহাকে উদ্ধার বলে না, তাহা ' হীন-অনুকরণ' শব্দের বাচা। ইংরাজী বিভার যোগে এ দেশে যাহা আসিতেছে অনেকে ভাহাই অনুকরণ করিভেছেন। ইংরাজেরা শিক্ষা দিলেন ভূত, প্রেত নাই, তাঁহারাও ভূত, প্রেত মানিলেন না; পশ্চাৎ ইংরাজী পুস্তকে লিখিল ভূত, প্রেত আছে, আবার মানিলেন। এ দেশের লোক মছ পায়ী ছিল না, যুবা পুৰুষেরা ইংরাজদিগের অনুকরণে পান করিতে শিথিলেন; পশ্চাৎ ইংরাজেরা স্করাপান-নিবারণী সভা করিতেছেন দেখিয়া তাঁহারাও সভা করিলেন। একেশ্বর বাদী খৃষ্টানগণ কছিলেন যে, যিশুকে মানব-ধর্মের আদর্শ স্বরূপ গ্রহণ না করিলে মুক্তি নাই; তাঁহারাও যিওকে অব-लघन कतिर्लिन। व्यावात यनि हे द्रां एकता करहन, वि एक

ধর্মের মধ্যে রাখা উচিত নছে, তথন তাঁহারাও যিশুকে ত্যাগ कत्रित्न । हिन्द्रभामनकात्न आंगात्रत्तत (परभत्र खीर्भन এখনকার ন্যায় গ্রহে কদ্ধা থাকিতেন না। মুসলমানদিগের অনুকরণে বা ভয়ে আমারদের বর্ত্তমান অন্তঃপুর নির্মিত হইল। এখন ইংরাজের রাজ্য, অতএব আমারদের যুবাগণ আপন আপন জ্রীদিগকে বিবীদিগের ন্যায় সভা মজলিষে লইয়া যাইতে আরম্ভ করিয়াছেন। পশ্চাৎ যদি ইংরাজেরা অতিরিক্ত স্ত্রী-স্বাধীনতার প্রতিকূলে দণ্ডায়মান হন, তথন এদেশের লোকেরা আপনারদের স্ত্রীদিগকে গ্রহে প্রবেশ করা-ইতে পথ পাইবেন না*। দেশীয় লোকেরা শাস্ত্র কথা শুনিবার বা শাস্ত্র পড়িবার অনুরোধ করিলে কেহ ভাহা আহ্য করেন না, কিন্তু ইংরাজেরা হিন্দুশাল্র পড়েন দেখিয়া অনেকে পডিতে জান। বাঙ্গালা সম্বাদপত বা পুস্তক পডিতে ভাল লাগে না, কেবল ইংরাজী পুত্তক ও সম্বাদপত্র পড়িতেই ভাল লাগে। ইংরাজী ঔষধি ভাল, বাঞ্চালা ঔষধি মন্দ, रे ताजी थाना जाल, वाकाला थाना मन ; रे ताजी शानती ভাল, বাঙ্গালা পণ্ডিত মন্দ ; ইংরাজী বাইবেল ভাল, হিন্দু-শাख गम ; इर्ताको मत जान, प्रभी मत गम ।

১৫। কিন্তু হে স্বদেশ-হিতৈষি ! তুমি এমন মনে করিও না যে সমুদয় ভারতবর্ম ঐরপা ইংরাজী ভাবে অনুবাদিত হইয়াছে। ইংরাজী উষ্ণ-বিদ্যার প্রভাবে যে অপ্প-সংখ্যক

^{*} এই বর্ত্তমান সময়েই সাহেবেরা তাঁহোদের তাতিরিক্ত প্রী-স্বাধীনতায় বিরক্ত হয়। প্রাচীন কালের শাসন প্রণালীর পুনরাগমন প্রার্থনা করিতেছেন। —Saturday Review vide Englishman, 6th may, 1671.

লোকের চিত বিকার প্রাপ্ত হইয়াছে, তুমি কেবল তাঁহারদেরই
মধ্যে ঐ বিজাতীয় ভাব বিরাজমান দেখিবে। তবে তাঁহারা
কতবিছা, এজন্য রাশি রাশি সংবাদপত্র ও পুস্তক লিখিয়া
এবং দেশে দেশে বক্তা করিয়া আপনারদের আচরণের
ভাত ফল, আপনারদের উন্নতি, আপনারদের দল বৃদ্ধি
ঘোষণা করিতেছেন, তাহাতেই বোধ হইতেছে যেন ভারতবর্ষ আপনার যথাসর্বস্ব হারাইল; কিন্তু তাহানহে।

একবার গঙ্গাদ্বার হইতে সাগরসঙ্গম পর্যান্ত সুর-ধুনীর উভয় কূল দৃষ্টি কর, দেখিবে লক্ষ লক্ষ বালক, বৃদ্ধ, ধুবা ও কুলবধূগণ উচ্চৈম্বরে " মাতঃ শৈলম্বতা স্বপত্নী বস্থা" রবের ধর্মরাগ দ্বারা গগন ভেদ করিতেছেন। একবার হিমাদ্রী. ত্রন্ধপুত্র,পারাবার বেষ্টিত ভারতের আমে আমে,নগরে নগরে ভ্রমণ কর. দেখিবে বৈফবদিগের ভজনক্ষেত্র হইতে " প্রাণস্থা হরির নাম" উদ্ধে উচিতেছে; শিবালয় সমূহ হইতে "হর হর বিশেশর" শব্দ বিস্তৃত হইতেছে এবং দেবার্চনা-জ্ঞাপক শঞ্জ, মণ্টা, ঢাক, ঢোলের অশনি-নির্ঘোষে, দ্রীলোকদিগের পাষাণ ভেদী হুলাহুলি-ধ্বনি ও মঙ্গল-গান মাতর্ভারত ভূমির দিখি-তান পরিপূর্ণ করিয়া তুলিতেছে। ঘরে ঘরে শিবালয়,ঘরে ঘরে বিগ্রাহ সেবা, অতিথি অভ্যাগতের সংকার, ঘরে ঘরে আছি শান্তি, স্বস্ত্যয়ন, ত্রতহোম, অনশন, চণ্ডী, ভাগবৎ, ভগবদ্গীতা, পুরাণ, তন্ত্রাদিপাঠ প্রভৃতি সমুদয় ভারত-ব্যবহার প্রচলিত রহিয়াছে।

১৭ ৷ যত সংখ্যক লোকের মধ্যে ঐ প্রাচীন ভাব বিরা-জ্বিত আছে, তাহার তুলনায় ত্রান্ধ সংখ্যাই বলা যায় मा। এইকন যত ত্রান্স হইয়াছে, তাহার বিংশতিগুণ বৃদ্ধি হইলেও ভারতে কোন পরিবর্তন লক্ষিত হইবেক না।

১৮৷ স্বজাতীয় ভাবে মানবের স্থাভাবিক অধিকার !--সে অধিকার হইতে স্বভাবতঃ কেহই এট হইবেক না। যদি ইংরাজেরা ঋণকত স্বজাতীয় ধর্মাধিকার হইতে ভ্রম্ मा इन, তবে आयताह कि এত हीन इहेताहि य जातज মৃত্তিকার উৎপন্ন ধর্মভাব হইতে পরিভাষ্ট হইব? যদি ইংরাজেরা সুল-ধর্ম-প্রতিপাদক বাইবেল ত্যাগ না করেন, তবে আমরাই কি এত মূঢ় হইয়াছি যে ভারত মৃত্তিকার মঙ্গল-প্রস্থন-স্বরূপ ত্রন্ধা-প্রতিপাদক বেদ বেদান্ত উপনিষদাদি শাস্ত্র ত্যাগা করিব । এই সকল ধর্মভাব, এই সকল ব্রক্ষজ্ঞান-শাস্ত্র যাহার গুরুভারের সহিত শত কোটী वाहेरवल, हेक्किन, जल्दातर, जबूत, कोतान ও আবেস্তা এবং পারকার, নিউম্যান, কান্ট, কুজিন প্রভৃতির স্তুপায়মান প্রান্থ সম্ভুল্য হয় না, ভাছাতে আমারদের যে আত্মীয় ও স্বজাতীয় এই বিবিধ অধিকার যুগপৎ আছে, ভাহা মনে করিলেও পিতামহ পুরাণ প্রমেশ্বরকে শত শভ ধন্যবাদ প্রদান করিতে হয়।

ত্রোদশ-অধ্যায়।

পরকীয় ও বিজাতীয় বিষয়ে অধিকার।

১। পরকীর ও বিজাতীয় ভাব বা বস্ত বঁত দূর'আত্মার-ধর্মের ব্যাখাত-কর শা হয়, বা স্বজাতীয় উন্নত-জ্ঞান ধর্মের এবং শিষ্টাচার পরিপ্রাপ্ত মঙ্গল-জনক রীতি নীন্তিও অর্থ-বলের বিৰুদ্ধ না হয়, ভাহা উপকার লক্ষ্য করিয়া ভত দূর গ্রহণ করিতে মানবের অধিকার আছে।

- ২। পুরারত পাঠে জানা যায় আদি কালে ভারতের তুলনায় অন্যান্য বর্ষ অসভ্য ছিল। তথাকার লোকেরা, নানাজাতীয় স্বভাবজাত ও শিশ্পজাত বহুমূল্য মণিরত্ব রেসম ও কার্পাদ, ধাতু ও অন্য দ্রব্য, এদেশ হইতে লইয়া গিয়া স্বীয় স্বীয় দেশের শ্রীরৃদ্ধি করিয়াছিলেন।
- ৩। পূর্বকালে ভারতবর্ষ সমস্ত জগতের জ্ঞানধর্মের পার্য রজাগার ও মঞ্চল্লকা ছিল। এখান হইতে তৎকাল-ক্রানত যজ্ঞবন্দনা ও পুত্তলিকা পূজার অনেক ব্যবস্থা এবং সম্প্র ধর্মাপাস্তের অনেক ভাগ ইরাণ, ভুরাণ, আরব, মিসর, ্রান্র যুনানে গৃহীত হইয়াছিল এবং এখান হইতেই বৌদ্ধ-ধর্ম চতুর্দ্ধিগে প্রচারিত হইয়াছিল।
- ৪। ভারতবর্ষ যেন সেই আদিকালে ধর্ম্মের পাকশালা ছিল; তাহার অগ্নিকখন নির্বাণ হইত না। ঋষিরা সর্বাল্যাগী হইয়া দিবা নিশি স্বদেশবাসী ও প্রতিবাসীগণের বিভিন্ন কচি অনুসারে নানাবিধ অন্নব্যঞ্জন ও নিষ্টান্ন প্রস্তাভাবতেন । পারমানন্দের সহিত তাহাই আবাল-বৃদ্ধালাতির ও মিষ্টাভা ছিল যে, তাহার জন্য সকল লোকই শিত হইত। কুলবধূরা পর্যান্ত তাহা ভোজন করিয়া স্বর্গীয় ক্ষম্ত-রসে প্রমন্তা হইতেন।
 - 🐠 অতএব যাঁহারদের ঘরে ভক্ষ্য ভোজ্যের এত

আয়োজন তাঁহারদিগকে আর অন্যের তারস্থ হইতে হয়
নাই। স্থা যে তাঁহার। আপনারা অন্যের তারস্থ হন
নাই এমত নহে, আবার সন্তান সন্তাতির জন্য, এমন সম্বল
করিয়া গিয়াছেন যে, আমারদিগকে কোন কালে অন্যের
তারস্থ হইতে হইবেনা। জগদীশ্বের ইচ্ছায়, তাঁহারদের
আশীর্কাদে আমাদের স্বজাতীয়-অধিকার ধনধান্য রজ্বাজিতে পূর্ণ রহিয়াছে। আমারদের শৃত্তহিরককে বিদেশীয় প্রবাল আর কত শোভা দান করিবে ? এবং ইউরো-পীয়গণ আমাদের প্রাচীন শাস্ত্ররপ অগাধ-জলধির কি
মর্য্যাদা বুঝিবেন ?*

- ৬। খৃষ্ঠীয় প্রচারকেরা যে বাইবেল দ্বারা অসভ্য দেশসমূহে ধর্মজ্ঞান বিতরণ করিয়াছেন তাহা, সম্পূর্ণরূপে
 না হউক, তথাকারই যোগ্য। ভারতের জ্ঞানধর্মরূপ উজ্জ্বল
 মার্ভণ্ডের সমূথে সে খদ্যোৎ আসিয়া কত আলো দান
 করিবে?
- ৭। এক শতাব্দির অধিক হইল খৃতীয় ধর্মকে এদেশে প্রচার করিবার বিবিধ যত্ন করা হইরাছে। বাইবেলের অসংখ্য অসংখ্য অসুবাদ, ব্যাখ্যা, টীকা প্রচার হইরাছে; খৃতীয় ধর্ম প্রচারার্থে কতই বিদ্যালয় স্থাপিত হইরাছে। ধর্মালয়ে, জনপদে, রাজপথে, নদীতীরে, আপদে, লীলাজ্যনে, লোকযাত্রায় অসংখ্য অসংখ্য বক্তৃতা ও উপদেশ বিবৃত করা হইয়াছে; কিছুতেই ভারত-সম্ভানদিগের

^{* &}quot;To fathom ancient India, all knowledge acquired in Europe avails nought."--M. Louis Jacolliot.

ধাতুতে তাহা সংলগ্ন হইল না। কেবল কভিপয় ইতর জাতি, কভিপয় অনায়াস-লদ্ধ-অনাথ বালক বালিকা, আর কভিপয় অবোধ লোক বাধ্য হইয়া উক্ত ধর্ম গ্রহণ করিয়াছে, ত্রাণের জন্য নহে। তাহারা হিন্দুসমাজ হইতে বহিক্ষত হইয়া দীন হীন ভাবে কাল্যাপন করিতেছে।

৮। ঐ সকল খৃষ্টানদিগের অনেকের মধ্যে অবোধ হিন্দুদিগের প্রতিপালিত কুসংক্ষার সকল অদ্যাপি বিরাজ করিতেছে। হাঁচি, টিকটিকী পাড়িলে তাহারা যাত্রা করে না, প্রত্যুষে উঠিয়া বানরের মুখ দেখে না ও নাম করে না, চন্দ্র-হর্ষের গ্রহণ সময়ে কোন দ্রব্য কাটে না, রোগ হইলে কবজধারণ করে, জলপড়া, তৈলপড়া খায়, মন্ত্রতন্ত্র মানে, পেচা দেখিলে ভরায়, ডাইন মানে, ইত্যাদি*। অধিকারের উমতি না হইলে হাদ্ধ খৃষ্টান নামে কি হইতে পারে ?

১। খৃতীয় প্রচারকেরা হতাশ হইয়াছেন। যাই যাই
সময়ে একবার ভারতীয় মধুর রীতিনীতি ও ভারতীয় মনোহর
ভাবভঙ্গী দারায় খৃত্তধর্মকে সাজাইয়া দেখিতেছেন তাহার
শোভা লোকের চক্ষুকে আকর্ষণ করে কি না। সেই উদ্দেশে
নগরসন্ধীর্ত্তন দারা, আবার কথকঠাকুরেরা যেমন করিয়া
পুরাণের কথা কহেন, সেইরপ কথকতা দারা খৃত্তধর্ম
প্রচারের উদ্যোগ হইতেছে। কিন্তু কপির পৃষ্ঠদেশে ময়্রের পুছ্ পরাইলে যেরপ হস্যাম্পদ হয়, ভাহাতে অবশেষে

^{*}See History of Phulmani and Karuna—Chap, IV. Calcutta Christian Tract 1852 The superstitions therein noticed are still in full force among many Native Christians.

তাহাই হইবেক। খৃষ্টানদিগের তুরবন্থার তুঃখ হয়।
তাঁহারদের মধ্যে কেহ কেহ এখন চারিদিগে অন্ধকার দেখিরা
খৃষ্টনামের সঙ্গে সঙ্গে ক্ষণাম প্রচার করিবার প্রস্তাব
করিতেছেন। মনে করিতেছেন যে তাহা হইলে স্থারিচিত
ক্ষনামের সঙ্গে সঙ্গে আমরা বিদেশীর খৃষ্টনাম এছণ
করিব; কিন্তু তাহাও পরিহাসের স্থল হইয়া উঠিবেক।

১০। যাহাই হউক, ভারতের আধ্যাত্মিক ধাতুতে বৈদেশিক ধর্মাত কথন সহা হইবেক না। খৃষ্ট ও মহল্মদকে যতই নবীন বেশে উপস্থিত কর, কিছুতেই আমরা তাঁহারদের নাম, দৃষ্টাস্ত, বা দেবত্ব গ্রহণ করিব না। কিছু যদিও বিদেশের ধর্মাত গ্রহণ না করি, তথাপি আত্মারধর্ম স্বজাতীয় উন্নত ব্রহ্মজ্ঞান, এবং শিষ্টাচার পরিপালিত রীতি নীতিকে অনাহত রাথিয়া যত দূর সম্ভবে আমারদের বিদেশীয় বিজ্ঞান, শিশ্প, বাণিজ্য, প্রভৃতি গ্রহণ ও উপ-ভোগ করিবার অধিকার আছে।

১১। ইউরোপীয় বিজ্ঞানই ইউরোপকে জগতের
মধ্যে উত্নত স্থান দিয়াছে, কিন্তু খৃফীয়ধর্ম নহে। ইউরোপীয় মুদ্রাযন্ত্র দ্বারা এই সসাগরা-ধরণী যে কি পর্যান্ত
উপকার লাভ করিয়াছে ভাহা এক মুখে ব্যক্ত করা যায় না।
ইউরোপীয় শব্দবিজ্ঞান, যাহা ভারতীয় বেদকে অবলর্ধন
করিয়া উঠিতেছে, ভাহার সিদ্ধান্ত সকল মনোহর। ইউরোপীয় ভূতত্ত্ব-বিদ্যা, যাহার প্রভাবে বাইবেলের লিখিত জগভের আধুনিকত্ব অপ্রমাণিত হইয়া হিন্দুশান্ত্রোক্ জগতের
প্রাচীনত্বের সম্ভবপরতা স্থিরতর হইতেছে, ভাহার অব্যর্থ

সিদ্ধান্ত সকল কে খণ্ডন করিবেক ? এই প্রকারের বিদ্যা সমূহ আলোচনা করিলে আমাদের মানসিক বল-বীর্ষ্য রন্ধি হইবেক, এদেশীয় পরমার্থ শান্তাধ্যয়নে, ত্রন্মজ্ঞান-লাভে ও মানবের অধিকারতত্ত্ব নিরপণে, আমরা বিশেষ পোষকতা পাইব। অতএব যত দূর সম্ভব আমারদিগকে প্রসকল মহাবিদ্যার আলোচনা করা কর্ত্ব্য।

১২। যেমন ইউরোপীয় বিজ্ঞান শিক্ষার্থে ইংরাজী ভাষা শিক্ষা করা আমারদের অবশ্য উচিত, তেমনি ইংরাজ-গণ এদেশের রাজা-বিধায় জীবিকা নির্মাহার্থেও তাঁহারদের ভাষা শিক্ষা করা কর্ত্ব্য। কিন্তু ভারতীয় লোকদিগকে ধর্মোপদেশ প্রদান কালে ইংরাজীতে বক্তৃতা করা কোন माउं कर्त्वा नार । में नार्वा वार्ष, वर्त्वमान ममास व्यानक लाक ইংরাজী ভাষা অধ্যয়ন দারা ক্তবিদ্য হইয়াছেন এবং তাদৃশ ব্যক্তিগণের মধ্যে যাঁহারা ভারতীয় ভাষার দ্বারা ধর্ম-विষয়क উপদেশ গ্রহণ করিতে না পারেন, তাঁহারদিগকে व्यग्ना हे दाकी एवं धर्मा शाम मा अहा शाम हरे-তেছে। কিন্তু তাই বলিয়া যেখানে দেখানে ইৎরাজীতে ৰক্তা করা কর্ত্ব্য নহে। ধর্মোপদেশক কেবল নিভান্ত প্রয়োজন-স্থলে ইংরাজি-শিক্ষিত ব্যক্তিদিগকে ইংরাজীতে धंटचाश्रातम पिट्नम, किंखु छामृन উश्रामनकाल मावधान পূর্বক খৃষ্টীয় স্থূল-ধর্ম-প্রতিপাদক যিশুখৃষ্ট, আটোনমেণ্ট,(১) মিরাকেল্স,(২) রেবেলেশন্,(৩) রিজরেকশন,(৪) ডে-আব-জজমেন্ট,(৫) প্রভৃতি উৎকট বিজাতীয় শব্দ সকল ব্যবহারে

⁽১) প্রায়শ্চিত্ত। (২) অলোকিক ক্রিয়া। (৩) প্রত্যাদেশ। (৪) পুনরুখান। (৫) রোজকেয়ামত—অর্থাৎ হক্ত ব্যক্তিদিগের শেষ বিচার দিন।

নির্ভ হইবেন। বরং আবশ্যকানুসারে সেই ইংরাজী-বক্তার মধ্যে—স্থানে স্থানে ভারতীয় ত্রন্জ্ঞান ও পরমার্থ-তত্ত্ব-প্রতিপাদক সংস্কৃত শব্দই ব্যবহার করিবেন। যথা " ত্রন্ধা, পরমাত্মা, জীবাত্মা, শ্রাবণ-মনন-নিদিধ্যাসন, সম-नय-विद्यक-रेवजागा, ज्ञान-ज्ञा, नाधन, शृजा, धान, धानन, অধ্যয়ন, যোগ, মুক্তি, ত্রন্মজ্ঞানী, ত্রন্মবাদী," ইত্যাদি ইত্যাদি। এতাদৃশ ভারতীয় শব্দ ব্যবহার দ্বারা ঐরূপ বক্তা কর্ত্ব প্রকৃত হুম্ম বেম্মতত্ত্ব প্রচারিত হইবেক; কিন্তু ঐ সকল ইংরাজীশন্দ-বিশিষ্ট বক্তৃতা এক প্রকার শ্বষ্ট-ধর্মই প্রসব করিবেক। অগ্রসর-ত্রান্দের। যে খুফকে ধর্ম-নায়ক করিয়াছেন এবং বাইবেল শাস্ত্রে মোহিত হইয়াছেন ইংরাজী বক্ত তাই তাহার অন্যতম কারণ। ত্রাক্ষসমাজের পুরাবৃত্তকে ধীর-ভাবে চিন্তা কর, এই কথার সভ্যতা বুঝিতে পারিবে। অতএব এই কথা স্মরণে রাখিতে হইবে যে, যেখানে শ্রোতার কেবল ইংরাজীতেই অধিকার, কেবল সেইখানেই ইংরাজীভাষায়, নচেৎ অন্যত্তে, ভারতীয় ভাষাতে উপদেশ দিতে হইবেক।

ठजूर्फण-जथ्यात्र ।

ভাতৃভাব।

১। যদিও এক এক ব্যক্তির শরীরের গঠন, মনের প্রকৃতি ও আত্মার ভাব ভঙ্গী এক এক প্রকার, ভথাপি পরস্পর সকল ব্যক্তির ম্ধ্যেই আশ্চর্যাতর প্রকা বিরাজ করিতেছে। দৈহিক বিভাগে সকলেরই হস্ত, পদ, চক্ষু, কর্ন, নাসিকা আছে, সকলেই অন্ন, জল, বায়ু, তেজ সম্ভোগকরত জীবিত থাকে এবং সকলেরই কলেবর অবশেষে ভূত পদার্থে বিলীন হইয়া যায়। ঐ রূপ আধ্যাত্মিক বিভাগে সকলেরই আত্মা চেতন ও অমৃত পদার্থ এবং প্রত্যয়, প্রীতি, বিবেক, বুদ্ধি, স্বেহ, মমতায় রুঢ়ীভূত। সকল আত্মাতেই উপাসনা প্রবৃত্তি বিরাজ করে এবং সকলেই সেই অভয় পদ লাভের নিমিত্তে লালায়িত রহিয়াছে।

- ২। শরীর কালের ছুর্জ্জার নিয়মের অধীন, এজন্য অমৃত ভোজনে তাহার অধিকার নাই। এক শরীর অন্য শরীরকে প্রীতি করিতে পারে না। ছুই শরীর সমসোষ্ঠিবতা ও সমশক্তি প্রাপ্ত হুইলেও পরস্পর প্রীতি করে না। স্কুরাং শরীরে শরীরে যুত্ই ঐক্য হুউক তাহা মূক ভিন্ন জীবস্তু নহে।
- ত। কিন্তু আত্মায় আত্মায় যে সাধারণ মূল ঐক্য আছে তাহাঁ জীবস্ত। এক আত্মা অন্য আত্মাকে প্রীতি করে এবং মানবের আত্মা পরস্পর যতই সম-উন্নতিতে আরোহণ করে, ঐ প্রীতি ততই পর্পার রিদ্ধি পাইতে থাকে।
- 8। শরীরে শরীরে মিল থাকিলেই যে আত্মার আত্মার মিল হইবে, এমত নহে। অতএব তুই জনের মধ্যে যেবিনের সমতা, সম্পত্তির সমতা, যশের সমতা, লোকবলের সমতা, ইত্যাদি বাহ্য সমতা থাকিলেই বা আত্মায় আত্মায় কিমতে মিল হইরে? কাদৃশ স্থলে যে পরিমাণ ঐক্য সম্ভব কেবল পার্থিব-রস তাহার উদ্দীপক, প্রেমরস নহে। তাহার নাম

'পার্থিব ঐক্য,''' পরমার্থক ঐক্য,' নছে। তাদৃশ ঐক্য, বালুভূমির উপরিস্থ অটালিকার ন্যায় আচিরে ধরাশায়ী হয়।
কুলুমোপম যৌবনের ও সম্পত্তির সরস-কমলের পরিমলপান জন্য প্রথমে ঘাঁহারা তোমার বন্ধু হইবেন, ভূমি যৌবন
ও সম্পত্তিহীন হইলে তাঁহার। তোমাকে স্থল পরিত্যাগ
করিবেন এমত নহে, কিন্তু তোমার জীবন পর্যান্ত বিনাশ
করিবেন। নলিনী সপদে থাকিলে দিবাকর তাহাকে
প্রস্কুটিত করে, কিন্তু স্থান্চ্যুত হইলে শুক্ষ করিয়া
থাকে।

৫। অতএব অন্য কল্য বাহিরে যত পরস্পর ঐক্য দেখা যাইতেছে, তাহা পরমার্থিক নহে। যাঁহারদের মধ্যে নৃত্যগীত-রঙ্গ-রস-পান ভোজন একত্রে উপভোগ হইতেছে, কুশল জিজ্ঞাসা, অনুরোধ, উপরোধ, আদান-প্রদান প্রকুল্ল ভাবে চলিতেছে, সেখানে পার্থিব-প্রেমই বিরাজমান—পর-মার্থিক নহে। অতএব এ প্রকার প্রেমকে "ভাত্ভাব" বলা যাইতে পারে না। ঐরপ প্রেমের বাঁধ আর বালুর বাঁধ সমান।

৬। আধ্যাত্মিক উন্নতির সমতা হইলেই প্রীতি ভ্রাত্ভাব নাম থারণ করে। যাঁহারা আধ্যাত্মিক উন্নতির সমদেশে থাকেন না, মূল আধ্যাত্মিক ভাবের সাধারণ ঐক্যবশতঃ ভাঁহারদেরও মধ্যে প্রীতির অসদ্ভাব নাই। তথা ভাহা দরা আর মেহ নামে নিম্নগামী হয়, ভক্তি, প্রান্ধা উপাধিতে উদ্ধে উপ্যত হইয়া থাকে—এনন কি নরলোকের সীমা উত্তীর্ণ হইয়া ভাহা স্বর্গনাথের চরণ বন্দনা করে।

- ৭। ঈশার সকলেরই পিতা—এই ভাবে এরপ শ্বেছ ও ভক্তির কার্য্যকে ভাতৃভাব বলা যাইতে পারে। সে ভাতৃ-ভাবে আপত্তি নাই, বাধা নাই। ভাহা চিরকাল আছে, ও থাকিবে।
- ৮। কিন্তু আধ্যাত্মিক সম-উন্নতি-নিবন্ধন আত্ভাব ছুম্পুাপ্য। তাদৃশ সম-উন্নতি বহুলোকের মধ্যে একেবারে হর না, স্কুতরাং দেরপ আত্ভাব সামাজিক হইতে পারে না!
- ১। আধ্যাত্মিক সম-উন্নতি অভ্যাপ সংখ্যক লোকের
 মধ্যেই হইরা থাকে, অতএব কেবল তাঁহারদের মধ্যেই
 ভাতৃভাব স্থাপিত হইতে পারে। কিন্তু তুইজন মানবের
 আধ্যাত্মিক ভাব চিরকাল সম-পদে থাকে না, তজ্জন্য একবার
 যাঁহারদের মধ্যে সম-উন্নতি জন্য ভাতৃভাব বিরাজ করে,
 পুনরায় তাঁহাদের মধ্যে অনৈক্য দেখা দেয়।
- ১০। কলিকাতা আক্ষামাজে আত্তাবের স্থার ধারা বিহতেছিল, কিন্তু এখন তাঁহারদের মধ্যে কি বিষম বিরোধ উপস্থিত। এখন আক্ষদিগের মধ্যে তুইটি প্রধান সম্প্রদার। এক সম্প্রদার মনে করিতেছেন যত সম্ভবে স্বজাতীয় অধিকারের প্রতি হস্তক্ষেপ না করিয়া দেশ মধ্যে আক্ষথিচার করা কর্ত্তব্য; অন্য সম্প্রদার স্বজাতীয় সর্ক্ষণীর অধিকার পরিত্যাগ করিয়া সমস্ত জগতে আত্তাব বিস্তার করিতে উদ্যত হইয়াছেন।
 - ১১। ত্রাক্ষদিগের মধ্যে ঐ তুইটি দল হইয়াই যে কাস্ত হইল এমত নহে। ভারতবর্ষে ও খৃটরাজ্যে যেমন ভিন্ন ভিন্ন উপাসক-সম্প্রদায় আছে, ত্রাক্ষদিগের মধ্যেও

কালেতে হয়ত সেই প্রকার সম্প্রদায় সকল উপিত হইবেক।
উন্নতি কখন সমপদে স্থিতর থাকিবে না, ভাত্ভাবও কখন
দৃঢ়তররূপে স্থাপিত হইবেক না, কিন্তু ঈশ্বর সকলের পিতা—
এভাবে ভাত্ভাব চিরকালই থাকিবে। সে ভাত্ভাবের
সহ কোন দলের বিশেষ ঘনিষ্ঠতা নাই ৷ তাহার হিলোল
সকলেরই হৃদয় দিয়া বহিতেছে।

১২। যে ভাতৃভাব দলকে উৎপন্ন করে তাহা পরিণামে বিচ্ছেদের কারণ হয়। এক দল অন্য দলের প্রতিযোগী। সেই প্রতিযোগিতার মধ্যেই বিচ্ছেদ বিরাজ করে। যখন একদল দ্বিশা হয় তখন বিচ্ছেদ বিষতুল্য হয়। পরের সঙ্গে বিবাদ যত কটদায়ক, ঘরে ঘরে বিরোধ তাহা অপেকাও অধিক। দল বাধিলেই অস্তে ঐ ফল ফলিবে। অতএব পরক্পর আত্মায় আত্মায় যত মিলন হইবে তাহার সুধাময় ফলভোজন কর, আত্মর করিয়া দল বাধিও না।

১৩। আদিবাদ্ধ-সমাজে প্রথমতঃ সাম্প্রদায়িক ভাব ছিল না; মধ্যে হইয়াছিল, এখন আবার ক্রমে ক্রমে সে ভাবের হ্রাস হইতেছে। উন্নত ব্রান্দ্রেরা গৃহবিচ্ছেদে অন্যজাতির সহ ভাতৃভাব স্থাপন করিতে গোলেন, ভাতৃভাব যে নাম মাত্র, প্রাচীন ব্রান্দ্রেরা তাহা ঐ বিচ্ছেদগুরুর নিকট শিক্ষা করিলেন। উন্নত ব্রান্দ্রেরা এক দল ভাঙ্গিয়া আবার পাকা পোক্তরপে মূতন দল বসাইতেছেন। স্ত্রপাতেই একবার খৃষ্ট লইয়া বিবাদ হইয়া, তাহা হইতে তুই একজন স্বতন্ত্র হন; কিন্তু ভবিষ্যতে যে আর কত জন স্বতন্ত্র হইবেন বলা যায় না।

১৪। ভ্রাতৃভাব কথনও দলের আড্রারে উৎপন্ন হয় না। উভন্ন প্রেমিকের সমান আধ্যাত্মিক উন্নতি হইলেই উহা গোপনে জমে। কিন্তু উন্নত ত্রাক্ষদিগের ভাত্ভাব সে আধ্যাত্মিক উন্নতির মধ্য দিয়া হইতেছে না; ফলে তাহা সম্ভবও নহে। তাঁহারদের অনেকের ভাতৃভাবকে পার্থিব প্রীতিমূলক বলিয়া বোধ হইতেছে, পরমার্থিক নহে। অন্য কল্য জাতি ও ষজ্ঞোপবিত ভ্যাগ, পিতৃ মাতৃ-ত্যাগ, জ্রীগণকে ইউরোপীয় স্বাধীনতা প্রদান, ত্রান্ধ-বিবাহ, সক্করবিবাহ, ইত্যাদি বাহ্যাড়ম্বর সকল ঐক্যের নিয়ামক হইয়াছে; কিন্তু পরমার্থিক-প্রাতি নহে। খৃষ্টও চৈতন্যকে আদর্শ করা, ইংরাজগণের আচার ব্যবহার অনুকরণ করা, হিন্দুশান্ত্রের উপরি বাইবেলের প্রাধান্য স্থাপন করা, এই সকল ব্যাপার ভাতৃভাবের জনক হইয়াছে; ত্রন্মজ্ঞান নহে। এই পার্থিব-প্রেম জনিত আতৃভাব যে নূতন জাতি সৃষ্টি করিতেছে, সেই জাতিমাত্র অবশিষ্ট রাখিয়া তাহা স্বয়ং অচিরে তিরোহিত হইবেক।

১৫। উন্নত ত্রান্দেরা ইংরাজদিগের সহিত ভারতের ত্রাত্তাব স্থাপন করিবার চেফা করিতেছেন; ফলে তাহা কি কখন হইবেক? আমি পূর্ব্বে বলিয়াছি যে বিদেশী অপেকা ফদেশী মানবেরা অধিক অন্তরঙ্গ । সে আত্মীয়তা স্বাভাবিক। ঐ আত্মীয়তা যত দূর প্রয়োজন তাহা অত্যে স্থিরতর রাখিয়া, ইউরোপীয়গণ এদেশীয় লোককে এবং এদেশীয় লোকেরা ইউরোপীয়দিগকে প্রীতি করিতেছেন। কিন্তু সে প্রীতি.পার্থিব-রসে প্রতিপালিত। ইংরাজেরা

রাজা আমরা প্রজা—এই সম্বন্ধের মধ্যে স্পট্টই পার্ষিব-ভাব বিরাজ করিভেছে। রাজপদের অহক্ষার তাঁহারদের অতি দূরস্থ অস্তরঙ্গের হৃদয়কেও ক্ষীত করিয়া তুলিয়াছে, এবং তাঁহারা এখন আমারদিগকে দোহন করিতেছেন। এ অবস্থায় ভাঁহারদের সহিত আমারদের বন্ধুত্ব কিমতে হইতে পারে? আদে িতো আধ্যাত্মিক ভাবের মধ্যে দিয়া সে লাভূভাব হওয়ার সম্ভবনাই , অতঃপর উভয়জাতির স্বজাতীয় অধিকার তাহাতে বাধা-দিতেছে, ইংরাজদিগের সাংসারিক অহস্কার তাহার বাধা দিতেছে, আধ্যাত্মিক সমতার অভাব তাহার বাধা দিতেছে; এবং আমারদেরই যেন জাত্যাভিমান যায় নাই, তাঁহারদের জাত্যাভিমানও কি ঐ ভাত্ভাবের বাধা দিতেছে না ? এখন কি কেবল খুফকৈ অবলম্বন করিলে এবং আমারদিণের স্ত্রীগণকে তাঁহারদের বাটী লইয়া গোলেই ভ্রাত্ভাব স্থাপিত হইবেক? উন্নত ত্রান্দোরা এই প্রকার যত কার্য্য করিতেছেন তাহা তাঁহারদের মতে জাতৃভাব হইতে পারে, কিন্তু আমারদের মতে নছে। मत्थ्रनां रक्तान, अनुकत्न कत्रान, विवस्त्रत यात्रा अथवा সম্পত্তি, যশ ও শরীরের সমতায় ভাতৃভাব হয় না। ভাতৃভাব এক আত্মার মধ্য দিয়া অন্য আত্মাতে প্রকাশ পায়, কেবল আত্মার ভাব সমান রূপে উন্নত হইলেই তাহা জিমারা থাকে। বিদ্যা ও জ্ঞানের সমতাতেও তাহা হয় না; কেবল যে সকল আত্মা পরস্পর ধার্মিক ও ঈশ্বরপরায়ণ হয়, যে সকল আত্মার স্বার্থ বিগত হয়, যাঁহারা ধন মান यभात जना नरह, मल्थामात्र मुर्छि कतियात कना नरह, किखु কেবল ঈশ্বাকে পাইবার জন্য, কেবল ভগবানের আদেশ প্রতিপালনের জন্য সংসারধর্ম পালন করেন, কেবল তাঁহারদেরই মধ্যে আতৃভাব থাকিতে পারে। তাঁহারদের একজন পেতিলিক, অন্যজন ব্রক্ষজানী হইলেও আতৃভাব হয়; কিন্তু শত শত ব্রাহ্ম তিংশত বর্ষ ধরিয়া দলবন্ধন করিয়াও সে দলকে রক্ষা করিতে পারেন নাই, এবং এখন যাঁহারা আবার খুফান সম্প্রদায় মতন দল বাঁধিতেছেন তাঁহা-রাও ছিন্ন ছইবেন। কেবল তাঁহারা যে পিতামাতাকে শোকাকুল করিয়া জাতান্তর হইলেন সেই পর্যান্তই তাহার ফল, সর্ক-ছান্য-তৃপ্রিকর ভগবান তাহার ফল নহেন। একদল হইতে অন্য দলে গেলে ভগবানকে অধিক পাওয়া যায় না; কিন্তু মনে করিলে কফ হয়, অবশেষে হয়ত উন্নত ব্রাহ্মিনের এক মাত্র ফল হইবেক।

১৬। এই ভাত্তাব নামটি ত্রান্ধেরা ইংরাজী 'ত্রদরত্ত্'
শব্দ হইতে অনুবাদিত করিয়াছেন। তারতবর্ষে তাদৃশ
অর্থজ্ঞাপক কোন শব্দ নাই। স্কুতরাং ঐ শব্দই যত অনিফ্রের মূল—উহা শীঘ্র ত্যাগ করা কর্ত্তব্য। আত্মার মঙ্গল
করা, দেশের মঙ্গল করা, সকলেরই কর্ত্তব্য। শব্দ লইয়া,
ও অনুকরণ করিয়া গোল করার প্রয়োজন নাই।

১৭। আমারদের ত্রন্ধজ্ঞানাবধি কনিষ্ঠোপাসনা পর্যান্ত যত মঙ্গলজনক ব্যবহার আছে, তদনুসারে কার্য্য কর, সকল দিগে মঙ্গল্ হইবেক। অন্তঃকরণের প্রবৃতিগুলিকে বিবেক রাজার অধীনে দামঞ্জীভূত কর, আত্মার মধ্যগত দেবা- ম্বের মুদ্ধ কাঁন্ত হইবে। পরিবাববর্গকে মুশাসনের সহিত সংশোধন কর, গৃহ-বিচ্ছেদ থাকিবেক না। তুঃখজীবি মাতাপিতা জ্রীপুত্রদিগের জীবিকার সম্বল করিয়া দেও, পরিবারস্থ সকলের ও তোমার নিজের মন মুখে থাকিবেক। জ্রাতি কুটুম্বদিগকে যথাসাধ্য সাহায্য কর, সন্তানদিগকে মুশাক্ষত কর। সমৃতি থাকে, বিদ্যালয়, চিকিৎসালয়, ধর্মালয়, দীঘি, সরোবর, পান্থশালা প্রভৃতি স্থাপন কর, সমুদ্য় দেশ মুখী হইবেক। আপনার যশ ত্যাগ করিয়া ঐ সকল কর্ম্ম ঈশ্বরার্থে কর, সকলদিগে ও সকল কার্য্যে ঐক্য বুঝিতে পারিবে।

১৮। নতুবা মাতাপিতা সহােদ্রগণকে পরিত্যাগ করিয়া, তােমার প্রতি যাঁহারদের স্বজাতীয় ঘনিষ্ঠতা আছে, তাঁহারদের প্রতি নির্দ্ধর হইয়া, দেশীয় দ্বর্কলাধিকারি দিগকে পশ্চাতে ফেলিয়া, তুমি যে সাহেবগণের বাহ্ছ চাক চক্যের অনুকরণে খৃষ্টান দলের নাায় ব্রাক্ষদল স্থাপন করত ব্রাক্ষানামের অভিমান ধারণ পূর্ব্বক জন্মের মতন তাহাতে প্রবেশ করিতেছ সে কােন্ ভাত্তাব হইতেছে? তুমি ব্রাক্ষ হইয়া যে দেশের কােন উপকার করিতেছ না, আমরা তাহা বলি না, কেবল এই কথা বলি যে তুমি নিস্বার্থ ভাবে কােন উপকার করিতে পারিতেছ না। তােমার স্কল কর্ন্বেই দলপুষ্টি করিবার দিগে দৃষ্টি রহিয়াছে। হা! এ সাম্প্রদায়িক ভাব কি তুমি পরিত্যাগ করিবে না? সনাতন ব্যাক্ষধর্ম কি সাম্প্রদায়িক ভাব লইয়া ভারতে অবতীর্ণ ইইয়া ছিলেন? আমরা এখন দেখিতেছি ব্য তুমি যথার্থই

খৃফৌর শিষ্য, কারণ তুমি ''শান্তি দিতে আইস নাই, কিন্তু অগ্নি দিতে আসিয়াছ*।"

পঞ্চশ-অধ্যায়।

इंडत्रलाकिपरगत निमित्व धर्माश्रामम अनानी।

১। একজানী ও ছর্মলাধিকারী ভদ্রলোকদিগের জ্ঞান ধর্মের আলোচনা যে রূপে হইবেক তাহা ইতিপূর্মে বিস্তা-রিভ বলিয়াছি।

প্রথমতঃ। ত্রন্ধজ্ঞান-পিপাস্থ ব্যক্তিরা পরস্পর কথোপ-কথন দ্বারা এক প্রকারে এবং ত্রান্ধ্যমাজের মধ্যে বিশেষ অধিবেশন দ্বারা অন্য প্রকারে উন্নত ত্রন্ধজ্ঞানের আলো-চনা, প্রবণ, মনন, নিদিধ্যাসন, ও প্রীতি প্রদ্ধার সহিত ত্রন্ধোপাসনা করিবেন।

দ্বিতীয়তঃ। তুর্বলাধিকারী ভদ্রসমাজের মধ্যে কথোপ-কথন দ্বারা এক প্রকারে, সভা করিয়া অন্য প্রকারে ধর্মো-পদেশ দ্বারা শ্রোভাদিগের জ্ঞান, ভক্তি, শ্রান্ধা ও মুমুক্ষুত্বক জ্ঞানরিত করিতে হইবেক।

তৃতীয়তঃ। কি ত্রক্ষজ্ঞানী, কি তুর্বল, সর্বপ্রকার ও সকল জাতীয় লোকদিণের নিমিত্তে ত্রাক্ষামাজে সাধারণ ত্রক্ষো-পাসনা হইবেক। তাহাতে সকলেরই যোগ দিবার অধিকার আছে। কিন্তু ভদ্রলোকদিগের সহ ইতর লোকদিগকে একত্রে ধর্মোপদেশ দিবার স্ববিধা নাই। যে প্রকার উচ্চ-

^{*} Mathew X1. 34 to 36. Luke XII. 49.

ভাবের কথোপকথন ও বক্তাদি দারা ভদ্রলোকদিগকে উপদেশ প্রদত্ত হইবেক, তাহা কখনই ইতরদিগের বোধগম্য হইবেক না। এজন্য ইতর্দিগের নিমিত্তে সভস্ত্র প্রধালী অবলম্বনের প্রয়োজন হইতেছে।

৩। সকলেই অবগত আছেন যে ইতর লোকের আবাল-বৃদ্ধ-বনিতা কেমন ভক্তির সহ গ্রামে গ্রামে প্রতিমা

^{* &}quot;I am of opinion that the peasants or villagers who reside at distance from large towns and head stations and Courts of Law are as innocent, temperate and moral in their conduct as the people of any country whatsoever. The virtues of this class, however, rest at present chiefly on their primitive simplicity and a strong religious feeling which leads them to expect reward or punishment for their good or bad conduct not only in the next world, but, like the ancient Jews also in this."—Rajah Rammohun Roy's Remarks on Bengalee's moral condition. (Geographical Report of 24 Pergunnahs by Major Ralph Smyth 1857.)

দর্শন করিয়া থাকে। প্রতিমার সমুখে ভূমিক ছইয়া সাফাঙ্গে প্রণাম পূর্বক আপনাপন হৃদয়ের কেমন সরল প্রার্থনা প্রকাশ করে। "ছুর্গা মা—ছেলে পিলেকে বাঁচিয়ে বর্তিয়েরেখো—আমাদের পেটে অন্ন দিও।"

- ৪। কিঞ্চিৎ কন্ট স্বীকার করিয়া ধীরভাবে তাহাদের বিশ্বাসানুষায়ী ধর্ম্মোপদেশ দিছে পারিলে, তাহারদিগের ঐ ভক্তি অধিক জাগিয়া উঠিবেক; তাহার আর সন্দেহ নাই। তাদৃশ ধর্মোপদেশের প্রভাবে তাহাদের আরো এই উপকার হইবেক যে, কলহ, বিবাদ.এবং কুপ্রবৃত্তি তাহাদের মধ্যে বাহা আছে তাহা ক্রমে তিরোহিত হইবেক এবং তাহারদিগের কুটিরে ঋষি-উপভোগ্য. উপাদেয় শান্তি বিরাজ করিবেক।
- ৫। কিন্তু তাহারদের বিশ্বাসানুযায়ী ধর্মকে অবলম্বন
 না করিয়া কেবল শুক্ত, নাতিগর্ভ উপদেশ দিলে অথবা
 "পরমেশ্বর এক এবং নিরাকার" এপ্রকার হক্ষ্ম সভ্যের
 শিক্ষা দিলে তাহা তাহাদের হৃদয়ে লাগিবেক না। অগ্রে
 তাহারদিগকে বল যে, "তোমাদের স্ব স্ব দেবতার প্রতি
 ভোমরা সর্ব্বনাই ভক্তি করিবে, কলহ বিবাদ করিলে তাঁহারা
 কট হইবেন, তাহাতে তোমাদের কামনা সিদ্ধ হইবেক না,
 পরিবারের মঙ্গল হইবেক না;" এইরপ কথাতে তাহাদের
 হাদয় অবশ্যই সায় দিবেক এবং তাহার সঙ্গে অন্যান্য
 নীতিগর্ভ উপদেশ ও ধর্ম সম্বন্ধে আরো কিছু কিছু উন্নত
 উপদেশ কলদায়ক হইতে থাকিবেক।
- ৬। ইত্র লোকদিগকে যে ধর্মোপদেশ দেওয়া যাই-বেক ভাহার মধ্যে ভাহারদিগের আত্মীয় ও স্বজাভীয়

অধিকারকে সর্বজোভাবে পোষণ করিতে হইবেক। খৃষ্টানদিগের ন্যায় রাজপথে ও হউগোনলের মধ্যে উপদেশ দিলে
এদেশীয় ইতরলোকেরা তাহা অগ্রাহ্য করিবেক। সাদা
দিধা সভা করিয়া তাহাদিগের সমুখে কেবল বক্তৃতা
করিলেও কোন কাজ হইবেক না। অভএব হিন্দুভাবে,
তাহারদের মনের মতন করিয়া উপদেশ দিতে পারিলে
অবশ্যই ফল হইতে পারিবেক।

৭। ইতরলোকদিগের মধ্যে ধর্মোপদেশ বিস্তার করিবার নিমিত্তে আপাততঃ নিমন্ত প্রণালী অবলঘন করাই বিহিত বোধ হইতেছে।

৮। বেলাবাদিব্যক্তি লোকের আত্মান্ত্র মঙ্গল ও বেলাপ্রীতি কামনায় প্রামে প্রামে ও ইতরলোকদিনের বার্টা
বার্টা বাইবেন। তাহারদিনের সাংসারিক ছঃখ বাহাতে
দূর হয় তাহার যত্র করিবেন ও তদ্বিষয়ে সত্রপদেশ দিবেন।
নিষ্ঠুর জমীদার ও পুলিসের লোকেরা ছঃখী লোকদিনের
প্রতি সর্কানাই অত্যাচার করে। অতথ্র দেশের শুভামুধ্যায়ী বেলজ্ঞানী সাধ্যমত মীমাংসা দ্বারা তাহা নিবারণ
করাইবেন। প্রজারা প্রায়ই ইচ্ছাপূর্কক জমীদারের কর
দিতে চাহে না। যখন যে টাকা পায় আপনারা খাইয়া
ফেলে, অথবা জমীদারের আমলাদিসকে উৎকোচ দিতে
তাহারদের সর্কান্ত যায়। বেলজ্ঞানী ধীর ভাবে এসকল
অন্যায় ব্যবহার নিবারণ করিবেন। তাঁহাকে সর্কান্তে। ভাবে
উহারদিনের ধর্মোপদেশক ও উপকারক হইতে হইবেক।
কিন্তু যদি ধর্মোপদেশক ও উপকারক হইতে হইবেক।

করিতে প্রবৃত্ত হন, তাহা হইলে তাঁহার সহিত একজন বানিকারী বা যোক্তারের কোন প্রভেদ থাকিবেক না, এবং ক্রমেই পাপ আদিরা তাঁহাকে স্পূর্ম করিতে থাকিবেক।

১। ত্রন্ধবাদী - উপদেশক ইতরলোকদিগের বালক বালিকাগণকে ভাল বাদিবেন। তাহারদের শিশুগণের হস্তে মিফার, ফল, পায়সা, খেলাবার পুতলিকা ও চিত্তরঞ্জক কণ্ঠহার, বলয়, প্রভৃতি অলস্কার দান করিবেন। সম্ভব হইলে তাহাদের বস্ত্রের অভাব পূরণ করিয়া দিবেন। আপনি তাহাদের নিকট হইতে বিনা মূল্যে কোন খাদ্যদ্রব্য লইবেন না।

১০। বেল্পবাদী উপদেশক যে প্রামে যে কয়েক দিন
অবস্থান করিবেন, তাহার প্রতিদিন সন্ধ্যাকালে যথন
শ্রমাপজীবি লোকেরা গৃহে ফিরিয়া আসিয়া শ্রান্তি দৃর করিবে,
সেই সময়ে তিনি তাহারদিগকে একত্র করিয়া মহাভারত
রামারণ, শ্রীমদ্ভাগবৎ ও অন্যান্য পুরাণের বিশ্বাসযোগ্য,
সম্ভবপর কথা সকল শুনাইবেন। অসম্ভব কথা সকলে
তাহারদের অবিশ্বাস জন্মাইয়া দিবেন, এবং তাহার মধ্যহইতে ধর্ম্মের জন্ম এবং অধর্মের ক্ষন্ন স্পৃষ্ট স্পেই দেখাইয়া
দিবেন। ভক্তির যে কত গুণ, ভক্তিতে যে কত শীত্র ভগবানকে লাভ করা যায়, তাহা বিশেষ করিয়া বলিবেন।
এই সকল উপদেশ অবলম্বন করিয়া ঈশ্বর, পরকাল, ও
ইহকাল সম্বন্ধে যত ধর্ম্ম-বিষয়ক সত্য সহজ্ঞ ও সাধারণ,
তাহা তাহারদিগের ধারণাশক্তির উন্নতি অনুসারে ক্রমে
ক্রেমে বুঝাইয়া দিবেন।

১১। ইতর লোকদিগের মধ্যে কোন কোন ব্যক্তির কিঞ্চিৎ কিঞ্চিৎ লেখা পড়া শিক্ষাকরার ইচ্ছা হইয়া থাকে। यनि मखर इम्र जर्द निकृष्टे निकृष्टे २।,० थानि धारमत जाम्भ লোকদিগের নিমিত্তে লেখা পড়া শিক্ষা করিবার কোন রূপ উপায় করিয়া দিবেন। রাজিকাল তাদৃশ শিক্ষার উত্য-কাল হইবেক। দেখানে ভাহারদিগেরই আবশ্যক মত लिथा পेডा निथाहेर्यन। जगीनात्त्रत मक्त मध्येव नाहे এমত লোক প্রায় নাই। অতএব উক্ত প্রকার লোকদিগকে রাজা-প্রজা সম্বন্ধীয় আইনের তাৎপর্য্য, তাহা অমান্যের প্রতিফল, কেমন করিয়া খাজানা দাখিল করিতে হয়. किश्रकात्र भारीकामहकात्त माथिला वा तमिम लहेए इत्र. কেমন করিয়া দরখাস্ত লিখিতে হয়, কেমন করিয়া সীমা বিবাদ মিটাইতে হয়—এইসকল অধিক শিক্ষা দিবেন। নতুবা বারি-বিজ্ঞান আলোক-বিজ্ঞান, ভূতত্ত্ব প্রভৃতি মহাবিদ্যা भिका निवात उथा প্রয়োজন নাই। যে যে স্থানে বাণিজ্য ব্যবসায় অধিক প্রচলিত তথা তদনুযায়ী শিক্ষাই অধিক দেওয়া উচিত এবং ভিক্ষুক বৈষ্ণবদিগকে ভিক্ষাবৃত্তি হইতে নিবৃত্ত করিয়া ভাহারদিগকে কোন ব্যবসায় বা কৃষিকর্মে ত্রতী করিয়া দেওয়া কর্ত্তব্য। ত্রহ্মবাদী স্বীয় ব্যবহার ক্ষেত্রে এই সকল কার্য্যে বিশেষ মনোযোগ করিবেন। নতুবা क्तिल जन्मनाम ध्रान कतिल, वा मृष्ठ वाजाहेशा नृष्ठा कतिल শেষে দেশশুদ্ধ ভিক্ষুক হইয়া দাঁড়াইবেক।

১২। ত্রনজ্ঞানী ব্যক্তি ইতরদিগের এক গ্রামে গিয়া ঐরপ প্রমোপকার-জনক কার্য্যারস্ত করিলেই দেখিতে পাইবেন চতুর্দিগস্থ গ্রাম পল্লি হইতে প্রমোপজীবি লোকেরা আসিয়া তাঁহাকৈ ভক্তিভাবে বেইন করিবেক।

১৩। जामा कला, वक्रामान तकल श्रंथान श्रामिश ছুই একজন করিয়া ব্রাহ্ম আছেন। তাঁছাদের কর্তবা य गान(वत এই अधिकांत ज उत्त तम अव हन अवर कि किए ত্যাগ-স্বীকার করিয়া লোকের অধিকারের অনুযায়ী এইরূপ धर्मार्शाप्तम ७ (मर्भंत श्रेक्ठ डेपकांत माधन करतन। ভাদৃশ অধিকারতজ্ঞ, ত্রন্মজ্ঞ ব্যক্তি যে প্রামে বাস করেন তাহার চতুর্দিগের ৫।৭ খানি আম লইয়া তিনি অনায়াসে অপর ত্রেক্সাপাসক, ভত্র-ছুর্মলাধিকারী এবং ইতরালাক-দিগের মধ্যে যাহাদের যেমন অধিকার তাহারদিগাকে সেই প্রকার উপাদনা শিক্ষা, উপদেশ দান ও উপকার করিতে পারেন। সোভাগ্য ক্রমে যে সকল অধিকারতজ্জ, ত্রন্মজ্ঞ ব্যক্তির আবশ্যকীয় গৃহব্যয় নির্দ্ধাহের সঙ্গতি আছে. ভাঁছারা অবশ্যই ঐরপে আপনারদের সময় বায় করিতে পারেন। আর যদি সঙ্গতির অভাবে তাঁহাকে দূরদেশে গিয়া কর্ম করিতে হয়, তবে সেই খানেই যত দূর সম্ভবে এরপ উপদেশাদি দান করিতে ত্রুটি করিবেন নাঃ যে প্রকারেই হউক লোকের ধর্মভাব ও ভক্তি শ্রদ্ধার উন্নতি করিতেই হইবেক।

১৪। ইতরলোকদিগকে মানুষ করিবার নিমিত্তে উপরে যে উপায় বলা গেল ভদ্বাতীত ক্রমে আরো ছই এক প্রকারের উপায় উদ্ভাবিত হইতে পারিবেক। ১৫। এই সকল উপায় প্রবঞ্চনা বা শঠ কেশিল নছে।

যদি খুফান করিয়া আনার ন্যায় লোকদিগকে ত্রান্ধদলৈ

আনার উপায় স্বরূপে ঐ সকল উপায় অবলম্বিত হইড,

তবে তাহা অবশ্যই প্রবঞ্চনা বা শঠ কেশিল বলিয়া গণ্য

হইতে পারিত। কিন্তু যখন তাঁহারদের ধর্মের মধ্যে

দিয়া, তাঁহারদের স্বজাতীয় অধিকার রক্ষা করিয়া, ধর্মভাবের

উন্নতি করিবার উদ্দেশে, উক্ত উপায় সকল অবলম্বিত

হইবেক এবং যখন তাহা প্রত্যেকের আত্মার প্রাহ্য, তখন

তাহা মহাপুণ্য কর্মা তাহার আর সন্দেহ নাই।

প্রিশিষ্ট।

১। এই অধিকারতত্ত্ব যাহা লিখিত হইল ভাহা কার্য্যে পরিণত করা কিছুমাত্র কঠিন নহে। এক জনকে তুমি খুষ্টান াবা মুসলমান ধর্মা আহণ করিতে বল, দেখিবে তাহাতে কত তর্ক, কত বিবাদ উপস্থিত হইবে। তর্ক ও বিবাদে কত অমূল্য সময় বুথা নফ হইয়া যাইবেক, বাহিরের কোলাহল আসিয়া হাদয়কে মহা মোহে আচ্ছন্ন করিবেক; তুমি হৃদয়ব্দিত ধর্মের আদেশ সমূহের অবমাননা করিতে ক্রটি করিবে না। কিন্তু কোন সাম্প্রদায়িক ভাবের প্রতি मृक्षि ना রাখিয়া তুমি মনুষ্যকে হল ধার্মিক হইতে বল, ভাহার ধর্ম কার্য্যে উৎসাহ দেও, দেখিবে ভোমার কথা কেহই ঠেলিতে পারিবেন না। 'আমি বেশী বুঝি, অতএব আমার মতে দকলে আত্বক' ধর্ম প্রচারের এই উপায়কে অভিমানমূলক জানিয়া ত্যাগ করিতে হইবেক। তৎপরি-বর্তে বলিতে হইবে যে ভুমি ঈশ্বর ও ধর্মের যৎপরিমাণ ভাব আপন জ্ঞান ও বিশ্বাদের দ্বারা বুঝিতে পার. দৃঢ় মনো-যোগের সহ ভগবানের তৎপরিমাণ পূজা ও ধর্মের আচরণ করহ। একথা অবহেলন করিবার কাহারও সাধ্য নাই। প্রত্যেক মানবের আত্মা এইরূপই চাহে। খৃষ্টীয় ধর্মাবলম্বি-রাও কেছ কেছ এখন কহিতেছেন যে বিবেকের গ্রাহাধর্মই ভবিষ্যতের খৃষ্ট-ধৃষ্ম হইবেক, কিন্তু ধর্মোপদেশকের ধর্ম নহে। প্রত্যেকে আপন আপ্ন জ্ঞান ও বিশ্বাসানুসারে যদি জগদীখারের আরাধনা ও ধর্মকার্য্য করে, তাহা হইলেই প্রচুর লাভ হইবেক। তাদৃশ পূজা ও ধর্মকার্য্য যতই কেন অসম্পূর্ণ হউক না, তদ্ধারা প্রত্যেকের আত্মাই যে উন্নতির সোপানার হইবেক, তাহার আর সন্দেহ নাই। মানবকে লইন্য়াই ধর্ম, মানবকে লইরাই জগত। মানব যদি ধার্মিক হয়, তবে জগতেরও অশেষ কল্যাণ হইবেক; ধর্ম ও জাগ্রত হইয়া উঠিবেক।

২। কোন এক সম্প্রদায় ভুক্ত না হইলে, বা কোন এক मञ्जानाश निर्माण ना कतिल गानव कि धार्मिक इहेए छ পারে না? খৃফীন হইবার অপেক্ষায় ণকি ধর্মের আচরণ ও ঈশবের পূজা স্থািত থাকে? কখনই নছে। ভগবান সকলেরই হৃদয়ের প্রিয় ধন, তাঁহার পূজায় যাহার ষেমন সাধ্য তাহার তেমনি আচরণ। তথাপি লোকের অহস্কার-কে ধন্য। খৃষ্টান বলেন " তুমি যত দিন খৃষ্টান না হইবে, তত দিন ভগবানের পূজার উপাযুক্ত নহ।" মুদলমান বলেন, " তুমি যত দিন মুসলমান না হইবে তত দিন কাফর্ থাকিবে।" এখন খৃষ্টানদিগের দেখাদেখি ত্রাক্ষেরাও অনেকে বলিতেছেন, " তুমি যত দিন ত্রান্সদলে না আসিবে, তত দিন পাপের পথে ভ্রমণ করিবে।" আশ্চর্য্য কিন্তু হিন্দুধর্ম ! ইহা কোন খৃষ্টানকে হিন্দু করিতে চাহে না, . कान पूमनपानक हिन्सू श्रेष्ठ वर्तन ना, आपनात वक्षः व्रिष्ठ শতশত সম্প্রদায়ের মধ্যে কাহাকেও অপুপন শাখা ত্যাগ कतिया भाषाख्तीय मा व्यवस्य कति एक व्यवस्य करत ना,

কিন্তু যাহার যেমন ধারণা-শক্তি ও অধিকার ভাহাকে ভাহারই মধ্য দিয়া উন্নত হইতে আদেশ করে।

- ৩। এক্ষজান এবং একালাভই হিন্দুখর্মের চরম শিক্ষা। লোক যাহাতে অস্তে সেই পরম্পদ লাভ করিতে পারে, তাহাই হিন্দু ধর্মের প্রধান উপদেশ। ত্রক্ষজান বিনা চুড়ান্ত মুক্তি হয় না। হিন্দু-ধর্মের এই জ্বলন্ত व्याप्तम । उत्तरे हिन्दूध्यात जाममा किखु अधिकाती ভেদে পদ্মা নানাবিধ। সেই রাজ রাজেশ্বরের ভবনে যাইবার क्वल अकि मझीर्न शथ नहा। अमन नह एय अकि माज मकीर्न राथ, इस थूंके नस महत्त्वाम, नस रेडिंडना इहेट आतर् হইয়া ত্রন্ধপুরে নিয়াছে। ত্রন্দার অবারিত। একটি মাত্র দ্বার, আর তাহাই অবারিত এমত নহে: কোন এক নিকেতনের লক্ষ লক্ষ দ্বার অবারিত থাকিলে "অবারিত" শব্দের যে ভাব পওয়া যায়, ত্রন্মদার সেইরূপ মহা অবারিত। জগতে বত মানব ছিলেন, আছেন ও হইবেন, ত্রন্ধনিকে-তনের তত গুলি দার, তথায় উত্তীর্ণ হইবার ততগুলি পস্থা। ততগুলি পদ্মা যুগপৎ খ্যের গ্রিজাবা মহন্দরে মস্জিদ হইতে বাহির হয় নাই, কিন্তু তাহার প্রভ্যেক পদ্ধা প্রত্যেক মানবের আত্মা হইতে বাহির হইয়া সেই পরমাত্ম-পুরের এক একটি দ্বারে সংলগ্ন হইয়াছে।
- ৪। অতথব প্রত্যেক মানব যাহাতে সেই আপান অপান পান্থাদ্বারা ত্রন্ধনিকেতনে গমন করেন, তদ্বিয়ে এখন যথো-চিত উৎসাহ দিতে হইবেক। কিন্তু পান্থাতে কেহ গোলমাল না করেন, বসিয়া-না থাকেন, নিজা না যান, ক্রীড়া না করেন,

এবং পদ্ধাকেই নিকেতন মনে না করেন,এমত উপদেশ বিশেষ করিয়া দিতে হইবেক। যাহারা ব্রহ্ম-নিকেতনে যাইতে চাহেন না, তাঁহারা যাহাতে যান তাহা করিতে হইবেক। রথা তর্ক করিয়া সময় নই করিবার ফল নাই। তোমার আপন জ্ঞান রন্ধির নিমিত্ত তর্ক করা প্রয়োজন হয়, সরল ভাবে করিবে; কিন্তু ধর্মপ্রচারের সময় তর্ক ছাড়িয়া কেবল ধর্মকথাই কহিবে।

৫। যাঁহারা বহু পরীক্ষা দ্বারা প্রতিষ্ঠিত আবহমান কালের হিন্দু সমাজকে পরিত্যাগ করিয়া অভিনব ভালাজাতি সৃষ্টি করিতে বসিয়াছেন, তাঁহারা ব্রাহ্ম অভিমান চরিতার্থ করিবার নিমিতে, বহুতর বুতন প্রকার সাংসারিক ব্যাপারে বিত্রত হইয়া পড়িয়াছেন। যজ্ঞোপবীত ত্যাগ, সঙ্কর-विवार, পরিচ্ছদ পরিবর্ত্তন, সমারোহের সহিত নগরকীর্ত্তন, দন্তের সহিত ইংরাজী বক্তৃতা করা, গর্কের সহিত জ্রীলোক-দিগকে প্রকাশ্য সভায় লইয়া যাওয়া, খৃষ্টকে অনুকরণ করা, এই সকল কার্য্যে ভাঁহারা যে প্রকার বিত্তত হইয়াছেন, তাহা অনুক্ষণ কেবল আন্তরিক পৌত্তলিকতা, স্থূল্তা, আবদ্ধতা, চপলতা ও অহস্কারের পরিচয় দিতেছে। ঐ সকল ব্যাপারই মুখ্যকম্পে তাঁহারদের ভাবনা, ধ্যান, ধারণা ও তর্কের বিষয় হইয়া উঠিয়াছে, প্রক্রতথর্ম তাঁহারদের হৃদয়ে লুকায়িত রহিয়াছে। হৃদয় হইতে তাহা অবিমিশ্র স্বাভা-বিক শক্তিতে প্রচারিত হইতে পারিতেছে না ৷ সত্য বটে, তাঁহারা আবাল-বৃদ্ধ-বনিতা সকলকে অন্ন ভোজনার্থে আহ্বান করিতেছেন, কিন্তু তাহার মধ্যে যে হন্ধপোষ্য

শিশু উপবাসী আছে, তাহার জন্য হুষের আয়োজন করেন নাই।

৬! অতএব সম্প্রদায় সকল বেমন আছে তেমনি পাকুক, জাতিমর্য্যাদা যাহা আছে তাহাই থাকুক, ত্রান্মণেরা যেমন যজ্ঞোপবীত পরিতেছেন তেমনি পরুন, তাহাতে কোন আপত্তি নাই। পকান্তরে, কাল-সহকারে আপনা আপনি অথবা हिन्दू नगाजित याजू य नकन পরিবর্ত্তন হয় হউক। এই নর্মপ্রকার ঘটনার প্রতি নিরপেক্ষ হইয়া. অথচ প্রত্যেকের আত্মীয় ও স্বজাতীয় অধিকারের মধ্য দিয়া, প্রত্যেক ব্যক্তিকে ও ষভদূর স্থবিধা হয় প্রত্যেক মওলীকে, কেবল ধর্মকার্য্যে ও ভগবানের পূজায় ত্রতী করাই আমার-**मिरागेत উদ্দেশ্য। এই উদ্দেশ্য অতি মহান্ ও নিঃস্বার্থ,** অতি উদার ও পবিত্র, যুক্তিসিদ্ধ ও আত্মার আহা। खाषान, काज्रन्द्र, रेवमा, रेवमा, क्वजिज्ञ, धवर धीमा उ वना অন্য কোন জাতির ইহাতে কোন আপত্তির সম্ভাবনা নাই। rाल, पूर्ताएमव (यमन इहेट्डाह, **ए**च्यनि इहेट्ड थाकूक, গুৰু পুরোহিভগণের ব্যবসা বেমন আছে তেমনি চলুক, সার কথা এই যে সকলে ধার্মিক হউন ও ক্রমে প্রকৃত ত্রশোপাসনয় আরোহণ ককন।

৭। এই প্রস্তাবে যাহা প্রকটন করিলাম তাহার সার-ভাগ সংগ্রহ করিলে সকলেই বুঝিতে পারিবেন যে, এত-দনুসারে কার্য্য করা কিছুমাত্র কঠিন নহে। কেবল একমাত্র শক্তকথা এই যে, সে কার্য্য করিতে কে ত্রতী হইবেন? চতু-র্দিগে বিষয়-ব্যাপারে লোক সকল জড়িত হইয়া আছেন। ı

যাঁহারা ত্রাক্ষ তাঁহারাও পুত্তলিকা পূজায় উৎসাহ দেওয়া পাপ বলেন। পুরোহিতগণের শাসনভয়ে সকল সম্প্রদায়ের লোক যেমন অন্থির আছেন, সেইরূপ আজ কাল, শান্তিপ্রদ উল্পিড হইয়া শভ শত ভ্রান্মকে ব্যতিব্যস্ত করিয়া তুলিয়াছে। এই সকল দেখিয়া শুনিয়া আমরা একপ্রকার নৈরাশ হইয়াছি। তথাপি আমাদের মনে নিঃস্বার্থ আশা হইতেছে বে ত্রান্ধ সমাজের মধ্যকার ও বাহিরের অনেক ত্রন্ধবাদী হাদয়ের সহিত এই প্রস্তাবে অভিমত দিবেন। এমত অনেক ত্রাহ্ম আছেন যাঁহারা এই প্রকার উদার ভাবের ভাবুক এবং এভদনুসারে কার্য্য করিতে ইদ্ধৃক হইবেন। অতঃপর এমত অনেক ত্রাক্ষ আছেন যাঁহারা এখন ত্রাক্ষ সমাজের ভাব ভঙ্গী দেখিয়া স্বভম্ত্র অবস্থিতি করিতেছেন। অনেকে ব্রাহ্মসমাজের শাসনভয়ে, বাহিরে পুত্তলিকা পূজায় সাহায্য করাকে পাপ বলিতেছেন, কিন্তু তাঁহারদের হৃদয় তাহাকে সেরূপ পাপ বলিয়া বুঝিতেছে না; তাঁহারদের হ্বদয় হয় ত সর্বলোকের যথা অধিকার ধর্মোন্নতির কামনা করিতেছে; এমন ত্রান্ধ হয় ত অনেক আছেন যাঁহারা দ্বিবিধ আকর্ষণের মধ্যে পড়িয়া অপার যন্ত্রণা ভোগ করিতেছেন। একদিগে ত্রাক্ষ-সমাজের ভয়ে, ত্রাক্ষনামের অনুরোধে, যজ্ঞোপবীত, জাতি ও বৃদ্ধ পিতামাতাকে পরি-ত্যাগ করা প্রয়োজন হইয়া উঠিয়াছে, অন্যদিগে পরম প্রিরতম-ঈশ্বর-দন্ত ক্ষেহ্-বন্ধন ছিল্ল করিতে হৃদর ফাটিয়া যাইতেছে। এই বিৰুদ্ধঘটনা-চক্রে পড়িয়া তাঁহারা ঈশ্বরের

মঙ্গল-মূর্ত্তি দেখিতে পাইতেছেন না। আনেকে মনে করিতে-ছেন "ঈশ্বরের জন্য সব পরিত্যাগ করা যায়।" অতএব সব পরিত্যাগ করিয়া ত্রান্ধ হওয়া বিধেয়; আবার ভাবি-তেছেন যে যাহা পরিত্যাগ করিতে উদ্যত হইরাছি তাহা কেবল ত্রান্ধ-সমাজের ভয়ে ও অনুরোধে, ত্রন্ধের অনুরোধে নতে; তাঁহারদের হাদয়ই যে কথার প্রমাণ দিতেছে। এমন লোক হয় ত অনেক আছেন যাঁহারদের হৃদয় ত্রন্ধ-জ্ঞানে আলোকিত হইয়াছে, কিন্তু ত্রান্ম-সমাজের বিজাতীয় ভাবগতিক দেখিয়া আকেপ করিতেছেন। এই সর্ব্ব প্রকার लाकरकरे जामना धरे श्रंखादन मर्मानूमात উপদেশक পদে মনে মনে নিঃস্বার্থ ভাবে বরণ করিলাম ৷ তাঁহারাও দেখিবেন যে ঈশ্বর তাঁহারদিগকে পূর্কেই বরণ করিয়া রাখিয়াছেন। অতএব আমরা বিনীত ভাবে পরমেশ্বরের দোহাই দিয়া ধর্মপ্রচারার্থে তাঁহাদিগকে আহ্বান করিতেছি এবং এই অধিকার-ভত্ত দ্বারা তাঁহারদের বিবেক-শক্তির সমুখে নিম্নস্থ কতিপয় সংক্ষেপ ব্যবস্থা উপস্থিত করিয়া मिट्डिं।

वावञ्चा।

- ১। যাহার যেমন ধারণা তিনি পরমেশ্বরকে তেমনি পূজা করিবেন, তাহাতে পাপ নাই।
- ২। ঐরপ অধিকার অনুসারে যাহারা পুতলিকা পূজা করেন, ভাঁহারদের ভাহাতে পাপ নাই। যে প্রচারকেরা

ভাৰাতে নাহায্য করিবেন, ভা্হারদেরও ভাহাতে পাপ হইবেক না।

- ৩। আত্মীয় ও স্বজাতীয় অধিকার অনুসারে, অন্য-দেশীয় ধর্মাতের বিৰুদ্ধে লোকে আত্মার গ্রাহ্যধর্ম বা স্বজাতীয় ধর্মাতের পক্ষপাতী থাকিতে পারে; ভাহাতে পাপ নাহি।
- 81 সাধারণতঃ সেইরপ আফ্রীয় ও সজাতীয় অধিকার অনুসারে এবং বিশেষতঃ জ্ঞানধর্মে হিন্দু শান্তের ওঁদার্য্য, প্রাচীনতা, ও প্রাধান্য বশতঃ ভারতবর্ষীয় লোকের। হিন্দু-শান্ত্র ও হিন্দু-ধর্মের মধ্য দিয়া উন্নত হইবার অধিকার রাখেন, ভাহা পাপ নহে, এবং ভাহাতে যে প্রচারক সাহায্য করিবেন ভাহারও পাপ হইবেক না।
- ৫। হিন্দুধর্মের সমুদয় শাখাই ত্রন্ধ-জ্ঞানের সোপান;
 কিন্ধু উপদেশ অভাবে লোকেরা সেই সোপানেই অবস্থিতি
 করিতেছে, ত্রন্মজ্ঞানে আরোহণ করিতে পারিতেছে না।
 শাস্ত্রের উদ্দেশ্য ব্যর্থ হইতেছে। এখন উপদেশের প্রয়োজন। সবলাধিকারী হইয়া যিনি তাহা না করিবেন বরং
 তাঁহার পাপ হইবেক।
- ৬। যাঁহার যেমন অধিকার তাঁহাকে তদরুযায়ী উপ-দেশ নাদিয়া যে প্রচারক তাঁহাকে কেবল আপন দলে আনি-বার উদ্দেশে তদপেক্ষা অম্প বা উচ্চ ধর্মের উপদেশ করিবেন, তাঁহার বরং তাহাতে পাপ হইবেক।
- ৭৷ হে ত্রন্ধজ্ঞ মহোদয়গণ! আপনারা এখন ত্রান্ধ-নামের অভিমান, ত্রান্দিগের ভয়, ত্রান্মনগাজের অনুরোধ,

রাক্ষসাম্প্রদায়িকতা পরিত্যাগ করিয়া সর্বপ্রকার লোকের মধ্যে শান্তিপ্রদ ধর্মোপদেশ বিস্তার করিতে থাকুন। বিনা আশক্ষায় রাক্ষসমাজে গিয়া পরমেশ্বরের উপাসনা ও ব্রক্ষজান লাভ কহন, বিশেষ যত্নের সহিত রাক্ষসমাজ সমূহকে সর্বা-প্রকার ধর্মাধিকারের পোষক করিয়া তুলুন এবং গৃহের পেতি-লিক পরিবারকে পোত্তলিক ধর্মের আচরণে নির্ভয়ে উৎসাহ দান করত ক্রমে অধিকারের উন্নতি অনুসারে তাহারদিগকে মুক্তিপ্রদ ব্রক্ষজানে দীক্ষিত কহন। তাহা হইলেই চতু-র্ক্মিণে কেবল ধর্মাই বিস্তার হইতে থাকিবেক—চতুর্দিগেই ব্রক্ষজানের পথ মুক্ত হইবেক, ও চতুর্দ্দিগ ধন, ধান্য, শান্তিতে পূর্ণ হইয়া উঠিবেক।

শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।

मण्यूर्व ।

Printed for the Author and publisher by I. C. Bose & Co., Stanhope Priss, 249, Bow. Bazaar Street, Calcutta.